# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Ashar 03, 1433 Bangla, June 17, 2026, Wednesday, No. 162, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has called for a change in culture of vengeance, urging all to focus on contribution to country. (R. Today: 23)

Tarique Rahman has stressed on arranging nationwide sports, cultural activities, and innovative competitions to protect country's youth and future generations from terrible scourge of drugs. (Jago News: 15)

Road Transport and Bridges, Shipping and Railways Minister has announced that 10 more districts of the country will come under rail connectivity. (Jago News: 16)

Road Transport and Bridges Minister has said, government has disbursed Tk 213.56 crore in financial assistance to families of victims killed and injured in road accidents from 2023 to May 2026. (R. Today: 25)

Vitamin 'A' Plus campaign will begin across the country on June 28. (Jago FM: 17)

Health Minister has said, License of Ad-Din Hospital has been cancelled as punishment for death of six newborns due to negligence. (BBC: 09)

LGRD and Cooperatives Minister has said, local government elections may begin in phases from September or October. (BBC: 10)

World Bank has suggested reducing subsidies in Bangladesh's agriculture and increasing investment in research and modernization. (R. Today: 24)

ACC has sent necessary documents to Home Ministry to bring back former Bangladesh Police IGP Benazir Ahmed, arrested by Dubai Police in UAE. (BBC: 10)

Washington and Tehran have virtually signed a memorandum of understanding to end Middle East war. (NHK: 12)

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**আষাঢ় ০৩, বাংলা ১৪৩৩, জুন ১৭, ২০২৬, বুধবার, নং- ১৬২, ৫৬তম বছর**

# শিরোনাম

প্রতিশোধের মানসিকতা থেকে বেরিয়ে এসে সমাজ ও দেশের জন্য ইতিবাচকভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। (রে. টুডে: ২৩)

দেশের যুব সমাজ ও ভবিষ্যৎ প্রজন্মকে মাদকের ভয়াল গ্রাস থেকে রক্ষা করতে দেশব্যাপী খেলাধুলা, সাংস্কৃতিক কর্মকাণ্ড এবং উদ্ভাবনী প্রতিযোগিতার ওপর বিশেষ জোর দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। (জাগো এফএম: ১৫)

দেশের আরও ১০ জেলা রেল যোগাযোগের আওতায় আসছে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতু, নৌপরিবহণ এবং রেলপথমন্ত্রী। (জাগো এফএম: ১৬)

গত তিন বছরের বেশি সময়ে দেশে সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্তদের পরিবারকে মোট ২১৩ কোটি ৫৬ লাখ টাকা আর্থিক সহায়তা দিয়েছে সরকার। (রে. টুডে: ২৫)

আগামী ২৮ জুন সারা দেশে ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন শুরু হচ্ছে বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। (জাগো এফএম: ১৭)

অবহেলার কারণে ছয় নবজাতকের মৃত্যু ঘটনায় শাস্তি হিসেবে প্রথমে আদ্-দ্বীন হাসপাতালের লাইসেন্স বাতিল করা হয়েছে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী। (বিবিসি: ০৯)

চলতি বছরের সেপ্টেম্বর বা অক্টোবরের দিকে পর্যায়ক্রমে বাংলাদেশে স্থানীয় সরকার নির্বাচন শুরু হতে পারে বলে জানিয়েছেন এলজিআরডি ও সমবায় মন্ত্রী। (বিবিসি: ১০)

বাংলাদেশের কৃষিতে ভর্তুকি কমিয়ে গবেষণা ও আধুনিকায়নে বিনিয়োগ বাড়ানোর পরামর্শ বিশ্বব্যাংকের। (রে. টুডে: ২৪)

পুলিশের সাবেক আইজিপি বেনজীর আহমেদকে বাংলাদেশে ফিরিয়ে আনতে প্রয়োজনীয় নথিপত্র স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠিয়েছে দুদক। (বিবিসি: ১০)

ওয়াশিংটন এবং তেহরান যুদ্ধ সমাপ্তির জন্য ভার্চ্যুয়ালি একটি সমঝোতা স্মারকে স্বাক্ষর করেছে জানিয়েছে ট্রাম্প। (এনএইচকে: ১২)

# বিবিসি

## প্রধানমন্ত্রীর দায়িত্বে 'অসম্ভব চাপ' অনুভব করছি : তারেক রহমান

প্রধানমন্ত্রীর দায়িত্বে 'অসম্ভব চাপ' অনুভব করছেন বলে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে মন্তব্য করেছেন তারেক রহমান। তিনি বলেন, "একজন (সাংবাদিক) তার বক্তব্যে বলেছেন, উনি নির্বাচনের পরে বিভিন্ন জায়গায় যাচ্ছেন, উনি মানুষের চোখে-মুখে খুশি দেখেছেন। আমার মনে হয়, একই জিনিস মনে হয় আমিও দেখেছি। কিন্তু তার পরেও অবশ্যই দায়িত্বের একটা চাপ অনুভব করছি। কারণ, এখানে প্রচুর সমস্যা ও সীমাবদ্ধতা রয়েছে। অ্যাট দ্য সেইম টাইম বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের প্রত্যাশা অনেক বেশি। সো অসম্ভব একটা চাপ অনুভব করছি দায়িত্বে।'' মঙ্গলবার বিকেলে ঢাকায় সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠানে এসব কথা বলেন বাংলাদেশের প্রধানমন্ত্রী। রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসস এই খবর জানায়। নিজের বাবা ও বাংলাদেশের সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের প্রসঙ্গ টেনে তারেক রহমান বলেন, "কয়েকদিন আগে আমি অফিস থেকে যখন বাসায় যাচ্ছি, তখন আমার সাথে গাড়িতে যারা ছিল, তখন আমি তাদের বলছিলাম, আব্বা এক সময় উনার একজন সহকর্মীকে বলেছিলেন যে, দিনটা যদি ৪৮ ঘণ্টা হতো, তাহলে আমরা আরেকটু বেটার কাজ করতে পারতাম।" ''আব্বার মতো আমি ওদিন বলছিলাম যে, দিনটা মানে কখন অফিসের ঢুকছি এবং কখন সন্ধ্যা হয়ে যাচ্ছে, একটু বুঝতেই পারছি না। দম ফেলানোর টাইম পাওয়া যাচ্ছে না। সেজন্য আমারও মনে হয়, আসলে দিন ২৪ ঘণ্টা না হয়ে যদি ৪৮ ঘণ্টা হতো, তাহলে একটু ভালো হতো।'' প্রতিহিংসার মানসিকতা বদলানোর আহ্বান জানিয়ে তিনি বলেন, "আমি জেলের মধ্য থেকে এসেছি, আমি শারীরিকভাবে নির্যাতিত হয়েছি, মানসিকভাবে নির্যাতিত হয়েছি। এক্সরে করলে হয়ত দেখা যাবে আমার পিঠের হাড্ডিটা এখনো বাঁকাভাবে একটু লেগে আছে। যেহেতু প্রায় অনেকদিন এটা করে ফেলে রাখা হয়েছিল। প্রোপার টাইমে চিকিৎসা করা হয়নি, সেজন্য হয়ত একটু বাঁকাভাবে রয়ে গিয়েছে। চার সপ্তাহের মধ্যে তিনদিনে হাড্ডি জোড়া লেগে যাবে না।" ''আমি এখন যদি সেজন্য কাউকে দায়ী করে বেড়াই, তবে আমার তো হাড্ডি জোড়া লাগবে না। আমি এখনো যেই পেইনটা মাঝে মাঝে অনুভব করি, আমার সেই পেইনটা চলে যাবে না। সুতরাং ক্ষতি যা হয়ে গেছে, সেটা নিয়ে না ভেবে দেশের কল্যাণের কথা ভাবতে হবে।'' গণমাধ্যমের সঙ্গে তাদের শত্রুতা নেই- এই কথা বিএনপি সরকার বারবার প্রমাণ করেছে দাবি করে তিনি বলেন, "বর্তমান সরকার গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করতে চায়। সরকারের ভুল হতে পারে, গঠনমূলক আলোচনা হোক।'' গণমাধ্যমে সহযোগিতা চেয়ে সাংবাদিকদের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী বলেন, "আমাকে অনেক সাহায্য করতে পারেন। শুধু সরকার একা পারবে না, আপনার সহযোগিতা আমার লাগবে। আপনার সহযোগিতা না পেলে আমি বুঝতে পারবো না যে, কাজটা ভালো হচ্ছে, না খারাপ হচ্ছে।''

(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৬.২০২৬ আলী আহমেদ)

## সংবিধান সংশোধনের জন্য সংসদে কমিটি হলে নাম দেবে না বিরোধী দল : জামায়াত আমির

সংস্কার না করে শুধু সংবিধান সংশোধনের জন্য সংসদে কমিটি গঠন করা হলে সেই সংসদীয় কমিটিতে বিরোধী দল কোনো প্রতিনিধি দেবে না বলে জানিয়েছেন জামায়াতে ইসলামীর আমির ও বিরোধী দলীয় নেতা শফিকুর রহমান। তিনি বলেছেন, সংবিধান সংস্কারের জন্য কমিটি গঠন করা হলে তা বিবেচনা করবে বিরোধী দল। মঙ্গলবার জাতীয় সংসদের এলডি হলে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি একথা জানান। জামায়াতের আমির বলেন, "জনগণের দাবি ছিল সংবিধান সংস্কার। এ জন্যই গণভোট হয়েছে। আমরা বলেছি, ৭০ ভাগ মানুষ যেখানে ভোট দিয়েছে, আমরা সংসদের ভেতরে এসে এটা বদলাতে চাই না। আমরা জনগণের পক্ষে, জনগণের রায়ের পক্ষে। অতএব সংশোধন নয়, সংস্কারের জন্য কমিটি করলে আমরা দেখবো বিবেচনা করব।'' গণভোটের রায় সংসদে সমাধান না হলে রাজপথে হবে বলে মন্তব্য করে জামায়াতের আমির বলেন, "যেটা সংসদে সমাধান হয়, হবে। সংসদে সমাধান না হলে রাজপথে হবে। আমরা জনগণের দাবি ছেড়ে দেব না, ছেড়ে দেওয়ার কোনো অধিকার আমাদের নাই। উই আর কমিটেড। আমরা আমাদের কমিটমেন্ট ভায়োলেট করতে পারি না।''

(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৬.২০২৬ আলী আহমেদ)

## 'একটা অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি তৈরি হয়েছিল, সরকারের পক্ষ থেকে একটা পদক্ষেপ আমি নিয়েছি'

"আমি অলরেডি বলেছি, একটা অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি তৈরি হয়েছিল। সরকারের, রাষ্ট্রের পক্ষ থেকে সেটার একটা ইমিডিয়েট রিয়্যাকশন, একটা পদক্ষেপ আমি নিয়েছি। পরবর্তীতে আমরা কী করবো, সেটা আমি এখনই বলছি না।" ভারতের রাজধানী দিল্লি বিমানবন্দর থেকে ফেরত আসার বিষয়ে সাংবাদিকদের সামনে এই কথা বলেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রীর উপদেষ্টা জাহেদ উর রহমান। একটি সম্মেলনে যোগ দিতে রোববার দিল্লিতে গেলেও ইমিগ্রেশনের বাধার মুখে পড়েন জাহেদ উর রহমান। দিল্লি বিমানবন্দরে তাকে জিজ্ঞাসাবাদ করা হয় এবং তাকে বসে থাকতে হয়। যদিও

বাংলাদেশ হাইকমিশনসহ নানা পক্ষের তৎপরতায় তাকে শেষ পর্যন্ত দিল্লিতে প্রবেশের অনুমতি দেওয়া হয়েছিল, তবে পর শেষ পর্যন্ত ফিরে আসার সিদ্ধান্ত নেন। রাতে শ্রীলঙ্কার কলম্বো যান এবং সোমবার দুপুর নাগাদ ঢাকায় পৌঁছান। পরে ভারতের ভারপ্রাপ্ত হাইকমিশনারকে ডেকে ঢাকার প্রতিবাদপত্র তার হাতে তুলে দেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা। আজ মঙ্গলবার সচিবালয়ে একটি নিয়মিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে জাহেদ উর রহমান দিল্লির ঘটনার ব্যাখ্যা দেন।

**কী ঘটেছিলো?**

জাহেদ উর রহমান বলেন, "বাংলাদেশ ও ভারতের মিডিয়াতে যা যা এসেছে, ঘটনাগুলো এরকমই ঘটেছে। আমি ওখানে একজন ব্যক্তি হিসেবে যাইনি। গেছি সরকারের একজন প্রতিনিধি হিসেবে, রাষ্ট্রের একজন প্রতিনিধি হিসেবে। ফলে আমার সাথে যা হয়েছে, আমার কাছে মনে হলো যে, আমাদের ইন্সট্যান্ট একটা প্রতিবাদ করা দরকার। সে কারণেই আমি ব্যাক করার সিদ্ধান্ত নিয়েছি।" দিল্লি থেকে ফিরে আসার সিদ্ধান্ত এই সিদ্ধান্ত তার একার ছিল, নাকি সরকারের ছিল- এই প্রশ্নে তিনি বলেন, "প্রাথমিকভাবে সিদ্ধান্ত আমার ছিল। কারণ পরিস্থিতি আমি দেখেছি। পরে আলোচনার মাধ্যমে এই সিদ্ধান্ত নিয়েছি।" ভারতীয় কর্তৃপক্ষ "একটা পর্যায়ে খুবই চেষ্টা করেছে," যেন তিনি ভারতে প্রবেশ করেন এবং নিয়মিত কর্মকাণ্ডে অংশ নেন বলেন জানান জাহেদ উর রহমান। "কিন্তু আমি আর সেটা করিনি। কারণ আমার মনে হয়েছে, আমি ব্যক্তি হিসেবে মনে করেছি, তা না। এই সরকারের, মাননীয় প্রধানমন্ত্রীর একজন উপদেষ্টা হিসেবে আমি মনে করেছি। তখন মনে হয়েছে, রাষ্ট্র বা সরকারের পক্ষ থেকে একটা সিগনেচার থাকা দরকার। কারণ ব্যক্তিগতভাবে আমার কখনও এই উদ্দেশ্য নেই যে, এটার মাধ্যমে পাল্টাপাল্টিভাবে কোনো নেগেটিভ পরিস্থিতি তৈরি হোক। আমার মনে হয়েছে, একটা মেসেজ এই দেশ ও এই দেশের বাইরে যাওয়া দরকার। সেটা হলো, এটা শেখ হাসিনা সরকার না," বলেন তিনি।

প্রসঙ্গত, জাহেদ উর রহমানের এই ঘটনায় সোমবারই প্রতিক্রিয়া জানিয়েছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান এবং পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ। "এটা একটা অনাকাঙ্ক্ষিত ঘটনা। দুঃখজনকও বটে। এ বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয় যথাযথ ব্যবস্থা নিচ্ছে," সাংবাদিকদের বলেন পররাষ্ট্রমন্ত্রী। আর পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ সাংবাদিকদের বলেন, "ঘটনাটি অবশ্যই স্বাগত জানানোর মতো নয়। এ ধরনের ঘটনা আমরা প্রত্যাশা করি না।" এদিকে, বাংলাদেশের সরকার বা অন্য দলের যে কারও সঙ্গে তার মতো এ ধরনের ঘটনা ঘটতে পারতো বলেও মন্তব্য করেছেন জাহেদ উর রহমান। "ভারত নয় শুধু, ভবিষ্যতে অন্য যে-কোনো দেশের সাথে এঙ্গেজমেন্টে আমাদের একটা সুস্পষ্ট নীতি আছে। কোনোভাবেই আমরা চাই না, কোনো দেশের সাথে খারাপ কোনো পরিস্থিতি হোক, শত্রুতা তো দূরেই থাকুক। সবার আগে বাংলাদেশ, আমরা বাংলাদেশকে রাখবো, তার মাধ্যমে প্রত্যেকটা দেশের সাথে আমাদের পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে এঙ্গেজমেন্ট হবে। সেটা কোনোভাবেই রাষ্ট্রের আত্মমর্যাদা, আত্মসম্মান বিকিয়ে দিয়ে বা আমার ক্ষতি করে কাউকে কোনো সুবিধা দেওয়া, এই নীতিতে কোনো দেশের সাথেই এই সরকার যাবে না।" বিষয়টি ইতোমধ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়ের কাছে চলে গেছে এবং তারা যা যা করণীয় তা করছে বলেও তিনি জানান।

জাহেদ উর রহমান বলেন, "যখন অ্যাক্টিভিস্ট হিসেবে কথা বলতাম, তখন আমি একটা কথা খুব বলতাম যে, আমরা যেহেতু শক্তিতে-সাইজে তুলনামূলকভাবে ছোটো দেশ। বন্ধু পাল্টানো যায়, প্রতিবেশী পাল্টানো যায় না। এটা সত্য কথা। এই কথাটা ভারতের ক্ষেত্রেও সত্য। তারা চাইলেই আমাদেরকে পাল্টাতে পারছেন না। আমরা তার প্রতিবেশী হিসেবে থেকেই যাচ্ছি। আমি বিশ্বাস করি, তাদের সরকার এটা বুঝবেন যে, অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটেছে।" জাহেদ উর রহমান কূটনৈতিক পাসপোর্ট না নিয়ে ব্যক্তিগত পাসপোর্টে দিল্লি কেন গিয়েছিলেন, সেটাও ব্যাখ্যা দিয়েছেন। "কূটনৈতিক পাসপোর্ট আমি নেইনি। অন্য কোনো কারণে না। এই নিচ্ছি, নেব নেব করতে করতে (দেরি) হয়েছে। তবে কূটনৈতিক পাসপোর্ট কোনো কারণ না। কারণ আমার পাসপোর্টে সার্ক স্টিকার দেওয়া রয়েছে। তার মানে কূটনৈতিক পাসপোর্ট যেভাবে কাজ করে, এটা সেভাবেই ইফেক্টিভ হওয়ার কথা। আমি কূটনৈতিক পাসপোর্ট নিতে বাধ্যও না। আমি নিতে পারি চাইলে। এখানে অন্য কারণ ছিল, যা ইন্ডিয়ান মিডিয়াতেও কম-বেশি এসেছে।" বিমানবন্দরে কী হয়েছিল তার বর্ণনা করেন তিনি। "আমি একটা ডেলিগেটকে লিড করছি, আমার সাথে অন্য মানুষজন ছিলেন। তারা ইমেগ্রেশন পার করে চলে গেলেন। আমার ইমিগ্রেশন যখন শুরু হলো, আমি মুহূর্তেই বুঝতে পারলাম যে, তারা দেরি করছেন। নানানজনের সাথে কথা বলছেন। তাদের সময় লাগছে।"

বিমানবন্দরে জিজ্ঞাসাবাদ প্রসঙ্গে তিনি বলেন, "আমাকে বেশি জিজ্ঞাসাবাদ করা হয় নাই, আমাকে একটা জায়গায় বসতে দেওয়া হয়েছে। সেই বসতে দেওয়াটাও এই রাষ্ট্রের একজন প্রতিনিধি হিসেবে মনে করি, নট স্যুইট্যাবল ফর মি। আমি বসে ছিলাম মূলত, আমায় খুব বেশি কিছু জানানোও হচ্ছিল না। দিল্লিতে নিযুক্ত বাংলাদেশি হাইকমিশনার পুরো সময়টা পাশে ছিলেন জানিয়ে মি. রহমান বলেন, "তিনি তার জায়গা থেকে সলভ করার চেষ্টা করেছেন বিভিন্ন জায়গায় ফোন করে।" "হাইকমিশনার সম্পর্কে বলা হয় যে, তার দুর্বলতা বা গাফিলতি ছিল কি না। কিন্তু আমি ওখানে ল্যান্ড করার পর থেকে আমাদের হাইকমিশনার প্রথম থেকে আমার সাথে ছিলেন। শেষে আমি ইন্ডিয়ান টাইম রাত সাড়ে ১২টায় একটা কলম্বো হয়ে ঢাকায় ফিরেছি। কারণ আমি চাইনি, ভারতের ইমিগ্রেশন ক্রস করবো। সেজন্য আমারও বেশ কিছু ঝুটঝামেলা হয়েছে।" "প্রয়োজন ছিল না, কিন্তু কলম্বোর ফ্লাইটে তুলে দিয়ে হাইকমিশনার বাড়িতে

গেছেন। শ্রীলঙ্কার হাইকমিশনারও এয়ারপোর্টে প্রেজেন্ট ছিলেন। আমি চাইনি, ইমিগ্রেশনের সিলটা নিতে যে, আমি ওখানে প্রবেশ করি নাই। এ কারণে ফেরাটা জটিল হয়েছে, নইলে সহজ হতে পারতো। কেন ভারতীয় কর্তৃপক্ষ এ ধরনের আচরণ করলো- সে বিষয়ে তিনি বলেন, "সমস্যা কী হয়েছে, তা আমি নিজের মুখে বলছি না। কারণ এটা ইন্ডিয়ান মিডিয়ায় যথেষ্ট এসেছে। তারা তাদের সোর্স থেকে খবর-টবর নিয়েছে। কিন্তু দুই ঘণ্টার মাথায় আমি ডিসাইড করেছি যে, ইট'স টু মাচ, আমি আর ঢুকবো না। এই রাষ্ট্রের একটা পদে আছি, সেই পদের প্রতি যে একটা সৌজন্য, তা ল্যাক করেছে বলে আমার মনে হয়েছে। সে কারণেই এই সিদ্ধান্ত।" "যখন আমি পাসপোর্ট ফেরত চাইলাম, তখন তাদের দিক থেকে খুবই আন্তরিকতাপূর্ণভাবে অনুরোধ করেছে। কিন্তু আমার মনে হলো, যা হয়েছে তার একটা প্রতিবাদ রাখা দরকার আছে।" তার ভারতে যাওয়ার তথ্য আগেই জানানো হয়েছিল বলেও জানান প্রধানমন্ত্রীর এই উপদেষ্টা। "আমি যে ওখানে যাবো, এই তথ্য জানানো হয়েছিল, আমাকে নিয়ে সমস্যা থাকলে সেই সমস্যার সমাধান করা বা অবজেকশন আগে দেওয়া, এরকম হলেই হয়তো হতো।" ভবিষ্যতে ভারতে যাওয়ার প্রশ্নে তিনি বলেন, "যদি প্রোপার ইনভাইটেশন পাই, আমি নিশ্চয়ই ভারতে যাবো।" "আমি ভারতের সাথে এঙ্গেজ করতে চাই, লজিক্যালি ও র‍্যাশনালি। ভারতের সাথে এঙ্গেজ করার কথা বললে কারও কারও মনে হয়, আমি দেশ বিকিয়ে দিচ্ছি। বাংলাদেশ বিকিয়ে দিয়ে ভারতের সাথে সম্পর্ক এই সরকার এঙ্গেজ করবে না। সমমর্যাদার ভিত্তিতে ভারতের সাথে ব্যবসা বাণিজ্যসহ অনেককিছুতে উন্নতি করতে চাই, সেই সুযোগ আছে।"

ভারতের সাথে সম্পর্ক যে জায়গায় ছিল, সেখান থেকে অনেকটা স্বাভাবিক হয়েছে জানিয়ে তিনি বলেন, "ইন্টেরিমের সময় সম্পর্ক অনেকটা খারাপ পর্যায়ে গেছে। সেগুলো সরিয়ে রেখে আমরা এঙ্গেজ করতে চাই, ব্যবসা বাণিজ্য করতে চাই। এক্সচেঞ্জ নানা ফর্মে হতে পারে। গঙ্গা পানি চুক্তির মেয়াদ শেষ হচ্ছে এই বছরের ডিসেম্বরে, সেই চুক্তি রিনিউয়াল নিয়ে কথা আছে। তিস্তা চুক্তি নিয়ে কথা আছে, আমাদের অভিন্ন আরও ৫৩টা নদী আছে। সুতরাং, আমাদের রাইট আছে, আমাদের ভারতের সাথে এঙ্গেজ করতে হবে। তাই, এখানে কোনোভাবে যদি রোল প্লে করতে পারি, আমি তা লুফে নেবো।" এই ঘটনায় ভারত কোনো প্রতিক্রিয়া দিয়েছে কি না- এ প্রশ্নে জাহেদ উর রহমান বলেন, "পররাষ্ট্র মন্ত্রণালয় জানে।" (বিবিসি ওয়েব পেজ : ১৬.০৬.২০২৬ আলী আহমেদ)

## সাবেক আইজিপি বেনজীর আহমেদ সংযুক্ত আরব আমিরাতে জামিন চাইলে কী হতে পারে?

সংযুক্ত আরব আমিরাতের সঙ্গে বাংলাদেশের প্রত্যর্পণ সংক্রান্ত কোনো চুক্তি না থাকায় সাবেক আইজিপি বেনজীর আহমেদকে দুবাইয়ে গ্রেফতারের পর থেকে তাকে কী প্রক্রিয়ায় ফেরত আনা হবে, সেই প্রশ্ন সামনে এসেছে। তাকে ওই দেশের আদালতে তাকে হাজির করা হতে পারে এবং তিনি জামিন আবেদন করতে পারেন বলেও জানা গেছে। সংযুক্ত আরব আমিরাতের সংবাদমাধ্যম গালফ নিউজের সাবেক অ্যাসোসিয়েট এডিটর এবং দ্য অ্যারাবিয়ান পোস্টের এক্সিকিউটিভ এডিটর সাইফুর রহমান বিবিসি বাংলাকে জানান, দেশটিতে সরকারি ছুটি শেষে অফিস-আদালতের স্বাভাবিক কার্যক্রম শুরু হয়েছে মঙ্গলবার। সেক্ষেত্রে এখন যদি বেনজীর আহমেদকে আদালতে হাজির করা হয়, তাহলে তিনি জামিন আবেদন করতে পারেন। "সম্ভবত তার আইনজীবীরা আদালতে মুভ করবেন, তার জামিনের জন্য। হয়তে ট্রাভেল ব্যান বা এই জাতীয় যদি কিছু থেকে থাকে, হয়ত দেশেই রাখবে। বাংলাদেশ সরকারের পরবর্তী মুভমেন্টের ওপরে ওনার ভাগ্যটা নির্ধারিত হবে," বলেন সাইফুর রহমান। আদালতের প্রক্রিয়া শুরু হলে পাবলিক প্রসিকিউশন থেকে নির্ভরযোগ্য তথ্য জানা যাবে বলেও জানান তিনি। তবে মঙ্গলবার রাত পর্যন্ত এ সংক্রান্ত কোনো তথ্য বিবিসি বাংলা হাতে পায়নি। মি. রহমান বিবিসিকে বলেন, দুবাই বিমানবন্দর থেকে বেনজীর আহমেদকে গ্রেফতার করার যে খবর পাওয়া যাচ্ছে, সেটি সঠিক নয়, তাকে দুবাই মল থেকে গ্রেফতার করা হয়েছে। মি. আহমেদ দুবাইতেই ছিলেন ও সেখানকার রেসিডেন্ট বলেও জানান তিনি। সাইফুর রহমান জানান, বেনজীর আহমেদ সংযুক্ত আরব আমিরাতে একজন বিনিয়োগকারী হিসেবে রয়েছেন বলেও তথ্য রয়েছে। তবে এ বিষয়ে সংযুক্ত আরব আমিরাতের কর্তৃপক্ষ বা বেনজীর আহমেদের পক্ষ থেকে কোনো বক্তব্য পাওয়া যায়নি। "দুবাইয়ের গোল্ড কার্ড যেটা দশ বছর মেয়াদি, বিনিয়োগকারীদের এই গোল্ড কার্ড দেওয়া হয়। শর্ত পূরণ করলে যে-কোনো বিদেশি নাগরিককে ১০ বছর মেয়াদে গোল্ড কার্ড দেওয়া হতে পারে," বলেন মি. রহমান। তবে বাংলাদেশের সাবেক এই পুলিশ প্রধানকে কীভাবে গ্রেফতার করা হয়েছে বা তাকে নিয়ে অন্যান্য বিষয়ে এখনো দুবাই পুলিশ কোনো বক্তব্য দেয়নি বলেও জানান মি. রহমান।

অন্যদিকে, আইন বিশেষজ্ঞরা বলছেন, সাবেক আইজিপি বেনজীর আহমেদকে বাংলাদেশে প্রত্যর্পণ বা ফেরানোর বিষয়টি মূলত চারটি বিষয়ের ওপর নির্ভর করছে। সংযুক্ত আরব আমিরাতে আইনি পেশায় রয়েছেন বাংলাদেশের সুপ্রিম কোর্টের আইনজীবী ওলোরা আফরিন। তিনি বিবিসি বাংলাকে বলছিলেন, বাংলাদেশের সাথে ইউএই-এর প্রত্যর্পণ চুক্তি না থাকলেও তাকে দেশে ফেরানোর বিষয়টি তাদের আইন, আদালত, কূটনৈতিক তৎপরতা এবং যথাযথ নথিপত্রের ওপরই মূলত নির্ভর করছে। মিজ আফরিন বলেন, "ইন্টারপোলের রেড নোটিশ ইজ নট অ্যান অ্যারেস্ট ওয়ারেন্ট। ইটস জাস্ট এ নোটিশ। বাংলাদেশের সাথে প্রত্যর্পণ চুক্তি না থাকলেও ইউএই কোর্টে মূলত চারটি সুনির্দিষ্ট বিষয়কে কনসিডার করা হয়। সেটা হচ্ছে, যেই অভিযোগে ইন্টারপোলে নোটিশটা এসেছে, বাংলাদেশে যে অপরাধ সংঘটিত হয়েছে, সেটাকে এখানেও ক্রিমিনাল অ্যাক্ট হিসেবে গণ্য করা হবে কি না।"

**যে প্রক্রিয়ায় বেনজীরকে ফেরাতে হবে**

আইনজীবী ওলোরা আফরিন জানান, সাবেক আইজিপির বিরুদ্ধে আনা অভিযোগ রাজনৈতিক, নাকি আসলেই অপরাধমূলক কার্যক্রমে তিনি জড়িত ছিলেন, সেটিও সংযুক্ত আরব আমিরাতের আদালত বিবেচনা করবে। আইনজ্ঞরা বলছেন, সাবেক আইজিপিকে ফেরাতে বাংলাদেশকে সংযুক্ত আরব আমিরাতের আদালতে বেশ কিছু নথি জমা দিতে হবে। গ্রেফতারি পরোয়ানার কপি, মামলা সংশ্লিষ্ট সব কাগজপত্র, অপরাধ সংশ্লিষ্ট সব নথি এবং বাংলাদেশের আদালতের সব আদেশের নথি জমা দিতে হবে আরব আমিরাতের আদালতে। মিজ আফরিন বলেন, এগুলো দেখে, সব প্রক্রিয়া ঠিকঠাক আছে কি না এবং সংযুক্ত আরব আমিরাতের আইনি ব্যবস্থা অনুযায়ী আদালতের কাছে সব নিয়মমতো এসেছে কি না, সেগুলো দেখা হবে। চূড়ান্ত সিদ্ধান্ত সংযুক্ত আরব আমিরাতের আদালতের ওপরই নির্ভর করবে বলেও তিনি জানান। মি. বেনজীরের বিরুদ্ধে দুদকের দায়ের করা ছয়টি মামলা রয়েছে। এর মধ্যে একটি মামলায় চার্জশিট দেওয়া হয়েছে, আরেকটির বিচার চলছে। এছাড়া পাসপোর্ট জালিয়াতিসহ আরো পাঁচটি মামলার তদন্ত চলছে। তার বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের মামলায়ও তদন্ত চলছে। তবে সংযুক্ত আরব আমিরাতে থাকা আইনজীবী মিজ আফরিন বলছেন, কূটনৈতিক এবং আইনি দুইক্ষেত্রেই একইসাথে চেষ্টা চালাতে হবে। "আমি বলবো এটা আসলে, ডিপ্লোমেটিক চ্যানেলেই মূলত বেশি কাজ করবে। সেক্ষেত্রে একটা সিদ্ধান্তে আসতে ইউএই সরকারও বাংলাদেশ সরকারকে সাহায্য করবে। আর এই প্রসেসটা ফলো করলে এটায় আনুমানিক কম-বেশি ৩০ দিনের মতো সময় লাগবে," বলেন এই আইনজীবী।

দুর্নীতি দমন কমিশন বা দুদকের জনসংযোগ কর্মকর্তা আকতারুল ইসলাম বিবিসি বাংলাকে জানিয়েছেন, দুদকের দায়ের করা জ্ঞাত আয়-বহির্ভূত সম্পদ অর্জনের একটি মামলায় তাকে গ্রেফতার করা হয়েছে। পাসপোর্ট জালিয়াতিসহ এই দুইটি মামলায় রেড নোটিশ জারির জন্য ইন্টারপোলে পাঠানো হয়েছিল বলে জানান তিনি। "গ্রেফতার করছে মূলত জ্ঞাত আয়-বহির্ভূত মামলায়। এখন আমাদের পরবর্তী যে কার্যক্রম তাকে ফিরিয়ে আনার ব্যাপারে যে রিকোয়েস্ট লেটার পাঠাতে হবে, তার সাথে সমস্ত ডকুমেন্টসগুলো যুক্ত করে পুলিশ সদর দপ্তর হয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয় হয়ে প্রপার চ্যানেলে যাবে," বলেন মি. ইসলাম। আকতারুল ইসলাম জানান, পুলিশ সদর দফতরের ন্যাশনাল সেন্ট্রাল ব্যুরো বা এনসিবি'র সহায়তায় বেনজীর আহমেদকে দেশে ফেরানোর জন্য প্রয়োজনীয় নথিপত্র প্রস্তুত করা হয়েছে। এসব নথি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে এরই মধ্যে পাঠানো হয়েছে এবং সেগুলো পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে সংযুক্ত আরব আমিরাত সরকারের কাছে পাঠানোর কথা রয়েছে।

**ফেরানো কঠিন হতে পারে কখন?**

বিশ্বের বেশ কিছু দেশে বিদেশি বিনিয়োগকারীদের জন্য শিথিল আইনি ব্যবস্থার উদাহরণ রয়েছে। সংযুক্ত আরব আমিরাতেও এমন উদাহরণ রয়েছে। সাংবাদিক সাইফুর রহমান বলছেন, বেনজীর আহমেদ যদি লিগ্যাল রেসিডেন্ট হন এবং এখানে তার কোনো অপরাধের অভিযোগ না থাকে, সেক্ষেত্রে উনার আইনজীবীরা হয়ত এই যুক্তিটা তুলে ধরতে পারেন। তবে মিজ আফরিন মনে করেন, দুবাইয়ে বিনিয়োগকারী হলেও আইনি শিথিলতা পাওয়া যাবে বিষয়টি এমন নয়। বরং বিষয়টি বাংলাদেশের কূটনৈতিক তৎপরতার ওপর অনেকটাই নির্ভর করে বলে তিনি মনে করছেন। তিনি ঢাকার স্পেশাল ব্রাঞ্চের পুলিশ পরিদর্শক মামুন ইমরান খান হত্যা মামলার অন্যতম আসামি রবিউল ইসলাম ওরফে আরাভ খানের মামলাটির কথা তুলে ধরেন। ২০২৩ সালে সংযুক্ত আরব আমিরাতের স্বর্ণ ব্যবসায়ী বাংলাদেশি নাগরিক রবিউল ইসলামের বিরুদ্ধে ইন্টারপোল রেড নোটিশ জারি করেছিল। কিন্তু তার অন্য দেশের নাগরিকত্ব, অর্থাৎ ভারতীয় পাসপোর্ট থাকার কারণে পরবর্তীতে তাকে বাংলাদেশে ফেরানো যায়নি। মিজ আফরিন বলছেন, "মি. বেনজীর আহমেদ, উনার যদি অন্য কোনো দেশের নাগরিকত্ব থাকে, সেই ক্ষেত্রে হয়ত ওই দেশের সঙ্গে দ্বিপাক্ষিক সমঝোতা কী আছে, সেটাও দেখবে ইউএই।"

**সাবেক আইজিপিকে ফেরানো নিয়ে সরকারের উদ্যোগ**

রোববার জাতীয় সংসদ অধিবেশনে স্বরাষ্ট্রমন্ত্রী মি. আহমেদকে গ্রেফতারের খবরটি জানানোর পাশাপাশি তাকে অতি দ্রুতই দেশে ফিরিয়ে আনা হবে বলে জানিয়েছিলেন। সংসদ অধিবেশনের আগে বিবিসি বাংলাকে স্বরাষ্ট্রমন্ত্রী বলেছিলেন, "প্রত্যর্পণ চুক্তির আওতায় কূটনৈতিক চ্যানেলে তাকে দেশে ফেরত আনার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে প্রস্তাব পাঠানো হবে।" এরই মধ্যে, সোমবার আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম জানিয়েছেন, সাবেক আইজিপি মি. আহমেদের বিরুদ্ধে ট্রাইব্যুনালের জারি করা গ্রেফতারি পরোয়ানা পুলিশের ন্যাশনাল সেন্ট্রাল ব্যুরোকে (এনসিবি) দেওয়া হয়েছে। তিনি জানান, "ইন্টারপোলের কাছে ওয়ারেন্টের কপি যাবে। সেই কপি চেয়ে আমাদের পক্ষ থেকে সরকার ইতোমধ্যে আমার জানা মতে তাকে প্রত্যর্পণ চেয়ে, বিনিময় চেয়ে, ইতোমধ্যে তাকে ফেরত চেয়ে আবেদন জানানো হয়েছে।" সাবেক আইজিপি মি. আহমেদের বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধের প্রায় ছয় থেকে সাতটি মামলার তদন্ত চলছে বলেও জানান তিনি। সোমবার চিফ প্রসিকিউটর আমিনুল ইসলামও প্রত্যার্পণ চুক্তি না থাকলেও, কূটনৈতিক চ্যানেলে মি. আহমেদকে ফেরানোর কথা জানিয়েছেন। মি. ইসলাম বলেন, "বাংলাদেশ সরকারের পক্ষ থেকে যে কয়টি ওয়ারেন্ট আছে, সেগুলো দিয়ে সরকার ইতোমধ্যে কূটনৈতিক চ্যানেলে ইউএই সরকারের কাছে আবেদন করেছে, তাকে বাংলাদেশে ফেরত দেওয়ার জন্য।" "ওখানকার একটা প্রসিডিউর আছে যে, তাদের ৩০ দিনের মধ্যে আমরা যখন কোনো এক্সট্রাডিশনের আবেদন করা হয়, সেখানকার প্রসিকিউটরের কাছে সেটা

উপস্থাপন করা হয়, প্রসিকিউটর এটা আপিল আকারে তাদের আদালতে উপস্থাপন করে, আদালতের অনুমতি সাপেক্ষে সেই বন্দিকে ফেরত পাঠানো হয়।" উল্লেখ্য, ভারত ও থাইল্যান্ডের সাথে বাংলাদেশের এক্সট্রাডিশন চুক্তি রয়েছে।

**রেড নোটিশে ফেরানোর অতীত উদাহরণ**

ইন্টারপোলের ওয়েবসাইটে রেড নোটিশের যে তালিকা দেখা গেছে, সেখানে অবশ্য বাংলাদেশের সাবেক এই আইজিপি বেনজীর আহমেদের নামটি পাওয়া যায়নি। বাংলাদেশের ৫৯ জন ব্যক্তির নাম অবশ্য এই রেড নোটিশের তালিকায় দেখা যাচ্ছে। বিভিন্ন সময়ে বাংলাদেশের আবেদনে শীর্ষ সন্ত্রাসী, হত্যা মামলার আসামি, শেখ মুজিবুর রহমান হত্যা মামলায় দণ্ডপ্রাপ্ত পলাতক আসামিসহ বিভিন্ন মামলার আসামিদের ধরতে ইন্টারপোলের সহায়তা চাওয়া হয়েছে। তবে, বেশিরভাগ ক্ষেত্রেই তাদের দেশে ফেরানো যায়নি। এর মধ্যে, শেখ মুজিবুর রহমান হত্যা মামলায় দণ্ডপ্রাপ্ত আসামি নূর চৌধুরী ও রাশেদ চৌধুরীর বিরুদ্ধে রেড নোটিশ থাকলেও তাদের দেশে ফিরিয়ে আনা সম্ভব হয়নি। এক্ষেত্রে, বাংলাদেশে মৃত্যুদণ্ড কার্যকর হওয়ার শঙ্কায় যে-সব দেশে তারা অবস্থান করছেন সেসব দেশ তাদের ফিরিয়ে দিচ্ছে না, এটাও বলা হয়। তবে, সংযুক্ত আরব আমিরাতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে দেখা যায়, সিকিউরিটি কো-অপারেশন অ্যাগ্রিমেন্ট এবং অ্যাগ্রিমেন্ট অন দ্য ট্রান্সফার অব সেনটেন্সড পারসনস নামে বাংলাদেশের সাথে দেশটির দুইটি চুক্তি রয়েছে। দণ্ডপ্রাপ্ত ব্যক্তিদের জন্য করা এই চুক্তির আওতায় ওই দেশ থেকে বাংলাদেশে আসামি ফেরানোর নজিরও রয়েছে। যেমন- নরসিংদীর শিবপুর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান হারুনুর রশিদ খান হত্যা মামলার আসামিদের বিরুদ্ধে রেড নোটিশ জারি করা হয়েছিল। এর ধারাবাহিকতায় ২০২৩ সালের জুলাইয়ে এই মামলার আসামি মহসিন মিয়াকে ফিরিয়ে আনা হয়। সর্বশেষ গত ৬ মে এই হত্যাকাণ্ডের মূল পরিকল্পনাকারী ও প্রধান আসামি আরিফ সরকারকেও দুবাই থেকে দেশে ফিরিয়ে আনে বাংলাদেশ পুলিশ। এছাড়া, নারায়ণগঞ্জের আড়াই হাজারে সংঘটিত আব্রাহাম খান হত্যা মামলার প্রধান আসামি মোবারক মণ্ডল হত্যাকাণ্ডের পর কাতারে পালিয়ে যান। পরবর্তীতে ইন্টারপোলের রেড নোটিশ জারির মাধ্যমে কাতারে তার অবস্থান শনাক্ত করে এ বছরের ২৭ মে তাকেও দেশে ফিরিয়ে আনতে সক্ষম হয়েছে পুলিশ। (বিবিসি ওয়েব পেজ : ১৬.০৬.২০২৬ আলী আহমেদ)

## লন্ডনে অক্সফোর্ড ইউনিয়নের অনুষ্ঠান ও হাসনাত আব্দুল্লাহকে ঘিরে কী হয়েছে?

জাতীয় নাগরিক পার্টি বা এনসিপি নেতা হাসনাত আব্দুল্লাহ লন্ডন সফরে যাওয়ার পর তাকে ঘিরে বেশ কিছু ঘটনা ঘটেছে, যা বাংলাদেশের রাজনৈতিক অঙ্গনে আলোচনার জন্ম দিয়েছে। ওই সফরে অক্সফোর্ড ইউনিয়নের এক অনুষ্ঠানে তার সাথে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ বা ডাকসু ভিপি সাদিক কায়েম, সাবেক গুম কমিশন সদস্য নাবিলা ইদ্রিস এবং বিএনপির সঙ্গে যুক্ত যুক্তরাজ্যের একটি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ড. আলিয়ার হোসেন যোগ দিয়েছিলেন। অক্সফোর্ড ইউনিয়নের ওই অনুষ্ঠানের সময় অনুষ্ঠানস্থলের বাইরে বিক্ষোভের ঘটনা ঘটেছে। একইসঙ্গে এই অনুষ্ঠানটি নিয়েও সামাজিক মাধ্যমে পাল্টাপাল্টি বক্তব্য দেখা গেছে। প্রশ্ন উঠেছে যে, এই সংগঠনের সাথে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের সম্পর্ক কী কিংবা কতটা। অক্সফোর্ড ইউনিয়ন ই-মেইলে বিবিসি বাংলাকে জানিয়েছে, হাসনাত আব্দুল্লাহদের নিয়ে যেই অনুষ্ঠানটি হয়েছে, সেটি অক্সফোর্ড বাংলা সোসাইটির সহযোগিতায় আয়োজিত হয়েছে; এটি বিভিন্ন সময়ে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের লেখাপড়া করা বাঙালি শিক্ষার্থী বা সেখানে কাজ করা কর্মীদের একটি সংগঠন। এদিকে, দলীয় কর্মসূচিতে অংশ নিতে লন্ডনের হোয়াইট চ্যাপেল এলাকায় হাসনাত আব্দুল্লাহ উপস্থিত ছিলেন এমন একটি জমায়েতকে ঘিরে সোমবার বাংলাদেশে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ সমর্থকদের বিক্ষোভের সময় ডিম নিক্ষেপের ঘটনা ঘটেছে এবং ঘটনাস্থল থেকে পুলিশ কয়েকজনকে আটক করেছে। তবে যুক্তরাজ্য এনসিপির সদস্য সচিব মো. এম এ হিমেল বলছেন, "হাসনাত আব্দুল্লাহকে ঘিরে লন্ডনে আওয়ামী লীগ সহিংসতার চেষ্টা করছে, কারণ আওয়ামী লীগের পতন ও নিষিদ্ধে তিনি ভূমিকা রেখেছেন। যুক্তরাজ্যে সহিংসতার জায়গা নেই। তাই তারা ব্যর্থ হয়েছে। হাসনাত আব্দুল্লাহর সব অনুষ্ঠান সফল হয়েছে।" হাসনাত আব্দুল্লাহর লন্ডন সফর ও অক্সফোর্ড ইউনিয়নের অনুষ্ঠানে যোগদানের প্রতিবাদ করে আওয়ামী লীগ সমর্থকদের বিক্ষোভের একজন সংগঠক সুশান্ত দাস গুপ্ত বিবিসি বাংলাকে বলছেন, "হাসনাত যুক্তরাজ্যের যেখানেই যাবেন, সেখানেই প্রতিবাদ হবে, কারণ বাংলাদেশে মবের মাধ্যমে মানবাধিকার লঙ্ঘনের সাথে জড়িত তিনি।"

**হাসনাতকে ঘিরে বিক্ষোভ**

অক্সফোর্ড ইউনিয়ন গত ১৪ জুন 'দ্য স্টুডেন্ট লেড আপরাইজিং অ্যান্ড দ্য ফিউচার অফ পোস্ট-রিভলিউশনারি বাংলাদেশ' শীর্ষক অনুষ্ঠানের আয়োজন করে। এই অনুষ্ঠানেই বক্তব্য রেখেছেন হাসনাত আব্দুল্লাহ, ডাকসুর ভিপি ও ইসলামী ছাত্র-শিবির নেতা সাদিক কায়েম, যুক্তরাজ্যের একটি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. আলিয়ার হোসেন ও বাংলাদেশে অন্তর্বর্তী সরকারের সময়ে গঠিত গুম কমিশনের সদস্য নাবিলা ইদ্রিস। এই অনুষ্ঠানের ঘোষণার পর থেকেই যুক্তরাজ্যে আওয়ামী লীগের একদল সমর্থক সামাজিক মাধ্যমে এর বিরুদ্ধে প্রচারণা শুরু করে এবং তারা ১৪ জুন অনুষ্ঠান চলাকালে অনুষ্ঠানস্থলের বাইরে প্রতিবাদের কর্মসূচি ঘোষণা করে। "আমরা ৭১ জন নিয়ে সেখানে গিয়ে বিক্ষোভের কর্মসূচি দিয়েছিলাম এবং তাই করেছি," বিবিসি বাংলাকে বলেছেন সুশান্ত দাশ গুপ্ত। তবে অনুষ্ঠানে অন্যতম বক্তা হিসেবে যোগ দেওয়া নাবিলা ইদ্রিস বিবিসি বাংলাকে বলেছেন, "অনুষ্ঠানস্থলের বাইরে একদল প্রটেস্ট করেছে। কিন্তু অনুষ্ঠানস্থলে তার কোনো প্রভাব ছিল না। শান্তিপূর্ণ পরিবেশেই অক্সফোর্ড ইউনিয়নের ওই অনুষ্ঠানে কথা বলেছি

আমরা।” ওই অনুষ্ঠানস্থলের বাইরে বিক্ষোভকারীদের অবস্থান ও কর্মসূচি ছড়িয়ে পড়েছে সামাজিক মাধ্যমে। বিক্ষোভকারীরা হাসনাত আব্দুল্লাহকে উদ্দেশ্য করে নানা বক্তব্য ও স্লোগান দিয়েছেন সেখানে। এরপর গত ১৫ জুন সোমবার হোয়াইটচ্যাপেল এলাকার একটি রেস্তোরায় হাসনাত আব্দুল্লাহর উপস্থিতি ঘিরে বিক্ষোভকে কেন্দ্র করে পাল্টাপাল্টি ঘটনায় ডিম নিক্ষেপ ও কয়েকজনকে আটকের ঘটনা ঘটে। এই ঘটনার ভিডিওতে লন্ডন পুলিশকে কয়েকজনকে আটক করতে দেখা গেছে।

এর আগে, শনিবার হাসনাত আব্দুল্লাহ লন্ডনে বিমানবন্দরে নামার পর যারা তাকে স্বাগত জানিয়েছিলেন, তার মধ্যে ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী নুরুন্নবী। বিবিসি বাংলাকে তিনি বলেছেন, “অক্সফোর্ডের অনুষ্ঠানস্থলের বাইরে রাস্তায় এনসিপি এবং জামায়াত শিবিরের অনেকেই ছিলেন। সেই তুলনায় বিক্ষোভকারীদের সংখ্যা ছিল কম। তবে সোমবার হোয়াইট চ্যাপেলে হাসনাত তার দলীয় কর্মসূচিতে যোগ দিয়েছিলেন; সেখানে আওয়ামী লীগের লোকজন গিয়েছিল, ডিম মারামারি করেছে। তবে হাসনাত আসার আগেই পুলিশ তাদের সরিয়ে দিয়েছে।” সুশান্ত দাশ গুপ্ত বলছেন, “এখানে জামায়াত বা শিবিরের সাদিক কায়েমসহ আরও কয়েকজন এসেছেন। তাদের বিষয়ে তো আমাদের কোনো বক্তব্য নেই। তারা তাদের রাজনীতি করছেন।” এনসিপির যুক্তরাজ্য শাখার সদস্য সচিব এম এ হিমেল বলছেন, “হোয়াইট চ্যাপেলে আমরা হাসনাত আব্দুল্লাহকে গণসংবর্ধনা দিয়েছি। সেখানে আওয়ামী লীগের তিন গ্রুপ এক হয়ে আমাদের ওপর ভ্যান্ডালিজম করার চেষ্টা করেছে। কয়েকজন আটক হয়েছে। তারা যুক্তরাজ্যের আইন ভঙ্গ করেছে। সহিংসতার সুযোগ সেখানে নেই। আমাদের কর্মসূচি সফল হয়েছে “

**অক্সফোর্ড ইউনিয়ন কী বলছে**

এদিকে, হাসনাত আব্দুল্লাহ ও সাদিক কায়েম অক্সফোর্ড ইউনিয়নের আমন্ত্রণে লন্ডনে যাচ্ছেন, এমন খবরে আগে থেকেই সামাজিক মাধ্যমে পাল্টাপাল্টি প্রচার প্রচারণা চলছিল। এরপর একপক্ষ এটিকে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের অনুষ্ঠান, আর অন্য পক্ষ এর সাথে অক্সফোর্ডের কোনো সম্পর্ক নেই- এমন সব প্রচার শুরু করে। ফলে বিতর্ক শুরু হয় অক্সফোর্ড ইউনিয়ন নিয়েও। যদিও অনুষ্ঠানে আলোচক হিসেবে উপস্থিত থাকা নাবিলা ইদ্রিস বিবিসি বাংলাকে বলেছেন যে, তাদের অক্সফোর্ড ইউনিয়ন থেকেই আমন্ত্রণ করা হয়েছিল। “অক্সফোর্ড ইউনিয়নের আমন্ত্রণেই আমরা এসেছি,” বলেছেন তিনি। অনুষ্ঠানটি নিয়ে বিবিসি বাংলার প্রশ্নের জবাবে অক্সফোর্ড ইউনিয়ন নিজেই জানিয়েছে, “অক্সফোর্ড ইউনিয়ন অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আনুষ্ঠানিকভাবে সংযুক্ত নয়। তবে অক্সফোর্ড ইউনিয়নের সদস্য হতে হলে কোনো না কোনো সময়ে এই বিশ্ববিদ্যালয়ের ছাত্র বা কর্মী হিসেবে নিবন্ধিত থাকতে হয়। এই অনুষ্ঠানটির সঙ্গে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব কোনো সম্পৃক্ততা ছিল না; এটি শিক্ষার্থীদের দ্বারাই আয়োজিত হয়েছিল।” অক্সফোর্ড ইউনিয়নের ডিরেক্টর অফ প্রেস তার ই-মেইলে জানান, “১৪ জুনের অনুষ্ঠানটি অক্সফোর্ড বাংলা সোসাইটির সহযোগিতায় আয়োজিত হয়, যা অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের বাঙালি শিক্ষার্থীদের একটি সংগঠন।” অক্সফোর্ড বাংলা সোসাইটির সাবেক সভাপতি আহমেদ মুহতাদি অক্সফোর্ড ইউনিয়নের সদস্য। তিনি ওই অনুষ্ঠানে সঞ্চালকের দায়িত্ব পালন করেছেন। “যখন আমার এক বন্ধু প্রথম আমাকে জানায় যে, অক্সফোর্ড ইউনিয়ন জুলাই বিপ্লব নিয়ে একটি অনুষ্ঠান আয়োজন করতে আগ্রহী এবং আন্দোলনের কয়েকজন গুরুত্বপূর্ণ নেতাকে আমন্ত্রণ জানাতে চায়, তখন আমি এবং বিশ্ববিদ্যালয়ের আরও অনেক বাংলাদেশি শিক্ষার্থী খুবই উচ্ছ্বসিত হয়েছিলাম। একইসঙ্গে আমরা আনন্দিত হয়েছিলাম যে, সাধারণ শিক্ষার্থী সমাজও এই বিষয়টির প্রতি ব্যাপক আগ্রহ দেখিয়েছে,” বিবিসি বাংলাকে বলেন মি. মুহতাদি। “তাই আমি উদ্যোগ নিয়ে অনুষ্ঠানটিকে অক্সফোর্ড বাংলা সোসাইটির সহযোগিতায় আয়োজনের ব্যবস্থা করি, যাতে এর সদস্যরা- অর্থাৎ অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বা কর্মরত বাংলাদেশি বংশোদ্ভূত শিক্ষার্থী ও শিক্ষাবিদরা অনুষ্ঠানে অংশ নিতে পারেন এবং জুলাই বিপ্লব ও তার পরবর্তী ঘটনাপ্রবাহের শীর্ষস্থানীয় ব্যক্তিত্বদের সঙ্গে সাক্ষাৎ করার সুযোগ পান।” যদিও এই অনুষ্ঠানটিকে একপক্ষীয় দাবি করে আগেই অক্সফোর্ড ইউনিয়নের সাথে কথা বলে আলোচনায় তাদেরও অংশ নেওয়ার সুযোগ দাবি করেছিলেন বলে জানিয়েছেন নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগের কেন্দ্রীয় উপ-কমিটির একজন সদস্য সুশান্ত দাশ গুপ্ত। “আমরা তাদের বৈঠকও করেছিলাম। আমরা বলেছিলাম, তোমরা রিভিউ করো কিংবা আমাদের অন্তর্ভুক্ত করো, যাতে সবাই কথা বলার সুযোগ পায়। তারপরেও তারা একপক্ষীয় অনুষ্ঠান করায় আমরা যুক্তরাজ্যের চ্যারিটি কমিশনে আপত্তি জানিয়ে আবেদন করেছি। ২৮ দিনের মধ্যে তাদের এটি নিষ্পত্তি করার কথা রয়েছে,” বিবিসি বাংলাকে বলেছেন মি. গুপ্ত। অক্সফোর্ড ইউনিয়ন অবশ্য বিবিসি বাংলাকে ই-মেইলে জানিয়েছে, “মূল উদ্দেশ্য ছিল ২০২৪ সালের বিপ্লবকে বিশ্লেষণধর্মী ও ভবিষ্যতমুখী দৃষ্টিকোণ থেকে পর্যালোচনা করা। এ লক্ষ্যে, রাজপথে আন্দোলনের নেতৃত্বদানকারী ছাত্র নেতাদের পাশাপাশি বর্তমান শাসক দলের নীতি প্রণয়ন এবং পূর্ববর্তী অন্তবর্তী সরকারের কর্মকাণ্ডে অবদান রাখা খ্যাতিমান শিক্ষাবিদদের একত্রিত করা হয়। এর মাধ্যমে আলোচনায় যেমন প্রত্যক্ষ অভিজ্ঞতার বর্ণনা অন্তর্ভুক্ত হয়েছে, তেমনি কঠোর বুদ্ধিবৃত্তিক বিশ্লেষণও স্থান পেয়েছে।”

(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৬.২০২৬ নারগীস)

## আদ্-দ্বীনের লাইসেন্স বাতিল করে ভুল করিনি : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন বলেছেন, ছয়জন নবজাতকের মৃত্যুর ঘটনায় আদ্-দ্বীন হাসপাতালের লাইসেন্স বাতিলের করে “কোনো ভুল কাজ করা হয়নি।” তিনি বলেছেন, “অবহেলায় ছয় নবজাতকের মৃত্যু ঘটবে

আর তাদের কোনো শাস্তি হবে না, তা হতে পারে না। প্রথমে আমরা লাইসেন্সটা বাতিল করেছি। আমি মনে করি না, কোনো ভুল সিদ্ধান্ত নিয়েছি।" মঙ্গলবার ঢাকার হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ হাসপাতালে একটি অনুষ্ঠানে যোগ দিয়ে এই কথা বলেন তিনি। এই অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী বলেন, "ঈদের মধ্যে বাড়িতে থাকায় তাৎক্ষণিকভাবে সেখানে যেতে পারিনি। তবে পরে সেখানে গিয়ে দেখি, ওই রুমে কোনো জানালা নেই, একটি মাত্র দরজা ঢোকার জন্য। ছয়জন নবজাতকের সঙ্গে একটি ছোটো রুমে ২৫ জনকে রাখা হয়েছে। সেখানে স্বাভাবিকভাবেই অক্সিজেনের পরিমাণ কমে গেছে। আর বাচ্চারা মারা গেছে।'' হাসপাতালের 'অবহেলায়' বিষয়ে মন্ত্রী বলেন, সেখানে ওই সময় কোনো ডাক্তার, নার্স ছিল না। যারা ছিল তারাও বাচ্চাদের মায়েদের কথার গুরুত্ব দেয়নি। তিনি বলেন, "ছয়টা বাচ্চাকে কেয়ারলেসভাবে মেরে ফেলবে, আর শান্তিতে ঘুমাবে অথরিটিকে আঙ্গুল দেখিয়ে, এটা হতে পারে না। দেশটাকে তো কিছু পরিবর্তন আনতে হবে। আমাদের ভেতরেও।" এর আগে, গত ২৭ মে মগবাজারে আদ্-দ্বীন হাসপাতালের পোস্ট ডেলিভারি ওয়ার্ডে একে একে ছয় নবজাতক মারা যায়। এ ঘটনায় স্বাস্থ্য মন্ত্রণালয় গঠিত তদন্ত কমিটি তাদের প্রতিবেদনে হাসপাতাল কর্তৃপক্ষের 'অবহেলার' প্রমাণ পাওয়ার কথা বলা হয়। পরে হাসপাতালটির লাইসেন্সও বাতিল করা হয়। (বিবিসি ওয়েব পেজ : ১৬.০৬.২০২৬ নারগীস)

## সংসদে মাথা ঝুঁকিয়ে সম্মান প্রদর্শনকে 'শিরক' দাবি জামায়াত এমপির

জাতীয় সংসদে প্রবেশের পর মাথা ঝুঁকিয়ে সম্মান প্রদর্শন করা নিয়ে মঙ্গলবার জাতীয় সংসদে বক্তব্য রাখেন বিরোধী দলীয় সংসদ সদস্য ও জামায়াতে ইসলামীর নেতা মো. মুজিবুর রহমান। তিনি এসময় বলেন, মাথা ঝুঁকিয়ে সম্মান প্রদর্শন করা ইসলামের সঙ্গে সাংঘর্ষিক, শিরকের কাছে চলে যায়। বিকেলে অধিবেশন শুরু হওয়ার পরপরই পয়েন্ট অব অর্ডারে দাঁড়িয়ে তিনি বলেন, "কার্যপ্রণালি বিধিতে সংসদে ঢোকার পরে মাথা ঝুঁকিয়ে সম্মান প্রদর্শন করে ঢোকার কথা, এরপরে এটা নিয়ে আলোচনা-পর্যালোচনা হয়েছে, আমিও ছিলাম অতিথি। শেষ পর্যন্ত একটা সংশোধনীর ভেতরে আছে, সেটা হচ্ছে ঝুঁকিয়ে মাথা সম্মান প্রদর্শন করার ব্যাপারটা। এটা ইসলামের সঙ্গে সাংঘর্ষিক, শিরকের কাছে চলে যায়। সেজন্য এটাকে বাদ দেওয়া হয়েছে।'' মি. রহমান বলেন, "আমি মাঝে মাঝে খেয়াল করি সুন্দরভাবে আপনি সালাম দেন, আমরাও জবাবে সালাম দিই। কিন্তু পরবর্তী পর্যায়ে দেখা যায়, এরকম করে ওই আগের ঝুঁকুনিটা এখনো আছে। আপনারাও আছেন, মাননীয় ডেপুটি স্পিকারও আছে। সেজন্য আমি অনুরোধ করি, কার্যপ্রণালি বিধিতে শিরককে উৎখাত করার জন্য যে বিধি করা হয়েছে, আমার মনে হয় সেটা সবার মেনে চলা উচিত। এতে নেকি হবে। গুনাহ থেকে বাঁচা যাবে। কালকে আমরা উপকার লাভ করবো।'' পরে স্পিকার এরপর বলেন, "আমি রুলস অব প্রসিডিউর দেখলাম। তারপর এই বিষয়ে, এটা যার যার ব্যক্তিগত বিষয়, কেউ সালাম দেবেন, কেউ ইয়ে করবে। সারা পৃথিবীতে আছে। তাও আমি দেখবো যে, বিগত সংসদে এটা বাতিল করা হয়েছে কি না? এটা দেখে পরে আমি জানাবো।'' (বিবিসি ওয়েব পেজ : ১৬.০৬.২০২৬ নারগীস)

## সেপ্টেম্বর বা অক্টোবর থেকে স্থানীয় সরকার নির্বাচন শুরু : মির্জা ফখরুল

চলতি বছরের বর্ষা মৌসুমের পর সেপ্টেম্বর বা অক্টোবরের দিকে পর্যায়ক্রমে বাংলাদেশে স্থানীয় সরকার নির্বাচন শুরু হতে পারে বলে জাতীয় সংসদকে জানিয়েছেন স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি জানান, আগামী এক বছরের মধ্যে ইউনিয়ন পরিষদ, পৌরসভা, উপজেলা, জেলা পরিষদ ও সিটি করপোরেশনের নির্বাচন সম্পন্ন করার পরিকল্পনা রয়েছে। মঙ্গলবার জাতীয় সংসদে জামালপুর-৩ আসনের সংসদ সদস্য মোস্তাফিজুর রহমান বাবুলের লিখিত প্রশ্নের জবাবে এসব কথা বলেন স্থানীয় সরকার মন্ত্রী। স্থানীয় সরকার মন্ত্রী জানান, বাজেটের প্রাপ্যতার ওপর ভিত্তি করে পর্যায়ক্রমে এই নির্বাচনগুলো অনুষ্ঠিত হবে। এক্ষেত্রে প্রথমে ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হতে পারে। এর পর ধাপে ধাপে অন্যান্য স্থানীয় সরকার সংস্থার নির্বাচন হবে। নবগঠিত বগুড়া সিটি করপোরেশনসহ দেশের ১৩টি সিটি করপোরেশনের নির্বাচনও একই সময়সীমার মধ্যে সম্পন্ন করা হবে।

''(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৬.২০২৬ আলী আহমেদ)

## ছিনতাইকারী ধরতে গেলে ওসিসহ দুই পুলিশকে কুপিয়ে জখম

ঢাকার আদাবরে চাপাতি ঠেকিয়ে ছিনতাইয়ের ঘটনায় সন্দেহভাজনদের ধরতে গিয়ে চাপাতির আঘাতে জখম হয়েছেন থানার ওসিসহ দুই পুলিশ কর্মকর্তা। পরে পুলিশ গুলি ছুঁড়লে চারজন 'ছিনতাইকারী' আহত হয়েছে বলে জানিয়েছে পুলিশ। ঢাকার তেজগাঁও থানার এডিসি মোহাম্মদ জুয়েল রানা বিবিসি বাংলাকে এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, সকাল সাড়ে ১০টার দিকে আদাবর থানাধীন তুরাগ হাউজিং এলাকায় একটি দোকানে চাপাতি ঠেকিয়ে ছিনতাই করে একটি চক্র। ওই ঘটনার পরপরই ছিনতাইকারীদের ধরতে অভিযানে নামে আদাবর থানা পুলিশ। এডিসি মি. রানা বলেন, "ছিনতাইয়ের ঘটনার খবর পেয়ে আদাবর থানার ওসির নেতৃত্বে একটি টিম অভিযান করে। তখন পুলিশের টিম জানতে পারে তারা একটা ঘরে আছে। তারা আগে থেকেই চাপাতি নিয়ে প্রস্তত ছিল। দরজা খুলতেই তারা চাপাতি নিয়ে ওসি জাহিদুল ইসলামকে কুপিয়ে জখম করে। এসআই বাধা দিতে এলে তাকেও কুপিয়ে জখম করা হয়।" ''তারা যখন বেশি আত্মঘাতী হয়ে যাওয়ার চেষ্টা করে, তখন আমাদের ওসি তার অস্ত্র দিয়ে গুলি করলে দুইজন ছিনতাইকারী গুলিবিদ্ধ হয়। এসময় আরো দুইজন আহত অবস্থায় আটক হয়েছে।'' পুলিশ জানিয়েছে যে, ভবনটিতে আশ্রয় নিয়েছিল

হামলাকারীরা, সেটি ছিল একটি পরিত্যক্ত ভবন। আসামিদের সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়েছে। তাদের বিরুদ্ধে ছিনতাই ও পুলিশের ওপর হামলার ঘটনায় দুইটি মামলা দায়ের করা হবে।
(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৬.২০২৬ নারগীস)

## বেনজীর আহমেদকে ফেরাতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে নথি পাঠিয়েছে দুদক

বাংলাদেশ পুলিশের সাবেক আইজিপি বেনজীর আহমেদকে দেশে ফিরিয়ে আনতে প্রয়োজনীয় নথিপত্র স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠিয়েছে দুর্নীতি দমন কমিশন বা দুদক। বিবিসি বাংলাকে এই তথ্য নিশ্চিত করেছেন দুদকের উপ-পরিচালক ও জনসংযোগ কর্মকর্তা আকতারুল ইসলাম। তিনি জানান, পুলিশ সদর দফতরের ন্যাশনাল সেন্ট্রাল ব্যুরো বা এনসিবি'র সহায়তায় বেনজীর আহমেদকে দেশে ফেরানোর জন্য প্রয়োজনীয় নথিপত্র প্রস্তুত করা হয়েছে। এসব নথি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে এবং সেগুলো পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে সংযুক্ত আরব আমিরাত সরকারের কাছে পাঠানোর কথা রয়েছে। গত ১২ জুন সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে বেনজীর আহমেদ গ্রেফতার হন। পরে দেশটির সরকার ই-মেইলের মাধ্যমে বাংলাদেশ সরকারকে বিষয়টি আনুষ্ঠানিকভাবে অবহিত করে। এ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ গত ১৪ জুন জাতীয় সংসদে বিধি ৩০০-এর অধীনে দেওয়া এক বিবৃতিতে সংসদকে অবহিত করেন। বেনজীর আহমেদ ২০২৪ সালের ৪ঠা মে সপরিবারে দেশ ত্যাগ করেন। পরে ২০২৫ সালে তার বিরুদ্ধে ইন্টারপোলের মাধ্যমে 'রেড নোটিশ' জারি করা হয়।(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৬.২০২৬ নারগীস)

## আমি না থাকলে ইসরায়েলেরও অস্তিত্ব থাকত না : ডোনাল্ড ট্রাম্প

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দাবি করেছেন, তিনি না থাকলে ইসরায়েলের অস্তিত্বই থাকত না। একইসঙ্গে ট্রাম্প ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুকে আরও 'দায়িত্বশীল' হওয়ার পরামর্শ দিয়েছেন। এমন একটি সময়ে প্রেসিডেন্ট ট্রাম্প এই মন্তব্য করেছেন, যখন ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে একটি সমঝোতা নিয়ে ঐকমত্য হয়েছে। তবে ইসরায়েলের অনেক নেতা এই সমঝোতার সমালোচনা করেছেন। ফ্রান্সে অনুষ্ঠিত জি সেভেন সম্মেলনে ট্রাম্প বলেন, "যুক্তরাষ্ট্র না থাকলে ইসরায়েল থাকত না। আর আমি না থাকলেও ইসরায়েল থাকত না, কারণ আমি যা করেছি, তা করতে অন্য কোনো প্রেসিডেন্ট প্রস্তুত ছিলেন না। নেতানিয়াহুর সঙ্গে আমার খুব ভালো সম্পর্ক রয়েছে। তবে এখন লেবাননের বিষয়ে বিবিকে (নেতানিয়াহু) আরও দায়িত্বশীল হতে হবে।" তিনি আরও বলেন, "লেবানন ও হিজবুল্লাহর সঙ্গে ইসরায়েলের আচরণ আমার ভালো লাগেনি। তাদের আরও দ্রুত কাজটি শেষ করা উচিত ছিল। বিষয়টি অনেক বেশি দীর্ঘায়িত হয়েছে। এমন হলে ইরানের সঙ্গে বড়ো ধরনের সমঝোতার ওপর নেতিবাচক প্রভাব পড়তে পারে।"
(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৬.২০২৬ নারগীস)

## মার্চের পর প্রথমবারের মতো জ্বালানি তেলের দাম ৮০ ডলারের নিচে

মার্চের পর প্রথমবারের মতো ব্যারেল প্রতি ৮০ ডলারের নিচে নামলো ব্রেন্ট ক্রুড অয়েলের দাম। যুক্তরাষ্ট্র-ইরান চুক্তির ফলে হরমুজ প্রণালি আবারও উন্মুক্ত হচ্ছে এমন আশার জায়গা থেকে তেলের দাম কমেছে। বতর্মানে বৈশ্বিক মানদণ্ডে ব্রেন্ট ক্রুড অয়েল বা অপরিশোধিত তেলের দাম ব্যারেলপ্রতি ৮০ ডলারের নিচে নেমে ৭৯ দশমিক ৯০ ডলারে দাঁড়িয়েছে। চলতি বছরের মার্চের শুরুর পর এই প্রথম এর দাম ৮০ ডলারের নিচে নামল। যুদ্ধ চলাকালে ব্রেন্ট ক্রুড অয়েলের দাম সর্বোচ্চ ব্যারেলপ্রতি প্রায় ১২০ ডলারে উঠেছিল। বর্তমানে সেটি কমতে শুরু করেছে। যুদ্ধ শুরুর আগে ব্রেন্ট অপরিশোধিত তেলের দাম ছিল ব্যারেলপ্রতি প্রায় ৭০ ডলার।(বিবিসি ওয়েব পেজ : ১৬.০৬.২০২৬ নারগীস)

## লেবাননের ওপর হামলাকে যুক্তরাষ্ট্রের সঙ্গে সমঝোতার লঙ্ঘন হিসেবে দেখবে ইরান

ইরান সতর্কতা উচ্চারণ করে বলেছে যে, লেবাননে ইসরায়েলের যে-কোনো হামলাকে তারা যুক্তরাষ্ট্রের সঙ্গে হওয়া সমঝোতার স্মারকের (মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং) লঙ্ঘন হিসেবে বিবেচনা করবে। ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি বলেছেন, তেহরানের দৃষ্টিতে অর্জিত এই চুক্তির একপক্ষে রয়েছে ইরান ও হিজবুল্লাহ এবং অন্যপক্ষে রয়েছে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল। মি. আরাঘচি জোর দিয়ে বলেন, "লেবাননে যুদ্ধের অবসান সম্পূর্ণ যুদ্ধের অবসানের একটি অবিচ্ছেদ্য অংশ এবং যুদ্ধের অবসান মানেই দখলদারিত্বেরও সমাপ্তি।" তিনি সতর্ক করেন যে, এখন থেকে লেবাননে ইসরায়েলের যে-কোনো হামলা এবং লেবাননের ভূখণ্ডে তাদের দখলদারিত্ব অব্যাহত রাখা "আমাদের দৃষ্টিতে সমঝোতার স্মারক লঙ্ঘন হিসেবে বিবেচিত হবে।" ইসরায়েলের পক্ষ থেকে বলা হচ্ছে, দক্ষিণ লেবাননে তাদের সেনাদের দিকে এগিয়ে আসা "সন্ত্রাসীদের" ওপর তারা হামলা চালিয়েছে, এমন দাবি করার প্রেক্ষাপটে মি. আরাঘচির এই মন্তব্য এসেছে। লেবাননের হিজবুল্লাহও জানিয়েছে, প্রতিক্রিয়া হিসেবে তারা ইসরায়েলি বাহিনীর ওপর ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালিয়েছে। ইরান-যুক্তরাষ্ট্র সমঝোতা চূড়ান্ত হওয়ার ঘোষণা দেওয়ার পর, লেবাননে "নিরাপত্তা অঞ্চল"-এ তাদের বাহিনীর উপস্থিতি অব্যাহত থাকবে বলে জোর দিয়েছে ইসরায়েল। ইসরায়েলের বহু কর্মকর্তা এই সমঝোতার নিন্দা জানিয়েছেন। (বিবিসি ওয়েব পেজ : ১৬.০৬.২০২৬ আলী আহমেদ)

## রেডিও তেহরান

### লেবাননে ইসরায়েলি আগ্রাসন পুরোপুরি বন্ধের দায়িত্ব যুক্তরাষ্ট্রের : আরাঘচি

ইরানের পররাষ্ট্রমন্ত্রী সাইয়েদ আব্বাস আরাঘচি লেবাননের প্রেসিডেন্ট ও পার্লামেন্টের স্পিকারের সাথে পৃথক টেলিফোনালাপে ওয়াশিংটন-তেহরানের সমঝোতার ধারাগুলোর যথাযথ বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করে বলেছেন, লেবাননে ইসরায়েলি আগ্রাসন পুরোপুরি বন্ধের দায়িত্ব যুক্তরাষ্ট্রের। পার্সটুডে জানিয়েছে, ইরানের পররাষ্ট্রমন্ত্রী লেবাননের প্রেসিডেন্ট জোসেফ আউন এবং লেবাননের পার্লামেন্টের স্পিকার নাবি বেরির সাথে আলাদা ফোনালাপে লেবানন কর্তৃপক্ষকে ইসলামাবাদ সমঝোতা স্মারকের ধারাগুলির বিশদ বিবরণ, বিশেষ করে লেবানন সম্পর্কিত বিধান সম্পর্কে অবহিত করেছেন। আরাঘচি লেবাননে যুদ্ধ ও আগ্রাসনের অবসান ঘটাতে ইসলামী প্রজাতন্ত্র ইরানের প্রচেষ্টার কথা উল্লেখ করেছেন এবং সমঝোতার ধারাগুলোর যথাযথ বাস্তবায়ন এবং লেবাননের বিরুদ্ধে ইসরায়েলি আক্রমণ পুরোপুরি বন্ধ করার জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের দায়িত্বের কথা বলেছেন। এই ফোনালাপে লেবাননের কর্মকর্তারাও সাম্প্রতিক সমঝোতা স্মারকের বিধানগুলোকে স্বাগত জানিয়েছেন। তারা এই অঞ্চলে স্থিতিশীলতা প্রতিষ্ঠার যে-কোনো প্রচেষ্টাকে সমর্থন জানিয়ে লেবাননের স্থিতিশীলতা এবং সুরক্ষার উপর জোর দিয়েছে এবং সমঝোতা স্মারকের পাঠ্যে লেবাননের বিরুদ্ধে যুদ্ধ শেষ করার বিষয়টি অন্তর্ভুক্ত করার প্রশংসা করেছে।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ১৬.০৬.২০২৬ নারগীস)

### মার্কিন নৌ অবরোধের অবসান, ইরানি ট্যাংকারগুলো পার হচ্ছে

ইরানের ওপর থেকে নৌ অবরোধ তুলে নেওয়ার পর পাঁচটি ইরানি জাহাজ আন্তর্জাতিক জলসীমা অতিক্রম করেছে। ইরানের সামুদ্রিক খাতের নির্ভরযোগ্য একজন কর্মকর্তা প্রেস টিভিকে দেওয়া এক সাক্ষাৎকারে জানিয়েছেন, তিনটি তেল ট্যাংকার এবং ইরানের অত্যাবশ্যকীয় পণ্যবাহী দুটি জাহাজ নৌ অবরোধ অতিক্রম করেছে। পার্সটুডে জানিয়েছে, ইরানি জাহাজ চলাচলের বিরুদ্ধে মার্কিন যুক্তরাষ্ট্রের অবৈধ নৌ অবরোধ অভিযানের কারণে আটকে পড়া এই জাহাজগুলো কোনো বাধা ছাড়াই আন্তর্জাতিক জলসীমা অতিক্রম করেছে। যুদ্ধবিরতি চুক্তির শর্তগুলো ইরান মেনে নেওয়ার পর সোমবার, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প নৌ অবরোধ তুলে নেওয়ার ঘোষণা দেন। ট্রাম্প এর আগে জোর দিয়ে বলেছিলেন, সমঝোতা ঘোষণার পরপরই হরমুজ প্রণালি এবং অবরোধ একই সাথে খুলে দিতে হবে। তবে, ইরান তা মেনে নেয়নি এবং শুক্রবার সমঝোতা স্বাক্ষরের পর হরমুজ প্রণালি খোলার প্রক্রিয়া শুরু হয়।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ১৬.০৬.২০২৬ নারগীস)

## এনএইচকে

### ওয়াশিংটন এবং তেহরান যুদ্ধ সমাপ্তির জন্য চুক্তিতে স্বাক্ষর করেছে : ট্রাম্প

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সোমবার বলেছেন, যুক্তরাষ্ট্র এবং ইরান তাদের কয়েক মাসব্যাপী লড়াইয়ের অবসান ঘটাতে একটি সমঝোতা স্মারকে স্বাক্ষর করেছে। উল্লেখ্য, এই চুক্তি স্বাক্ষরের অনুষ্ঠানটি শুক্রবার সুইজারল্যান্ডে অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। ফরাসি প্রেসিডেন্ট এমানুয়েল ম্যাক্রনের সঙ্গে জি-৭ শীর্ষ বৈঠকের শুরুতে ট্রাম্প এই চুক্তি নিয়ে মন্তব্য করেন। এভিয়ানে দেওয়া এক ভাষণে ট্রাম্প বলেন, হরমুজ প্রণালি ইতোমধ্যে আংশিকভাবে খুলে দেওয়া হয়েছে। তিনি বলেন, "তারা কিছু মাইন খোঁজার জন্য সামান্য তল্লাশি অভিযান চালাচ্ছে এবং ইতোমধ্যে কিছু মাইন খুঁজেও পেয়েছে, তবে মূলত জাহাজগুলো এখন বের হতে শুরু করেছে। শুক্রবার থেকে এই প্রণালি পুরোপুরি খুলে দেওয়া হবে।" তিনি আরও বলেন, স্বাক্ষরিত নথিটি শুক্রবারের পর কোনো এক সময় প্রকাশ করা হবে। একজন ঊর্ধ্বতন মার্কিন কর্মকর্তা সাংবাদিকদের জানিয়েছেন যে, প্রেসিডেন্ট ট্রাম্প, ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স এবং ইরানের সংসদের স্পিকার মোহাম্মদ বাঘের ঘালিবাফ এই নথিতে স্বাক্ষর করেছেন। এই কর্মকর্তা বলেছেন, হরমুজ প্রণালি ৬০ দিনের জন্য 'টোলমুক্ত' থাকবে এবং তারা আশা করছেন, এটি 'চূড়ান্ত চুক্তির অংশ' হয়ে উঠবে। এদিকে, ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই সাংবাদিকদের বলেছেন, একটি চুক্তিতে পৌঁছানোর অর্থ এই নয় যে, তেহরান যুক্তরাষ্ট্রের কৃতকর্ম ক্ষমা করবে বা ভুলে যাবে। বাঘাই আরও বলেন, লেবাননের যুদ্ধবিরতি এই চুক্তি থেকে আলাদা করা যাবে না। (এনএইচকে ওয়েব পেজ: ১৬.০৬.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### ১০ বছরের শিশু অন্তঃসত্ত্বা, স্বেচ্ছাসেবক দল নেতার বিরুদ্ধে ধর্ষণ মামলা

বাংলাদেশে নেত্রকোনার মোহনগঞ্জে ১০ বছরের এক শিশু অন্তঃসত্ত্বা হয়েছে। এ ঘটনায় স্থানীয় এক স্বেচ্ছাসেবক দল নেতার বিরুদ্ধে ধর্ষণ মামলা হয়েছে বলে জানিয়েছে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলো। মামলাটি গত ২ মে করা হলেও, অভিযুক্ত ওই নেতাকে এখনো গ্রেফতার করতে পারেনি পুলিশ। এ নিয়ে মেয়েটির পরিবার ক্ষোভ প্রকাশ করেছে। অভিযুক্ত আসামির নাম মোহন তালুকদার (২৫)। তিনি মোহনগঞ্জ পৌর স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক পদে রয়েছেন। মোহন তালুকদারের দলীয় পদের বিষয়টি নিশ্চিত করেছেন উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক সোহেল রানা। মামলায় শিশুটিকে কিছুটা মানসিক প্রতিবন্ধী বলে উল্লেখ করা হয়েছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৬.০৬.২০২৬ রনি)

## দুবাই থেকে আসামি ফেরানো নিয়ে আছে সাফল্য, ব্যর্থতা

পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদ দুবাইয়ে গ্রেফতার হয়েছেন। অতীতে দুবাই থেকে আসামি ফিরিয়ে আনতে বাংলাদেশ যেমন সফল হয়েছে, তেমনি আছে পুলিশ হত্যা মামলার আসামি আরাভ খানকে ফেরাতে না পারার উদাহরণও। আসামিদের ফেরত আনার প্রক্রিয়ার সঙ্গে যুক্ত দুই পুলিশ সদস্য নাম প্রকাশ না করার শর্তে ডয়চে ভেলেকে এসব তথ্য দিয়েছেন। ২০২৩ সালে দুবাই থেকে একজন এবং চলতি বছরে দুবাই ও কাতার থেকে একজন করে আসামিকে বাংলাদেশে ফেরত আনা হয়েছে। সেই প্রক্রিয়ার সঙ্গে যুক্ত একজন পুলিশ কর্মকর্তা বলেন, "ইন্টারপোলের রেড নোটিশের মাধ্যমে পলাতক আসামিদের দেশে ফেরানোর উদাহরণ রয়েছে। যেমন নরসিংদীর শিবপুর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান হারুনুর রশিদ খান হত্যা মামলার আসামিদের বিরুদ্ধে রেড নোটিশ জারি করা হয়েছিল। এর ধারাবাহিকতায় ২০২৩ সালের জুলাইয়ে অন্যতম আসামি মহসিন মিয়াকে ফিরিয়ে আনা হয় এবং সর্বশেষ গত ৬ মে এই হত্যাকাণ্ডের মূল পরিকল্পনাকারী ও প্রধান আসামি আরিফ সরকারকেও দুবাই থেকে দেশে ফিরিয়ে আনে বাংলাদেশ পুলিশ। একইভাবে নারায়ণগঞ্জের আড়াই হাজারে সংঘটিত চাঞ্চল্যকর মাথাবিহীন আব্রাহাম খান হত্যা মামলার মূল পরিকল্পনাকারী ও প্রধান আসামি মোবারক মণ্ডল হত্যাকাণ্ডের পর কাতারে পালিয়ে যান। পরবর্তীতে ইন্টারপোলের রেড নোটিশ জারির মাধ্যমে কাতারে তার অবস্থান শনাক্ত করে গত ২৭ মে তাকেও দেশে ফিরিয়ে এনেছে পুলিশ। অর্থাৎ এই উদাহরণ দুটি বলছে, সংশ্লিষ্ট দেশ সহযোগী হলে এবং নথিপত্র শক্ত হলে প্রত্যর্পণ সম্ভব।"

## আরাভ খানকে ফেরানো যায়নি

পুলিশের বিশেষ শাখার পরিদর্শক মামুন এমরান খান হত্যা মামলায় আরাভ খান নামে পরিচিত রবিউল ইসলাম নামে এক ব্যক্তির বিরুদ্ধে রেড নোটিশ জারি করা হয়েছিল। কিন্তু তাকে দেশে ফেরানোর কাজটি জটিল ছিল বলে জানান এক পুলিশ কর্মকর্তা। তিনি বলেন, "তিনি (আরাভ খান) দুবাইয়ে অবস্থান করছিলেন, কিন্তু তাকে দেশে ফেরানো জটিল হয়ে যায়। কারণ, তার কাছে ভারতীয় পাসপোর্ট থাকার তথ্য আসে। অর্থাৎ তিনি বাংলাদেশি নাগরিক হলেও, অন্য দেশের পরিচয়পত্র বা পাসপোর্ট ব্যবহার করায় শেষ পর্যন্ত তাকে ফেরানো যায়নি। এ ধরনের বহুপক্ষীয় জটিলতা প্রত্যর্পণকে দীর্ঘ ও অনিশ্চিত করে। আরেকটি উদাহরণ শীর্ষ সন্ত্রাসী জিসান আহমেদ। ২০১৯ সালে তাকে দুবাইয়ে গ্রেফতারের খবর আসে। বাংলাদেশ তাকে ফেরানোর উদ্যোগ নিয়েছিল, কিন্তু পরে তার অবস্থান নিয়েই অস্পষ্টতা তৈরি হয়। তিনি ভারতীয় ও ডমিনিকান রিপাবলিকের পাসপোর্ট ব্যবহার করছিলেন। শেষ পর্যন্ত তাকে বাংলাদেশে আনা যায়নি। এসব ঘটনা দেখায়, গ্রেফতারসংক্রান্ত খবর থাকলেও সংশ্লিষ্ট দেশের আদালত, পাসপোর্ট, নাগরিকত্ব ও পরিচয়সংক্রান্ত জটিলতা প্রত্যর্পণের পথে বড়ো বাধা হতে পারে।"

## বেনজীর আহমেদের ক্ষেত্রে কী হতে পারে?

ইন্টারপোলের রেড নোটিশের ভিত্তিতে সম্প্রতি বেনজীর আহমেদকে গ্রেফতার করে দুবাই পুলিশ। পুলিশের ন্যাশনাল সেন্ট্রাল ব্যুরোতে (এনসিবি) কাজ করা একাধিক কর্মকর্তা বলছেন, বেনজীর আহমেদকে গ্রেফতারের ঘটনা অবশ্যই বাংলাদেশের জন্য বড়ো অগ্রগতি। তবে এটি শেষ ধাপ নয়। পুলিশের রেড নোটিশে কোনো ব্যক্তি শনাক্ত বা গ্রেফতার হতে পারেন, কিন্তু তাকে নিজ দেশে ফেরত পাঠানো নির্ভর করে যে দেশে তিনি আটক হয়েছেন, সেই দেশের আইন, আদালত, প্রত্যর্পণ-সংক্রান্ত চুক্তি, কূটনৈতিক তৎপরতা এবং মামলার নথিপত্রের গ্রহণযোগ্যতার ওপর। বাংলাদেশের অতীত অভিজ্ঞতা বলছে, ইন্টারপোলের রেড নোটিশ জারি করানো এক বিষয়, পলাতককে দেশে ফেরানো আরেক বিষয়। ইন্টারপোলের ওয়েবসাইটে 'রেড নোটিশের' তালিকায় এখন ৫৯ বাংলাদেশির নাম আছে। তাদের মধ্যে শীর্ষ সন্ত্রাসী, হত্যা মামলার আসামি, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যা মামলার পলাতক দণ্ডিত ও নানা মামলার পলাতক আসামিরা আছেন। কিন্তু তাদের অধিকাংশকে দেশে ফেরানো যায়নি। বাংলাদেশ ও সংযুক্ত আরব আমিরাতের মধ্যে বর্তমানে কোনও কার্যকর দ্বিপাক্ষিক প্রত্যর্পণ (এক্সট্রাডিশন) চুক্তি নেই। তবে ২০১৪ সালে দুই দেশের মধ্যে সই করা 'অ্যাগ্রিমেন্ট অন সিকিউরিটি কো-অপারেশন' এবং 'অ্যাগ্রিমেন্ট অন ট্রান্সফার অব সেন্টেন্সড প্রিজনার্স' বিচারিক সহযোগিতার একটি গুরুত্বপূর্ণ আইনি ভিত্তি তৈরি করেছে। প্রত্যর্পণ চুক্তি না থাকলেও বাংলাদেশের 'এক্সট্রাডিশন অ্যাক্ট, ১৯৭৪'-এর ধারা ৪ অনুযায়ী সরকার চাইলে সংশ্লিষ্ট দেশের সঙ্গে আইনের আওতায় প্রত্যর্পণ প্রক্রিয়া পরিচালনা করতে পারে। সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী মনজিল মোরসেদ ডয়চে ভেলেকে বলেন, "তাকে ফেরানোর এই প্রক্রিয়াটা কঠিন হবে না। কারণ ইন্টারপোলের রেড ওয়ারেন্টের ভিত্তিতে সেখানকার পুলিশ তাকে গ্রেফতার করেছে। তিনি যদি ওখানে কোনো অপরাধ না করে থাকেন, তাহলে তো বুঝতে হবে ইন্টারপোলের নোটিশে তাকে ধরা হয়েছে। এই রেড নোটিশ হয়েছিল আমাদের দুদকের আবেদনের ভিত্তিতে। চিঠিতে তারা সেই কথাটিই জানিয়েছে। অর্থাৎ তাকে ফেরত দেওয়ার এক ধরনের সদিচ্ছা আছে আরব আমিরাতের। ফলে একটু সময় লাগলেও তাকে ফেরত পাওয়ার ব্যাপারে আমি আশাবাদী। এখন সরকারকে বাকি প্রক্রিয়াটা নির্দিষ্ট সময়ের মধ্যে করতে হবে।"

## কাজ শুরু হয়েছে

পুলিশের অতিরিক্ত মহাপরিদর্শক খন্দকার রফিকুল ইসলাম ডয়চে ভেলেকে বলেন, ইতোমধ্যে আমরা দুদকের সঙ্গে বৈঠক করে নথি গোছানোর কাজ শুরু করেছি। কারণ দুদকের মামলার রেড ওয়ারেন্টে তাকে গ্রেফতার করা হয়েছে। আমাদের নথিপত্র গোছাতে কয়েকদিন লাগতে পারে। তবে যত দ্রুত সম্ভব আমরা এগুলো গুছিয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠাবো। সেখান থেকে পাঠানো হবে পররাষ্ট্র মন্ত্রণালয়ে। ৩০ দিনের মধ্যে কাজটা করতে হবে, সেটাও আমাদের মাথায় আছে। এর অনেক আগেই আমরা প্রক্রিয়াটা সম্পন্ন করতে চাই।" বেনজীর আহমেদের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে গুম, খুন ও গণহত্যার অন্তত ১০টি মামলার তদন্ত চলছে। এসব মামলার তথ্য একত্রিত করে পুলিশের ন্যাশনাল সেন্ট্রাল ব্যুরোতে (এনসিবি) পাঠানো হয়েছে বলে জানিয়েছেন ট্রাইব্যুনালের প্রধান কৌঁসুলি মো. আমিনুল ইসলাম। সোমবার প্রসিকিউশন কার্যালয়ে এক ব্রিফিংয়ে তিনি বলেন, "বেনজীর যখন র্যাবের প্রধান ছিলেন, তখন গুমের সাথে যেগুলো (মামলা) অলরেডি চলমান আছে, তার মধ্যে বিচার চলছে। বেনজীরকে শাপলা চত্বরের ঘটনার 'অন্যতম কুশীলব'। তার বিরুদ্ধে আমাদের তদন্ত প্রায় শেষ পর্যায়ে। চট্টগ্রামের একরাম কমিশনার হত্যাকাণ্ড, তার সাথেও তার সরাসরি সম্পৃক্ততা ছিল, সেখানেও তিনি আছেন এবং আরো অন্তত ৭ থেকে ১০টি মামলার তদন্ত চলমান আছে, যেগুলোর প্রত্যেকটার মধ্যে তার সরাসরি সম্পৃক্ততা আছে।" বেনজীরকে দেশে ফিরিয়ে আনতে দুর্নীতির সব নথিপত্র গোছাচ্ছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। স্বরাষ্ট্র মন্ত্রণালয় হয়ে কূটনৈতিক চ্যানেলে এই নথিগুলো দ্রুত পাঠানো হবে বলে জানিয়েছেন দুদকের উপ-পরিচালক ও জনসংযোগ কর্মকর্তা আকতারুল ইসলাম। সোমবার এক ব্রিফিংয়ে তিনি বলেন, দুবাইতে গ্রেফতার হওয়া বেনজীর আহমেদকে দেশে ফিরিয়ে আনতে সব নথিপত্র তৈরির প্রস্তুতি চলছে। দুর্নীতির এসব নথিপত্র চূড়ান্ত করে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে কূটনৈতিক চ্যানেলে পাঠানো হবে। কেননা, প্রমাণ শতভাগ সঠিক না হলে তাকে ফেরানো কঠিন হবে। বেনজীর আহমেদের বিরুদ্ধে রেড নোটিশ জারি হয়েছিল অন্তর্বর্তী সরকারের সময়ে। তখন পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) ছিলেন বাহারুল আলম। ডয়চে ভেলেকে তিনি বলেন, "ইন্টারপোলের কাজ ছিল রেড নোটিশ জারি করা এবং সংশ্লিষ্ট দেশের কর্তৃপক্ষকে বিষয়টি জানানো। এখন বিষয়টি মূলত বাংলাদেশ সরকার ও সংযুক্ত আরব আমিরাত সরকারের মধ্যকার প্রক্রিয়া। কারণ, রেড নোটিশের ভিত্তিতে দুবাই পুলিশ তাকে গ্রেফতার করেছে, কিন্তু দেশে ফেরাতে হলে কূটনৈতিক চ্যানেলে আনুষ্ঠানিক প্রত্যর্পণ অনুরোধ পাঠাতে হবে। রেড নোটিশের ভিত্তিতে কাউকে গ্রেফতার করা গেলেও অনেক সময় তাকে ফেরানো যায় না। কেউ অন্য দেশের পাসপোর্ট ব্যবহার করেন, কেউ বাংলাদেশের নাগরিকত্ব অস্বীকার করেন। এ ধরনের জটিলতায় আগেও পলাতক আসামিদের ফেরানো সম্ভব হয়নি। তাই বেনজীর আহমেদকে ফেরাতে হলে যথাযথ নথিপত্র, পরিচয় নিশ্চিতকরণ এবং নিয়মিত কূটনৈতিক যোগাযোগ খুব গুরুত্বপূর্ণ।" সাবেক রাষ্ট্রদূত নাসিম ফেরদৌস ডয়চে ভেলেকে বলেন, "বেনজীর আহমেদকে ফেরাতে অবশ্যই কূটনৈতিক চ্যানেল ব্যবহার করতে হবে। এক্ষেত্রে প্রত্যর্পণ চুক্তি আছে কিনা, সেটা গুরুত্বপূর্ণ নয়। এখানে কিন্তু ইন্টারপোলের নোটিশের ভিত্তিতে তাকে গ্রেফতারের কথা জানিয়েছে দুবাই পুলিশ। তিনি সেখানে কোনো অপরাধ করেছেন এমন উল্লেখ নেই। আবার ইন্টারপোলেরও কোনো কারাগার নেই যে, তারা আটকে রাখবে। সংশ্লিষ্ট দেশের কারাগারেই তাকে রাখতে হয়। তারা তো আর বিনা কারণে কাউকে আটকে রাখবে না। আমরা যদি পর্যাপ্ত তথ্য-উপাত্ত দিতে পারি, তাহলে তাকে ফিরিয়ে না দেওয়ার কোনো কারণ নেই। তবে এটাও সত্যি যে, তিনি এখনও বাংলাদেশের নাগরিকত্ব রেখেছেন কিনা? যদি অন্য দেশের নাগরিকত্ব নিয়ে নেন, তাহলে খানিকটা ঝামেলা হতে পারে। তবে আশার কথা, আমাদের নাগরিক বলেই তো দুবাই আমাদের জানিয়েছে।"

## বেনজীর আহমেদের বিরুদ্ধে যত মামলা

দুর্নীতি ও পাসপোর্ট জালিয়াতির মামলায় সাবেক আইজিপিকে গ্রেফতার করা হয়েছে। তার বিরুদ্ধে দুর্নীতির ছয়টি মামলা রয়েছে। এর মধ্যে ১৪ কোটি ৬২ লাখ টাকার জ্ঞাত আয়-বহির্ভূত সম্পদ অর্জনের মামলায় বিচার চলছে। বাকি পাঁচটি মামলার তদন্ত চলমান। দুর্নীতি দমন কমিশনের (দুদক) উপ-পরিচালক (মিডিয়া) আকতারুল ইসলাম বলেন, "সরকারি কর্মকর্তা হওয়ার পরও বেনজীর আহমেদ জালিয়াতির মাধ্যমে একাধিক বেসরকারি পাসপোর্ট গ্রহণ করেছিলেন। বেনজীর আহমেদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ প্রকাশ্যে আসার পর গত বছর অনুসন্ধান শুরু করে দুদক। পরে তিনি ও তার পরিবারের সদস্যদের বিরুদ্ধে অবৈধ সম্পদ অর্জন, সম্পদের তথ্য গোপন এবং অর্থনৈতিক অনিয়মের অভিযোগে একাধিক মামলা করা হয়। মামলাগুলোর তদন্তের অংশ হিসেবে আদালতের নির্দেশে বেনজীর আহমেদ ও তার পরিবারের নামে থাকা বিপুল পরিমাণ স্থাবর-অস্থাবর সম্পদ জব্দ এবং ব্যাংক হিসাব অবরুদ্ধ করা হয়। এর মধ্যে ঢাকায় একাধিক ফ্ল্যাট, বিভিন্ন জেলায় শত শত বিঘা জমি, কোম্পানির শেয়ার, ব্যাংক হিসাব ও সঞ্চয়পত্র রয়েছে।" সরকারি চাকরিতে থাকা অবস্থায় সেই তথ্য গোপন করে বেসরকারি চাকরিজীবী হিসেবে বেনজীর আহমেদ পাসপোর্ট নিয়েছিলেন বলে অভিযোগ রয়েছে। ২০১৬ সালে র্যাবের মহাপরিচালক থাকার সময় তিনি এই কাজটি করেছিলেন। ২০২১ সালে মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে র্যাবের সাবেক ও বর্তমান সাত কর্মকর্তার ওপর নিষেধাজ্ঞা দেয় যুক্তরাষ্ট্র। নিষেধাজ্ঞার আওতায় আসা কর্মকর্তাদের মধ্যে বেনজীর আহমেদও ছিলেন, যদিও তখন র্যাবে দায়িত্ব পালন শেষে আইজিপি পদে ছিলেন তিনি। তিনি র্যাবের প্রধান ছিলেন ২০১৫ সালের জানুয়ারি থেকে ২০২০ সালের ১৪ এপ্রিল পর্যন্ত। নিষেধাজ্ঞার মধ্যেই ২০২২ সালের আগস্টে বেনজীর আহমেদ জাতিসংঘের পুলিশপ্রধান সম্মেলনে অংশ নিতে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে যান। তবে সম্মেলনের কার্যক্রমে অংশ নেওয়ার বাইরে ওই সফরে যুক্তরাষ্ট্রের অন্য কোথাও

তিনি যেতে পারেননি। বাংলাদেশের প্রথম পুলিশ কর্মকর্তা হিসেবে ঢাকা মহানগর পুলিশ কমিশনার, র্যাবের মহাপরিচালক এবং পরে পুলিশের মহাপরিদর্শক, এই তিন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছিলেন বেনজীর আহমদ। ২০২০ সালের ১৫ এপ্রিল থেকে ২০২২ সালের ৩০ সেপ্টেম্বর পর্যন্ত আইজিপি পদে ছিলেন। এরপর তিনি অবসরে যান। দুর্নীতির খবর প্রকাশের পর দুদকের অনুসন্ধান শুরু হলে ২০২৪ সালের ৪ মে দেশ ছেড়েছিলেন বেনজীর।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৬.০৬.২০২৬ রনি)

## চুক্তি অনুযায়ী পারমাণবিক পর্যবেক্ষকদের অনুমতি দেবে ইরান : ভান্স

আমেরিকার সঙ্গে শান্তি চুক্তি অনুযায়ী বিশ্বের পারমাণবিক পর্যবেক্ষকদের ঢুকতে দেবে ইরান। সোমবার মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভান্স একথা জানিয়েছেন। এই চুক্তির অন্যতম শর্ত ইন্টারন্যাশানাল অ্যাটমিক এনার্জি এজেন্সি (আইএইএ)-র সঙ্গে সহযোগিতা করা এবং তেহরানের পারমাণবিক অস্ত্র গবেষণা বন্ধ করা। এই বিষয়টি উল্লেখ্য করে সংবাদ মাধ্যম এনবিসি নিউজ ভান্সকে প্রশ্ন করে, ইরান বাইরের পর্যবেক্ষকদের ঢুকতে অনুমতি দেবে কিনা। ভান্স জানান, অবশ্যই দেবে। তিনি জানান, শান্তি চুক্তিতে এই শর্ত খুব পরিষ্কার করে লেখা আছে। রোববার ইরানের সঙ্গে আমেরিকার শান্তি চুক্তি চূড়ান্ত হয়েছে। তবে এখনো এই চুক্তি প্রকাশিত হয়নি। শুক্রবার সুইজারল্যান্ডে দুই দেশের মধ্যে চুক্তি সাক্ষরিত হওয়ার কথা। তার পরেই তা প্রকাশিত হবে বলে জানান ভান্স। অন্যদিকে, ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু সাংবাদিকদের বলেন, ইরানকে আক্রমণ করার ফলে তাদের পারমাণবিক অস্ত্র প্রয়োগ থেকে থামানো গেছে। তিনি বলেন, "আমরা ইসরায়েলকে পারমাণবিক ধ্বংসের হাত থেকে বাঁচিয়েছি।" এই শান্তি চুক্তি সম্পর্কে স্পষ্ট ধারণা না পাওয়া গেলেও, ট্রাম্প জানিয়েছেন, ইরান পারমাণবিক অস্ত্র তৈরি থেকে বিরত থাকবে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৬.০৬.২০২৬ রনি)

## জাহাঙ্গীরনগরে দশ শিক্ষককে বাধ্যতামূলক অবসরসহ ভিন্ন ভিন্ন শাস্তি সিন্ডিকেটের

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় হামলাসহ ক্যাম্পাসে সংঘটিত নানা ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে ১৯ শিক্ষক ও দুই কর্মকর্তার ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নিয়েছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ নীতি-নির্ধারণী ফোরাম সিন্ডিকেট। আজ মঙ্গলবার ভোর পাঁচটার দিকে দীর্ঘ সিন্ডিকেট সভা শেষে নতুন প্রশাসনিক ভবনের একটি কক্ষে সাংবাদিক ও শিক্ষার্থীদের উপস্থিতিতে এ তথ্য জানান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোহাম্মদ কামরুল আহসান। সিন্ডিকেটের সূত্রকে উদ্ধৃত করে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলো জানায়, জুলাই আন্দোলনের সময় হামলায় জড়িত ও মদদদাতা হিসেবে ১৯ শিক্ষক এবং দু-জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ ছিল। সিন্ডিকেটে একজন শিক্ষককে বাধ্যতামূলক অবসর, নয়জন শিক্ষক ও একজন কর্মকর্তাকে পদাবনতি ও বেতন অবনমন, দু-জন শিক্ষককে সতর্কীকরণ এবং সাতজন শিক্ষক ও একজন কর্মকর্তাকে অভিযোগ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৬.০৬.২০২৬ রনি)

## প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা বললেন, 'দিল্লি থেকে ফেরত আসা ইনস্ট্যান্ট প্রতিবাদ'

দিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরে দুই ঘণ্টা অপেক্ষায় রাখার ঘটনাকে 'হয়রানিমূলক' উল্লেখ করে সেখান থেকে ফিরে আসার বিষয়টিকে তাৎক্ষণিক একটা প্রতিবাদ বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচারবিষয়ক উপদেষ্টা জাহেদ উর রহমান। তিনি বলেন, "আমার কাছে মনে হলো, আমাদের ইনস্ট্যান্ট (তাৎক্ষণিক) একটা প্রতিবাদ হওয়া দরকার।" আজ মঙ্গলবার সচিবালয়ে সরকারের কর্মকাণ্ড জানাতে আয়োজিত নিয়মিত সংবাদ সম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে উপদেষ্টা জাহেদ উর রহমান এ কথা বলেন।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৬.০৬.২০২৬ রনি)

# জাগো নিউজ

## কতজনকে ধরবো, কতজনকে চিকিৎসা দেবো, আমাদের সক্ষমতা তো সীমাবদ্ধ : প্রধানমন্ত্রী

দেশের যুব সমাজ ও ভবিষ্যৎ প্রজন্মকে মাদকের ভয়াল গ্রাস থেকে রক্ষা করতে দেশব্যাপী খেলাধুলা, সাংস্কৃতিক কর্মকাণ্ড এবং উদ্ভাবনী প্রতিযোগিতার ওপর বিশেষ জোর দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেছেন, আমাদের তরুণ প্রজন্মের সামনে এখন একটি বড়ো সমস্যা হচ্ছে মাদক। বিশ্বব্যাপী কম-বেশি এ সমস্যা থাকলেও আমাদের এখানে এর প্রকোপ আশঙ্কাজনক। কিন্তু প্রশ্ন হলো, আমরা কতজনকে ধরবো, কতজনকে চিকিৎসা দেব বা কাউন্সেলিং করবো? আমাদের তো সক্ষমতা ও সম্পদের একটা সীমাবদ্ধতা রয়েছে। তাই এ সমস্যার সমাধানে আমাদের বিকল্প পথ খুঁজতে হবে। মঙ্গলবার (১৬ জুন) ঢাকার চীন-মৈত্রী সম্মেলন কেন্দ্র সাংবাদিকদের সঙ্গে আয়োজিত এক মতবিনিময় সভায় তিনি এমন তাগিদ দেন। ভবিষ্যৎ প্রজন্মকে সঠিকভাবে গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করে প্রধানমন্ত্রী বলেন, ১৫ থেকে ২৫ বছর বয়সি তরুণ-তরুণীদের শারীরিক ও মানসিক যে বিপুল শক্তি থাকে, তা ইতিবাচক খাতে ব্যবহারের সুযোগ করে দিতে হবে। আর এর অন্যতম প্রধান মাধ্যম হলো খেলাধুলা ও সংস্কৃতি। অথচ ঢাকা শহরসহ সারা দেশেই এখন খেলার মাঠের তীব্র সংকট। তরুণদের শক্তিকে কাজে লাগাতে সরকারের নেওয়া বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করে সরকারপ্রধান বলেন, আমরা ইতোমধ্যে 'নতুন কুঁড়ি' স্পোর্টস ও সাংস্কৃতিক প্রতিযোগিতা চালু করেছি। সম্প্রতি শেষ হওয়া একটি শিক্ষা বিভাগীয় ইভেন্টে সারাদেশের প্রায় ২২ লাখ

ছেলে-মেয়ে অংশ নিয়েছে। দল-মত নির্বিশেষে সব পরিবারের সন্তানরা এখানে যুক্ত হয়েছে। অথচ দুঃখের বিষয়, এত বড়ো একটি আয়োজন আমাদের দেশের সংবাদমাধ্যমগুলোতে সেভাবে গুরুত্ব পায়নি। শুধু খেলাধুলা নয়, বিজ্ঞান ও প্রযুক্তিতেও তরুণদের মেধা বিকাশের জন্য জেলা ও বিভাগীয় পর্যায়ে উদ্ভাবনী মেলা বা সায়েন্স ফেয়ার আয়োজনের ওপর গুরুত্বারোপ করেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, বছরের নির্দিষ্ট কিছু দিন (যেমন ১৬ ডিসেম্বর বা ২১ ফেব্রুয়ারি) ছাড়া কেন শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে সারা বছর সাংস্কৃতিক বা বিতর্ক প্রতিযোগিতা হয় না! যুব সমাজকে সুস্থ ধারায় ফেরাতে এই চর্চাগুলো সারা বছর চালু রাখতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৬.২০২৬ রিহাব)

## তাজিয়া মিছিলে দা-ছুরি-কাস্তে-বর্শা-তরবারি-লাঠি নিষিদ্ধ : ডিএমপি কমিশনার

ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার মোসলেহ্ উদ্দিন আহমদ বলেছেন, পবিত্র আশুরা উদ্যাপন ও তাজিয়া মিছিলে দা, ছুরি, কাস্তে, বর্শা, বল্লম, তরবারি, লাঠি ইত্যাদি বহন এবং আতশবাজি ও পটকা ফোটানো যাবে না। মঙ্গলবার (১৬ জুন) ডিএমপি হেডকোয়ার্টার্সের সম্মেলন কক্ষে ঢাকা মহানগর এলাকার নিরাপত্তা, আইন-শৃঙ্খলা ও ট্রাফিক ব্যবস্থাপনা সংক্রান্ত সমন্বয় সভায় তিনি এ কথা বলেন। পবিত্র আশুরা উদ্যাপন ও তাজিয়া মিছিলের কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় ডিএমপি কমিশনার বলেন, পবিত্র আশুরার সব কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নে সবাইকে সমন্বিতভাবে দায়িত্ব পালন করতে হবে। কেউ যেন বিশৃঙ্খলা বা আইন-শৃঙ্খলার অবনতি করতে না পারে, সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে। মিছিলে দা, ছুরি, কাস্তে, বর্শা, বল্লম, তরবারি, লাঠি ইত্যাদি বহন এবং আতশবাজি ও পটকা ফোটানো যাবে না। তিনি বলেন, হোসাইনী দালান ইমামবাড়া পুরো এলাকা সিসি ক্যামেরার আওতায় থাকবে। যে-কোনো দুর্ঘটনা প্রতিরোধে পুরো এলাকা ডগ স্কোয়াড ও ম্যানুয়ালি সুইপিং করা হবে। প্রবেশপথে আর্চওয়ে ও মেটাল ডিটেক্টরের মাধ্যমে তল্লাশি করা হবে। ইউনিফর্মধারী পুলিশের পাশাপাশি সাদা পোশাকে পুলিশ থাকবে। অনুষ্ঠানের সার্বিক নিরাপত্তার জন্য ঢাকা মেট্রোপলিটন পুলিশ সর্বদা সচেষ্ট থাকবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৬.২০২৬ রিহাব)

## আওয়ামী লীগ ও গণতন্ত্র কখনও একসঙ্গে যায়নি : ফখরুল

আওয়ামী লীগ ও গণতন্ত্র কখনও একসঙ্গে যায়নি এবং যাবেও না বলে মন্তব্য করেছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী এবং বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সংবাদপত্রের কালো দিবস উপলক্ষ্যে মঙ্গলবার (১৬ জুন) রাজধানীর জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত এক আলোচনা সভায় এ কথা বলেন তিনি। মির্জা ফখরুল বলেন, বিএনপি বিপ্লবী দল নয়, এটা লিবারেল ডেমোক্রেট পার্টি, যা সবাইকে ধারণ করে। এসময় বন্ধ হয়ে যাওয়া সংবাদপত্র পুনরায় চালুর চেষ্টা করতে হবে উল্লেখ করে বিএনপির মহাসচিব বলেন, বর্তমান সরকার সংবাদপত্রের স্বাধীনতা নিশ্চিতে কাজ করছে। অন্যদিকে, মালিকপক্ষের লোকেরা অনেক সাংবাদিকদের চাকরিচ্যুত করছেন। তিনি বলেন, একটি গোষ্ঠী মাথাচাড়া দিয়ে উঠছে। যারা সামাজিক যোগাযোগ মাধ্যমে বিএনপি ও সরকারের বিরুদ্ধে ব্যাপক অপপ্রচার চলাচ্ছে। সবাই মিলে এসব অপপ্রচার রুখে দিতে হবে। সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন। এসময় ফেডারেল সাংবাদিক ইউনিয়ন, জাতীয় প্রেস ক্লাব এবং ঢাকা সাংবাদিক ইউনিয়নের নেতারা উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৬.২০২৬ রিহাব)

## রেল যোগাযোগের আওতায় আসছে আরও ১০ জেলা : রেলমন্ত্রী

দেশের আরও ১০ জেলা রেল যোগাযোগের আওতায় আসছে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতু, নৌপরিবহণ এবং রেলপথমন্ত্রী শেখ রবিউল আলম। মঙ্গলবার (১৬ জুন) সচিবালয়ে তথ্য অধিদপ্তরের (পিআইডি) সম্মেলন কক্ষে সংবাদ সম্মেলনে মন্ত্রী এ কথা জানান। ঢাকার পার্শ্ববর্তী ও দেশের দক্ষিণাঞ্চলের ১০ জেলা রেল সেবা সম্প্রসারিত হচ্ছে বলেও জানিয়েছেন মন্ত্রী। তবে রেলপথ মন্ত্রণালয় থেকে জানা গেছে- শেরপুর, মেহেরপুর, মাগুরা, সাতক্ষীরা, বরিশাল, বরগুনা, পটুয়াখালী, ঝালকাঠি, পিরোজপুর ও লক্ষ্মীপুর জেলা রেল যোগাযোগের আওতায় আসছে। রেলমন্ত্রী বলেন, “প্রধানমন্ত্রীর উদ্যোগে এবং সভাপতিত্বে আজ রেল মন্ত্রণালয়ের সর্বশেষ কার্যক্রম এবং সামগ্রিক কানেক্টিভিটি, সামগ্রিক সেবা কী পর্যায়ে আছে এবং উত্তরণের জন্য কী পদক্ষেপ নেওয়া হয়েছে, কী কার্যক্রম চলমান আছে এবং আগামীতে কী কার্যক্রম গ্রহণ করা হয়েছে, সে বিষয়ে একটা মিটিং ছিল। প্রধানমন্ত্রী সেটা জেনেছেন, দেখেছেন, বুঝেছেন এবং তার মতামতও যুক্ত করেছেন। সেই সামগ্রিক যোগাযোগ কানেক্টিভিটি এবং সেবার মান নিয়ে একটা পর্যালোচনাপূর্বক বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়েছে।” তিনি বলেন, “এরই মধ্যেই আমরা বড়ো কয়েকটি প্রকল্প বাস্তবায়ন করতে চলেছি যেমন : আখাউড়া-সিলেট, সিরাজগঞ্জ-বগুড়া সেটাতো আছেই, অ্যাট দা সেম টাইম আমাদের ধীরাশ্রমে একটা আইসিডি কন্টেইনারের প্রকল্প এরই মধ্যে পাস হয়েছে এবং ঢাকা থেকে চট্টগ্রামে যাওয়ার যে রাস্তা, সেটা কিছু মিটারগেজ কিছু হচ্ছে আপনার ব্রডগেজ। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৬.২০২৬ রিহাব)

## আদ্-দ্বীন ফাউন্ডেশনের নির্বাহী পরিচালকের পদত্যাগ, দায়িত্বে জামালুন্নেসা

আদ-দ্বীন মেডিকেল কলেজ হাসপাতালে সম্প্রতি ঘটে যাওয়া শিশু মৃত্যুর অনাকাঙ্ক্ষিত ঘটনার পরিপ্রেক্ষিতে ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক ডা. শেখ মহিউদ্দিন তার দায়িত্ব থেকে স্বেচ্ছায় পদত্যাগ করেছেন। পরিচালনা পর্ষদ এই দায়িত্ব ন্যস্ত করেছে অধ্যাপক জামালুন্নেসার ওপর। মঙ্গলবার (১৬ জুন) আদ্-দ্বীন ফাউন্ডেশনের পরিচালক-

কোম্পানি অ্যাফেয়ার্স তারিকুল ইসলাম মুকুলের সই করা এক প্রেস বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে জানানো হয়, নতুন দায়িত্ব পাওয়া অধ্যাপক জামালুন্নেসা বিগত ২৫ বছরের অধিক সময় ধরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অণুজীব বিজ্ঞান বিভাগে শিক্ষকতা করে সম্প্রতি স্বেচ্ছায় অবসর নিয়েছেন। তিনি ১৯৮৮ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অণুজীব বিজ্ঞান বিভাগ থেকে প্রথম শ্রেণিতে প্রথম স্থান অধিকার করে মাস্টার্স ডিগ্রি অর্জন করেন এবং পরবর্তীতে লন্ডন স্কুল অব হাইজিন অ্যান্ড ট্রপিকাল মেডিসিন থেকে পিএইচডি লাভ করেন। বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, সম্প্রতি আদ্-দ্বীন মেডিকেল কলেজ হাসপাতালে ঘটে যাওয়া শিশু মৃত্যুজনিত অনাকাঙ্ক্ষিত ঘটনায় দেশের মানুষের সঙ্গে প্রতিষ্ঠান কর্তৃপক্ষও গভীরভাবে শোকাহত। এরই মধ্যে প্রাথমিক তদন্তের ভিত্তিতে দায়িত্বে অবহেলার অভিযোগে সংশ্লিষ্ট কর্মীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়া তদারকি ব্যবস্থা জোরদার এবং প্রোটকল পুনর্মূল্যায়নের উদ্যোগ নেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৬.২০২৬ রিহাব)

## সিঙ্গাপুরে বিপিসির কর্মশালা নাকি প্রমোদভ্রমণ!

বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি) সারা দেশে তিন বিপণন প্রতিষ্ঠান পদ্মা অয়েল, মেঘনা পেট্রোলিয়াম ও যমুনা অয়েলের ডিপোগুলোকে অটোমেশনের আওতায় আনার প্রক্রিয়া শুরু করেছে। প্রকল্পের সম্ভাব্যতা যাচাই (ফিজিবিলিটি স্টাডি), আর্কিটেকচারার ডিজাইন তৈরি এবং প্রকল্পের নিরাপত্তা ও কার্যক্ষমতা নিশ্চিত করতে হ্যাজার্ড অ্যান্ড অপারেবিলিটি স্টাডি (হেজপ) প্রশিক্ষণ কর্মশালায় অংশ নিতে সিঙ্গাপুর যাচ্ছেন ২০ কর্মকর্তা। তাদের মধ্যে তিন মাস পর অবসরে যাবেন এমন কর্মকর্তাও রয়েছেন সফর তালিকায়। বিপিসি ইতোমধ্যে ১৩ হাজার কোটি টাকা ব্যয়ে শতভাগ অটোমেটেড তিনটি প্রকল্প বাস্তবায়ন করেছে। এর মধ্যে শতভাগ অটোমেটেড ডিপোও রয়েছে। এসব ডিপো থেকে অভিজ্ঞতা না নিয়ে ২০ কর্মকর্তাকে বিদেশ সফরে পাঠানো অর্থের অপচয় হচ্ছে বলে অভিযোগ সমালোচকদের। পাশাপাশি সরাসরি বিপিসির স্থায়ী কোনো কর্মকর্তাকে এ সফরে না রাখায় ক্ষোভের সঞ্চার হয়েছে প্রতিষ্ঠানটিতে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৬.২০২৬ রিহাব)

## দুই ঘণ্টা পর তেজগাঁওয়ে সড়ক ছাড়লেন শ্রমিকরা, যানবাহনের চাপ

রাজধানীর তেজগাঁও শিল্পাঞ্চল এলাকায় প্রায় দুই ঘণ্টা পর সড়ক ছেড়েছেন বকেয়া বেতনের দাবিতে আন্দোলনরত পোশাক শ্রমিকরা। তবে শ্রমিকরা সড়ক থেকে সরে গেলেও ওই এলাকায় যানজট সৃষ্টি হয়েছে। ট্রাফিক তেজগাঁও বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) মো. রফিকুল ইসলাম জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করে বলেন, দুপুর সাড়ে ১২টার দিকে শ্রমিকরা মূল সড়ক ছেড়ে দিয়েছেন। তবে দীর্ঘক্ষণ সড়ক বন্ধ থাকায় যানবাহনের চাপ রয়েছে। স্বাভাবিক হতে আরও কিছুটা সময় লাগবে। এর আগে, মঙ্গলবার (১৬ জুন) সকাল সাড়ে ১০টার দিকে বকেয়া বেতনের দাবিতে পোশাক শ্রমিকরা লাভ রোডসংলগ্ন মূল সড়কে অবস্থান নিয়ে বিক্ষোভ শুরু করেন। এতে সংশ্লিষ্ট সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। তেজগাঁও শিল্পাঞ্চল থানা পুলিশ জানায়, পোশাক শ্রমিকরা লাভ রোডসংলগ্ন প্রধান সড়কে নেমে আসেন। তারা সড়কের ওপর অবস্থান নিয়ে বিক্ষোভ শুরু করেন। এতে সংশ্লিষ্ট সড়কে যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। আশপাশের সড়কেও যানজট ছড়িয়ে পড়ে। অবরোধের কারণে মূল সড়কের দুই পাশে যানবাহনের দীর্ঘ সারি তৈরি হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৬.২০২৬ রিহাব)

## শিগ্গির ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন শুরু হচ্ছে : স্বাস্থ্যমন্ত্রী

সারা দেশে শিগ্গির ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন শুরু হচ্ছে বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন বকুল। মঙ্গলবার (১৬ জুন) রাজধানীর হলি ফ্যামিলি মেডিকেল কলেজে 'হামের চিকিৎসা পদ্ধতি ও ক্লিনিক্যাল ম্যানেজমেন্ট গাইডলাইন' বিষয়ক আলোচনা সভা শেষে সাংবাদিকদের এ তথ্য জানান তিনি। তবে মন্ত্রণালয় সূত্র জানিয়েছে, আগামী ২৮ জুন এই ক্যাম্পেইনের আয়োজন করা হচ্ছে। আজকের অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী সাখাওয়াত হোসেন বলেন, সারাদেশে একযোগে ভিটামিন 'এ' ক্যাম্পেইন চালু হবে। ক্যাম্পেইনটি সফল করতে কাজ করছি। আগামী ৩-৪ দিনের মধ্যে সুনির্দিষ্টভাবে জানানো হবে, ঠিক কবে থেকে এটি শুরু হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৬.২০২৬ রিহাব)

## পুলিশ ক্লিয়ারেন্সের টাকা নিলে চাকরি করতে পারবে না : পুলিশ সুপার

ফেনীর নবাগত পুলিশ সুপার প্রত্যুষ কুমার মজুমদার বলেছেন, পুলিশ ক্লিয়ারেন্সের জন্য টাকা নিলে এ জেলায় চাকরি করতে পারবে না। তবে বিষয়টি খতিয়ে দেখতে হবে- টাকাটা কোনো কম্পিউটার দোকান নিচ্ছে, নাকি পুলিশের কেউ নিচ্ছে। এ বিষয়ে আপনাদেরও নজর রাখতে হবে। মঙ্গলবার (১৬ জুন) সকালে ফেনীতে কর্মরত গণমাধ্যম কর্মীদের সঙ্গে মতবিনিময় ও পরিচিতি সভায় ফেনীর নতুন পুলিশ সুপার (এসপি) প্রত্যুষ কুমার মজুমদার এসব কথা বলেন। সভায় নবাগত পুলিশ সুপারকে ফেনীর সামগ্রিক বিষয়ে ধারণা দেন সাংবাদিকরা। বক্তব্যকালে পুলিশ সুপার আরও বলেন, ফেনীর মানুষকে নিরাপত্তা দেওয়ার দায়িত্ব পালন করবো। যাতে করে ফেনীর মানুষ আমাকে নিয়ে খুশি থাকতে পারে। এ জেলায় অপরাধ করে কেউ ছাড় পাবে না এবং আর কোনো নিরীহ লোককে ফাঁসানো হবে না। এই গ্যারান্টি ফেনীর মানুষকে দিচ্ছি। থানায় থানায় পুলিশ ক্লিয়ারেন্সের জন্য পুলিশ অথবা বাহিরের কেউ টাকা নিলেই ব্যবস্থা নেওয়া

হবে। তিনি আরও বলেন, মাদকের চাহিদা থাকায় এটি বন্ধ করা যাবে না। তবে এটি নিয়ন্ত্রণে সর্বোচ্চ কাজ করবে পুলিশ। কিশোর গ্যাং নিয়ন্ত্রণের জন্য পরিবার ও সমাজ থেকে সহযোগিতা নিয়ে পুলিশ কাজ করবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৬.২০২৬ রিহাব)

**এআই মামলা ঘিরে বিআরটিএ'র নামে প্রতারণা, ওটিপি নিয়ে ৭ লাখ টাকা আত্মসাৎ**

বিআরটিএ'র ওয়েবসাইটের আদলে ভুয়া ওয়েবসাইট তৈরি করে ট্রাফিক আইন লঙ্ঘনের অভিযোগে জরিমানা আদায়ের নামে ব্যক্তিগত ও ব্যাংকিং তথ্য হাতিয়ে প্রতারণা করে আসছিল একটি চক্র। এই চক্রের তিন সদস্যকে গ্রেফতার করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। অফিসের ব্যস্ততা কিংবা দিনের কর্মব্যস্ততার মাঝে হঠাৎ মোবাইল ফোনে একটি এসএমএস 'আপনার গাড়ি ট্রাফিক সিগন্যাল অমান্য করেছে, জরিমানা পরিশোধ না করলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।' সঙ্গে দেওয়া বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষের (বিআরটিএ) ওয়েবসাইটের মতো দেখতে একটি ভুয়া লিংক। সরকারি প্রতিষ্ঠানের নাম ও আইনি ঝামেলার ভয় দেখিয়ে এমন বার্তার মাধ্যমে সাধারণ মানুষের ব্যাংক হিসাব খালি করে আসছিল এই সংঘবদ্ধ প্রতারক চক্র। গ্রেফতাররা হলেন- মো. রাব্বি শেখ (২৪), মো. রিয়াদ হোসেন (৩১) এবং মো. সাজ্জাদ হোসেন (৩১)। গতকাল সিআইডির সাইবার পুলিশ সেন্টারের (সিপিসি) পৃথক অভিযানে প্রযুক্তিগত তদন্ত ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে তাদের গ্রেফতার করা হয়। মঙ্গলবার (১৬ জুন) দুপুরে রাজধানীর মালিবাগে সিআইডির সদরদপ্তরে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সিআইডির সাইবার পুলিশ সেন্টারের উপ-মহাপরিদর্শক (ডিআইজি) সানা শামিনুর রহমান এসব তথ্য জানান।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৬.২০২৬ রিহাব)

**যত বাধাই আসুক নগরীর উন্নয়নে ভালো কাজ করবো : ডিএনসিসি প্রশাসক**

যত বাধা-বিপত্তি ও ষড়যন্ত্রই আসুক না কেন, নগরবাসীকে সঙ্গে নিয়ে উন্নয়নমূলক সব ভালো কাজ চলমান রাখবেন বলে জানিয়েছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) প্রশাসক মো. শফিকুল ইসলাম খান। মঙ্গলবার (১৬ জুন) রাজধানীর মিরপুরে 'শিশু সুরক্ষায় ও যুব কর্তৃক গৃহীত পদক্ষেপ প্রদর্শন' শীর্ষক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা জানান। ওয়ার্ল্ড ভিশন এই অনুষ্ঠানের আয়োজন করে। ডিএনসিসি প্রশাসক বলেন, ৪১ বছর রাজনৈতিক জীবনে অনেক বাধা-বিপত্তি পেরিয়ে আজ আমি এখানে এসেছি এবং ভালো কাজের ক্ষেত্রে অনেক বাধা-বিপত্তি থাকে। এক্ষেত্রে থেমে থাকলে চলবে না, সামনের দিকে এগিয়ে যেতে হবে। তিনি অনুষ্ঠানে উপস্থিত সব শিশু ও অভিভাবককে নগর উন্নয়নে ভালো কাজ করার আহ্বান জানান এবং ভালো কাজের ক্ষেত্রে সবার পাশে থাকার অঙ্গীকার করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৬.২০২৬ রিহাব)

**পল্লবীতে গোলাগুলি, ১৩ মামলার আসামি 'টান আকাশ' গ্রেফতার**

রাজধানীর পল্লবীতে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে সংঘটিত গোলাগুলির ঘটনায় কুখ্যাত সন্ত্রাসী হিসেবে পরিচিত ১৩ মামলার আসামি মো. আকাশ ওরফে টান আকাশকে গ্রেফতার করেছে র‌্যাব। মঙ্গলবার (১৬ জুন) র‌্যাব-৪ এর অতিরিক্ত পুলিশ সুপার (মিডিয়া) কে এন রায় নিয়তি এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, গত ১০ জুন মিরপুর পল্লবীর অ্যাভিনিউ-৫ এলাকায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে 'ল্যাংড়া রুবেল' দলের সদস্যদের মধ্যে অভ্যন্তরীণ দ্বন্দ্বের জেরে সংঘর্ষের ঘটনা ঘটে। এসময় টান আকাশ, গাল কাটা রাব্বি, আল-আমিন, র্যাপার পারভেজসহ কয়েকজন বিদেশি আগ্নেয়াস্ত্র প্রদর্শন ও গুলি চালায় বলে অভিযোগ রয়েছে। এ ঘটনায় হৃদয় ওরফে গন্ডার নামে একজন আহত হন এবং আব্দুল্লাহ নামে এক ব্যক্তিকে অপহরণ করে নিয়ে যাওয়া হয়। ঘটনাটি এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি করে এবং সামাজিক যোগাযোগমাধ্যমসহ বিভিন্ন গণমাধ্যমে আলোচিত হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৬.২০২৬ রিহাব)

**হাসনাত ও মোশাররফ করিমের পাশে আছি : তাসনিম জারা**

দেশের বাইরে হামলার মুখে পড়ার পর সংসদ সদস্য হাসনাত আবদুল্লাহ ও জনপ্রিয় অভিনেতা মোশাররফ করিমের প্রতি নিজের সমর্থন ও তাদের পাশে থাকার কথা জানিয়েছেন ডা. তাসনিম জারা। মঙ্গলবার (১৬ জুন) নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি এ কথা জানান। ওই পোস্টে তাসনিম জারা লেখেন, বিদেশে যারা হামলা, ডিম নিক্ষেপ এবং বিশৃঙ্খলা সৃষ্টি করার চেষ্টা করছে, তারা কেবল নিজেদের হতাশা ও রাজনৈতিক দেউলিয়াত্বেরই বহিঃপ্রকাশ ঘটাচ্ছে। তিনি আরও লেখেন, হাসনাত ও মোশাররফ করিমের পাশে আছি। জনগণের অধিকারের পক্ষে অবস্থানের কারণে তাদের উভয়ের প্রতি শ্রদ্ধা। জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নেতা ও সংসদ সদস্য হাসনাত আবদুল্লাহর একটি সভাকে ঘিরে সোমবার পূর্ব লন্ডনে উত্তেজনাকর পরিস্থিতি তৈরি হয়। বিকেল থেকে এনসিপি ও আওয়ামী লীগ সমর্থকদের উপস্থিতি বাড়তে থাকে। এক পর্যায়ে এনসিপির সমর্থক ও কর্মীদের লক্ষ্য করে ডিম নিক্ষেপের ঘটনা ঘটে। এদিকে, দুই বাংলার জনপ্রিয় অভিনেতা মোশাররফ করিমকে ঘিরে কলকাতায় অপ্রীতিকর ঘটনার অভিযোগ উঠেছে। এ সময় সঙ্গে ছিলেন তার স্ত্রী ও অভিনেত্রী রোবেনা রেজা জুঁই। মঙ্গলবার প্রবাসী সাংবাদিক জাওয়াদ নির্ঝর তার ব্যক্তিগত ফেসবুক পোস্টে এ তথ্য জানান। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৬.২০২৬ রিহাব)

**ফাঁসির দণ্ডপ্রাপ্ত দুই আসামির পক্ষে স্টেট ডিফেন্স নিয়োগের নির্দেশ**

রাজধানীর পল্লবীতে ৮ বছরের শিশু ধর্ষণ ও হত্যার দায়ে মৃত্যু দণ্ডপ্রাপ্ত আসামি সোহেল রানা ও স্বপ্না আক্তারের পক্ষে শুনানির জন্য স্টেট ডিফেন্স (রাষ্ট্রীয় খরচ) নিয়োগের জন্য নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। ফৌজদারি বিষয়ে পারদর্শী একজন আইনজীবীকে স্টেট ডিফেন্স হিসেবে নিয়োগ দিতে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সলিসিটর উইংকে বলা হয়েছে। মঙ্গলবার (১৬ জুন) হাইকোর্টের বিচারপতি ভীষ্মদেব চক্রবর্তী ও বিচারপতি কে এম রাশেদুজ্জামান রাজার সমন্বয়ে গঠিত বেঞ্চ এই আদেশ দেন। এদিকে, এই শিশু ধর্ষণ ও হত্যার দায়ে ফাঁসির দণ্ডপ্রাপ্ত আসামি সোহেল রানা ও স্বপ্না আক্তারের মৃত্যুদণ্ড অনুমোদন ও আসামিদের জেল আপিল শুনানির জন্য পেপার বুক প্রস্তুত করা হয়েছে। এখন যে-কোনো দিন হাইকোর্টের বিশেষ বেঞ্চে এই মামলার শুনানি শুরু হবে। তারও আগে এই শিশু ধর্ষণ ও হত্যা মামলায় আসামিদের মৃত্যুদণ্ডের ডেথ রেফারেন্স (যাবতীয় নথি) হাইকোর্টে এসে পৌঁছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৬.২০২৬ রিহাব)

## হামের উপসর্গে প্রাণ গেল আরও এক শিশুর

দেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গে এক শিশু মারা গেছে। এ নিয়ে চলতি বছরের ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হাম ও হামের উপসর্গে মৃত্যু বেড়ে ৬৫৮ জনে দাঁড়িয়েছে। মঙ্গলবার (১৬ জুন) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। প্রতিবেদনের তথ্য বলছে, সোমবার সকাল ৮টা থেকে আজ মঙ্গলবার সকাল ৮টা পর্যন্ত ২৪ ঘণ্টায় সারাদেশে এক হাজার ৬ জন শিশুর শরীরে হামের উপসর্গ দেখা গেছে। এ সময়ে নতুন করে নিশ্চিত হাম শনাক্ত হয়েছে ১৩৬ শিশুর। চলতি বছরের ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত দেশে হাম উপসর্গে ৫৬৫ শিশু মারা গেছে। এ সময়ে হাম শনাক্ত হয়ে মারা গেছে ৯৩ শিশু। স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিবেদন অনুযায়ী, চলতি বছরের ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত দেশে মোট হামের উপসর্গ দেখা দিয়েছে ৮৭ হাজার ৯২৯ শিশুর। এ সময়ে হামের উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছে ৭২ হাজার ৪০৫ শিশু। তাদের মধ্যে চিকিৎসা নিয়ে সুস্থ হয়ে বাসায় ফিরেছে ৬৮ হাজার ৭৮২ জন শিশু। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৬.২০২৬ রিহাব)

## ঢাকার ভেতর থেকে ৪ বাস টার্মিনাল এখনই সরছে না

ঢাকার ভেতর থেকে বাস টার্মিনালগুলো এখনই সরছে না বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতু, নৌপরিবহণ এবং রেলপথ মন্ত্রী শেখ রবিউল আলম। মঙ্গলবার (১৬ জুন) সচিবালয়ে তথ্য অধিদপ্তরের (পিআইডি) সম্মেলন কক্ষে সংবাদ সম্মেলনে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা জানান। গতকাল সোমবার রাজধানীর যানজট নিরসনে ট্রাফিক ব্যবস্থাপনা আধুনিকায়ন সংক্রান্ত সভায় প্রধানমন্ত্রী ঢাকার চারটি বাস টার্মিনাল দ্রুত স্থানান্তরের নির্দেশ দেন। চারটি আন্তঃনগর বাস টার্মিনাল হচ্ছে- ফুলবাড়িয়া-গুলিস্থান বাস টার্মিনাল, গাবতলী বাস টার্মিনাল, মহাখালী বাস টার্মিনাল এবং সায়েদাবাদ-যাত্রাবাড়ী বাস টার্মিনাল। এ বিষয়ে জানতে চাইলে সড়ক পরিবহণ মন্ত্রী বলেন, একটা স্ট্যান্ডে (টার্মিনালে) বাস ১২-১৮-২৪ ঘণ্টা পর্যন্ত থাকছে। আমরা মনে করছি, বাস ডিপোতে থাকবে, ছাড়ার কিছুক্ষণ আগে সেই স্ট্যান্ডে (টার্মিনালে) আসবে। প্যাসেঞ্জার নিয়ে বাস স্ট্যান্ডের যে ইউজ, সেইটা হবে। কিন্তু, দিনের পর দিন, ঘণ্টার পর ঘণ্টা বাস স্ট্যান্ডে থেকে যে যানজট তৈরি হচ্ছে, যে অব্যবস্থাপনা তৈরি হচ্ছে- ওইটার পরিবর্তন চাচ্ছি। তিনি বলেন, যেমন ধরুন, মহাখালী বাসস্ট্যান্ড থাকছে আপাতত। এইটা স্থায়ীভাবে সরানো হবে উত্তরার একটা জায়গায়। সেখানে ৫০ বিঘা জায়গা অধিগ্রহণ করার একটা সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কিন্তু, মহাখালী বাসস্ট্যান্ডে যে জট তৈরি হচ্ছে বাসের, সেখানে সার্ভিসটা নিশ্চিত করা যাচ্ছে না বিধায় যে-সব বাস ছাড়বে, সেটা মহাখালী বাস স্ট্যান্ড ব্যবহার করবে। অতিরিক্ত যে-সব বাস, ১২ ঘণ্টা তাকে অপেক্ষা করতে হচ্ছে, তারপর সে ট্রিপে যাবে। সে ১২ ঘণ্টা মহাখালী বাস স্ট্যান্ডে অপেক্ষা করতে পারবে না। সে ৩০০ ফিটের আমাদের ওখানে একটা জায়গা নির্ধারণ করা হয়েছে অস্থায়ীভাবে, ওখানে ডিপো হিসেবে ব্যবহার করবে। শেখ রবিউল আলম বলেন, বাস স্ট্যান্ড সবগুলিই সরবে, কিন্তু এই যে রাতারাতি সরে যাচ্ছে, আমি তা বলছি না। যেমন ধরুন, সায়দাবাদ বাসস্ট্যান্ড (টার্মিনাল), সেটাকে কাঁচপুরে একটা জায়গায় শেড করা হচ্ছে, বাস স্ট্যান্ড করা হচ্ছে। স্থায়ী শেড না, সে ওখানে শিফট হয়ে যাবে। পর্যাপ্ত সুবিধার পরেই কেবলমাত্র চলে যাবে। এখন ডিপো হিসেবে ব্যবহার হবে শুধুমাত্র ওই স্ট্যান্ড থেকে যে বাসগুলি দ্রুততম সময়ে ছাড়বে, একটা নির্দিষ্ট টাইম ওই স্ট্যান্ডে (সায়েদাবাদ) থাকবে। বাকি টাইম সে ওই পাশের ডিপোতে গিয়ে থাকবে। এইটা হচ্ছে সিদ্ধান্ত। প্রধানমন্ত্রী চীন সফরে যাবেন। সেখানে কি কোনো চুক্তি সই হওয়ার সম্ভাবনা আছে- এ বিষয়ে সড়ক পরিবহণ মন্ত্রী বলেন, যে-সব প্রকল্প চীনের আগ্রহ থাকবে এবং চীন যে প্রক্রিয়ায় বাস্তবায়ন করতে চায়, তা বাংলাদেশের স্বার্থে হবে। প্রকল্পের স্বার্থে হবে, আমাদের অর্থনীতির স্বার্থে হবে, সেইগুলিই নিয়ে হয়ত আলোচনা হবে। সেখানে চীনের যে প্রস্তাবনা আছে, সেটা বিবেচনা করে সিদ্ধান্ত হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৬.২০২৬ রিহাব)

## খাতা-কলমে ফ্রি, টেস্টের টাকা জমা হয় টেকনোলজিস্টের পকেটে

কিশোরগঞ্জের শহিদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতালের প্যাথলজি বিভাগের ইনচার্জ ও মেডিকেল টেকনোলজিস্ট মিজবাহ উদ্দীন নিজুমের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ উঠেছে। 'ফ্রি মেডিকেল টেস্টের' সুযোগ পাইয়ে দেওয়ার কথা বলে রোগীদের থেকে অর্থ নেওয়া এবং সেই অর্থ সরকারি কোষাগারে জমা না দিয়ে আত্মসাতের করছেন বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। ভুক্তভোগীদের থেকে জানা গেছে, হাসপাতালের নিয়ম অনুযায়ী, প্যাথলজি বিভাগের

কিছু পরীক্ষা-নিরীক্ষা 'ফ্রি' বা বিনামূল্যে করার সুযোগ রয়েছে। কিন্তু টেকনোলজিস্ট নিজুম এই সুযোগ কাজে লাগিয়ে নিজের আয়ের উৎস বানিয়েছেন। তিনি রোগীদের ফ্রি টেস্টের সুবিধা পাইয়ে দেওয়ার কথা বলে টাকা নেন। কিন্তু রশিদবিহীন নেওয়া সেই টাকা সরকারি হিসাবভুক্ত হয় না। অভিযোগের বিষয়টি পুরোপুরি অস্বীকার না করে প্যাথলজি ইনচার্জ মিজবাহ উদ্দীন নিজুম জাগো নিউজকে বলেন, মানবিক কারণে কিছু রোগীর জন্য আমি এ ধরনের ব্যবস্থা করেছি। হাসপাতালের পরিচালকের থেকে কয়েকটি ফ্রি টেস্টের অনুমোদনও করিয়ে নিয়েছি। বাকি টেস্টগুলোর অনুমোদনও পরবর্তীতে করিয়ে নেওয়া হবে। এদিকে, আর্থিক অনিয়ম ছাড়া মিজবাহ উদ্দীনের বিরুদ্ধে রয়েছে প্রশাসনিক শৃঙ্খলা ভঙ্গের অভিযোগ। হাসপাতালের একাধিক কর্মকর্তা-কর্মচারী নাম প্রকাশ না করার শর্তে জানান, নিজুম স্থানীয় এলাকার প্রভাব খাটিয়ে সহকর্মীদের ওপর সব সময় কর্তৃত্ব বিস্তার করে চলেন। এছাড়া, তিনি নিয়মিত ও সময়মতো অফিসে উপস্থিত হন না। হাসপাতালের সহকারী পরিচালক ডা. নাছিরুজ্জামান জাগো নিউজকে বলেন, কিছুদিন আগে একজন আমাকে মৌখিকভাবে অভিযোগ জানিয়েছিলেন। তখন আমি তাকে লিখিত অভিযোগ দেওয়ার পরামর্শ দিয়েছিলাম। বিষয়টি নিয়ে বিস্তারিত উপ-পরিচালক বলতে পারবেন। শহিদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতালের উপ-পরিচালক ডা. সাইফুল ইসলাম বলেন, অভিযোগের বিষয়টি আমরা গুরুত্বের সঙ্গে দেখছি। হাসপাতাল কর্তৃপক্ষের অনুমতি ছাড়া কোনো কর্মচারী ফ্রি পরীক্ষা-নিরীক্ষার কার্যক্রম পরিচালনা করতে পারেন না। এছাড়া, যদি ফ্রি পরীক্ষার নামে অর্থ আদায় করা হয়ে থাকে এবং সেই অর্থ সরকারি রেজিস্ট্রারে অন্তর্ভুক্ত না করা হয়ে থাকে, তাহলে সেটিও গুরুতর অনিয়ম। অভিযোগের বিষয়গুলো তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৬.২০২৬ রিহাব)

## ১০ বছরের শিশু অন্তঃসত্ত্বা, স্বেচ্ছাসেবক দল নেতার বিরুদ্ধে ধর্ষণ মামলা

নেত্রকোনার মোহনগঞ্জে ১০ বছর বয়সি এক শিশু সাত মাসের অন্তঃসত্ত্বা হওয়ার ঘটনায় স্থানীয় এক স্বেচ্ছাসেবক দল নেতার বিরুদ্ধে ধর্ষণ মামলা হয়েছে। আদালতের নির্দেশে মামলা রেকর্ড হলেও দেড় মাস পেরিয়ে গেলেও, অভিযুক্ত ব্যক্তিকে গ্রেফতার করতে পারেনি পুলিশ। ভুক্তভোগী পরিবারের অভিযোগ, মামলার পর থেকেই আসামি আত্মগোপনে।

অভিযুক্তের নাম মোহন তালুকদার (২৫)। তিনি জেলার মোহনগঞ্জ পৌর শহরের দৌলতপুর এলাকার আবুল কালাম আজাদের ছেলে এবং পৌর স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক। উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক সোহেল রানা মোহন তালুকদারের দলীয় পদের বিষয়টি নিশ্চিত করে বলেন, তার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হলে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে। মামলার এজাহার, আদালতের নথি এবং ভুক্তভোগী পরিবারের সঙ্গে কথা বলে জানা গেছে, শিশুটির বাবা জীবিকার তাগিদে দেশের বিভিন্ন এলাকায় দিনমজুরের কাজ করেন। মা স্থানীয়ভাবে লোকজনের বাসাবাড়িতে কাজ করে তিন মেয়েকে নিয়ে সংসার চালান। অভিযোগ অনুযায়ী, ২০২৫ সালের ৯ ডিসেম্বর দুপুরে শিশুটির মা কাজের জন্য বাইরে গেলে ঘরে শিশুটি ও তার দুই ছোটো বোন অবস্থান করছিল। এ সময় প্রতিবেশী মোহন তালুকদার ঘরে প্রবেশ করে শিশুটিকে ধর্ষণ করে। অভিযোগে বলা হয়েছে, বিষয়টি কাউকে জানালে প্রাণে মেরে ফেলাসহ দলবদ্ধ ধর্ষণের হুমকি দেওয়া হয়। ভয়ে শিশুটি দীর্ঘদিন ঘটনাটি গোপন রাখে। ভুক্তভোগীর পরিবার জানায়, চলতি বছরের ১২ মার্চ শিশুটি অসুস্থ হয়ে পড়লে এবং তার শারীরিক অবস্থায় অস্বাভাবিক পরিবর্তন দেখা দিলে সন্দেহ হয়। পরে জিজ্ঞাসাবাদের এক পর্যায়ে সে ধর্ষণের ঘটনার কথা জানায়। পরদিন স্থানীয় একটি ডায়াগনস্টিক সেন্টারে আলট্রাসনোগ্রাফি করালে রিপোর্টে ১৩ সপ্তাহের গর্ভধারণের তথ্য পাওয়া যায়। গত ১৫ মার্চ অন্য একটি ডায়াগনস্টিক সেন্টারেও একই ধরনের রিপোর্ট আসে। এদিনই আইনি পদক্ষেপ নিতে পরিবারটি মোহনগঞ্জ থানায় গেলে আদালতে অভিযোগ দেওয়ার পরামর্শ দেওয়া হয় বলে দাবি ভুক্তভোগী পরিবারের। পরে পরিবারের লোকজন ও স্থানীয়দের সঙ্গে পরামর্শ করে শিশুটির মা বাদী হয়ে গত ২৮ এপ্রিল আদালতে অভিযোগ করেন। পরে আদালত মোহনগঞ্জ থানাকে মামলাটি রেকর্ড করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেন। সেই নির্দেশনার পর ২ মে ধর্ষণের অভিযোগে মামলাটি থানায় রেকর্ড করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৬.২০২৬ রিহাব)

## পুলিশ-গণমাধ্যম সহযোগিতা জোরদারে ঢাকায় তিনদিনব্যাপী কর্মশালা

মতপ্রকাশের স্বাধীনতা, সাংবাদিকদের নিরাপত্তা এবং জনশৃঙ্খলা রক্ষার বিষয়গুলো সামনে রেখে বাংলাদেশ পুলিশ ও গণমাধ্যমের মধ্যে পেশাগত সহযোগিতা জোরদারের লক্ষ্যে ঢাকায় তিন দিনব্যাপী এক কর্মশালা শুরু হয়েছে। 'গণতন্ত্র ও আইনের শাসন সমুন্নত রাখতে মতপ্রকাশের স্বাধীনতা নিশ্চিতকরণ এবং জনশৃঙ্খলা বজায় রাখা' শীর্ষক এ কর্মশালাটি আজ মঙ্গলবার (১৬ জুন) রাজধানীর একটি হোটেলে শুরু হয়। এ কর্মশালা চলবে আগামী বৃহস্পতিবার (১৮ জুন) পর্যন্ত। জাতিসংঘের ইলেক্টোরাল অ্যাসিসট্যান্স প্রকল্প BALLOT-এর আওতায় বাংলাদেশ পুলিশ সদর দপ্তরের সহযোগিতায় এবং ইউনেসকোর আয়োজনে এ কর্মসূচিতে ২৭ জন পুলিশ কর্মকর্তা এবং ১৬ জন সাংবাদিক অংশ নেন। প্রথমদিনের উদ্বোধনী অধিবেশনে বাংলাদেশ পুলিশ সদর দপ্তরের অতিরিক্ত মহাপরিদর্শক (এইচআরএম) খন্দকার রফিকুল ইসলাম সমাজে পুলিশ ও গণমাধ্যমের পরিপূরক ভূমিকার ওপর গুরুত্বারোপ করেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৬.২০২৬ রিহাব)

## গ্রামীণ জনসেবার মানোন্নয়নের কার্যক্রম দেখানো হবে ইলেকট্রনিক বিলবোর্ডে

গ্রামীণ জনসেবার মান উন্নত করতে বিশেষ করে ইউনিয়ন, উপজেলা ও জেলা পরিষদের কার্যক্রম ইলেকট্রনিক বিলবোর্ডে প্রদর্শনের কর্মকৌশল নেওয়া হয়েছে বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। মঙ্গলবার (১৬ জুন) জাতীয় সংসদের অধিবেশনে সংসদ সদস্য রফিকল ইসলাম হিলালীর এক প্রশ্নের লিখিত উত্তরে মন্ত্রী এ তথ্য জানান। স্পিকার হাফিজ উদ্দিন আহমদ অধিবেশনে সভাপতিত্ব করেন। রফিকল ইসলাম হিলালী জানতে চান, গ্রামীণ জনসেবার মান উন্নত করতে স্থানীয় সরকার প্রতিষ্ঠানের স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করিতে কী ব্যবস্থা নেওয়া হয়েছে? উত্তরে স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, বর্তমান সরকারের নির্বাচনি ইশতেহারে অন্যতম প্রতিশ্রুতি হলো স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর নির্বাচিত জনপ্রতিনিধিদের জবাবদিহি নিশ্চিত করা। এই লক্ষ্যে গ্রামীণ জনসেবার মান উন্নত করতে বিশেষ করে ইউনিয়ন, উপজেলা ও জেলা পরিষদের কার্যক্রম ইলেকট্রনিক বিলবোর্ডের মাধ্যমে প্রদর্শনের কর্মকৌশল গ্রহণ করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৬.২০২৬ রিহাব)

## মায়ের পর মারা গেলেন বাবা-ছেলে, আইসিইউতে মেয়ে

নারায়ণগঞ্জের বন্দরে গ্যাস লিকেজ থেকে সৃষ্ট বিস্ফোরণে দগ্ধ নেত্রকোনার একই পরিবারের তিন সদস্য চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। মৃতরা হলেন- মা সুলতানা বেগম, বাবা আব্দুল মান্নান (মান্নান মিয়া) ও তাদের ছেলে সিয়াম। মঙ্গলবার (১৬ জুন) সকালে নেত্রকোনার পূর্বধলার জারিয়া ইউনিয়নের দলদলা গ্রামের পারিবারিক কবরস্থানে তাদের দাফন হয়। এর আগে, গত ১১ জুন ভোরে নারায়ণগঞ্জের বন্দর উপজেলার মদনপুর ইউনিয়নের চাঁনপুর এলাকায় একটি ভাড়া বাসায় বিস্ফোরণের ঘটনা ঘটে। পরে তারা রাজধানীর জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের নিবিড় পরিচর্যা কেন্দ্রে চিকিৎসাধীন ছিলেন। এছাড়া ওই পরিবারের একমাত্র জীবিত সদস্য ১৩ বছর বয়সি মেয়ে মিম আক্তার, রাজধানীর জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) চিকিৎসাধীন। চিকিৎসকরা জানিয়েছেন, তার শরীরের ৪১ শতাংশ দগ্ধ হয়েছে এবং অবস্থা আশঙ্কাজনক।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৬.২০২৬ রিহাব)

## নেপালের বোর্ডিং পাসে ইতালির ফ্লাইটে পাচার : বিমানের কর্মকর্তা গ্রেফতার

নেপালগামী ফ্লাইটের বোর্ডিং পাসে ইমিগ্রেশন সম্পন্ন করে বিমানের কর্মকর্তার সহায়তায় ইতালিগামী ফ্লাইটে উঠেছিলেন তিন যাত্রী। জাল শেনজেন ভিসায় ইতালি পৌঁছানোর পর দুইজন ধরা পড়লে তাদের দেশে ফেরত পাঠানো হয়। এরপর তাদের জিজ্ঞাসাবাদে বেরিয়ে আসে ৩০ লাখ টাকার চুক্তিতে মানবপাচার চক্রের মাধ্যমে দেশ ছাড়ার তথ্য। এ চক্রে জড়িত বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের এক কর্মকর্তা। এ ঘটনায় জড়িত থাকার অভিযোগে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের গ্রাউন্ড অফিসার মোহাম্মদ আখলাসুর রহমানকে গ্রেফতার করেছে অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। মঙ্গলবার (১৬ জুন) সকালে জামালপুর থেকে ওই কর্মকর্তাকে গ্রেফতার করে সিআইডি। পরে দুপুরে রাজধানীর মালিবাগে সিআইডির সদরদপ্তরে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান সিরিয়াস ক্রাইম বিভাগের বিশেষ পুলিশ সুপার মোহাম্মদ বদরুল আলম মোল্লা। তিনি বলেন, তিনজন গত ২৬ মে ইতালিগামী বিমান বাংলাদেশের একটি ফ্লাইটে করে দেশ ছেড়েছিলেন। ইতালির রোম বিমানবন্দরে গিয়ে জাল শেনজেন ভিসাসহ ধরা পড়েন মোস্তাফিজুর রহমান অনিক ও অক্ষয় চন্দ্র দাস। আরেকজন ইমিগ্রেশন সম্পন্ন করে ইতালিতে প্রবেশ করতে পারায় তার নাম-পরিচয় বলেনি সিআইডি। দু-জনকে দেশে ফেরত পাঠানোর পর ২৮ মে বিভিন্ন সংস্থা জিজ্ঞাসাবাদ করলে ওই চক্রের তথ্য বেরিয়ে আসে। পরে ৩০ মে বিমানবন্দর থানায় একটি মামলা হয়, যেটির তদন্তে নেমে বিমানের ওই গ্রাউন্ড অফিসারকে গ্রেফতার করে সিআইডি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৬.২০২৬ রিহাব)

## পদ্মা রেল সেতুর পিলারের নিচে মাটি কাটা বন্ধ করে গাছ লাগানোর সিদ্ধান্ত

নারায়ণগঞ্জের ফতুল্লায় পদ্মা রেল সেতুর পিলারের নিচে মাটি কাটা বন্ধ করে সেখানে গাছ লাগানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতু, নৌপরিবহণ এবং রেলপথ মন্ত্রী শেখ রবিউল আলম। মঙ্গলবার (১৬ জুন) সচিবালয়ে তথ্য অধিদফতরের (পিআইডি) সম্মেলন কক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে এক প্রশ্নের জবাবে এ কথা জানান মন্ত্রী। ফতুল্লায় পদ্মা রেললাইনের নিচ থেকে মাটি সরিয়ে নেওয়া হচ্ছে- এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে শেখ রবিউল আলম বলেন, "আমি যতটা জেনেছি, এই মাটি খুঁড়ে নেওয়া হয়েছে, বিষয়টা এ রকম নয়। ওখানে যখন আপনার ব্রিজটা হয়েছে কিছু অবস্ট্রাকল কিন্তু রাখা হয়। দেখবেন যে, ছোটো ছোটো ব্যারিয়ার তৈরি করা হয়, সেখান থেকে মাটি সরানো হয়েছিল, ওটা প্রয়োজনেই সরানো হয়েছিল। কিন্তু পরে দেখা যাচ্ছে যে, এই সরানোটাকে অন্যভাবে দেখছে না, ইতিবাচকভাবে দেখা হচ্ছে না।" কনস্ট্রাকশনের অংশ হিসেবে অতিরিক্ত মাটি থাকে জানিয়ে মন্ত্রী বলেন, দীর্ঘদিন এই মাটি সরানো হয়নি। ওটা একটু উঁচু হওয়ায় ওখান থেকে মই দিয়ে কিছু কিছু জিনিস চুরি হয়েছে বা হওয়ার উপক্রম হয়েছে। ফলে সার্বিক বিবেচনায় ওটা সরানো হয়েছিল, অতিরিক্ত মাটি ছিল, অবস্থা তৈরি করার জন্য কনস্ট্রাকশন কাজের সহায়ক হিসেবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৬.২০২৬ রিহাব)

## সংসদে না হলে রাজপথে, জুলাই সনদ বাস্তবায়ন হবেই : বিরোধীদলীয় নেতা

জুলাই সনদ বাস্তবায়নে গণভোটের রায় সংসদে নিষ্পত্তি না হলে তা রাজপথে আদায় করা হবে বলে জানিয়েছেন বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তিনি বলেছেন, জনগণের দাবি থেকে সরে আসার কোনো সুযোগ নেই। সংসদে সমাধান হলে ভালো, আর না হলে আন্দোলনের মাধ্যমে দাবি আদায় করা হবে। উই আর কমিটেড। আমরা আমাদের কমিটমেন্ট ভায়োলেট করতে পারি না। জনগণের সঙ্গে বিশ্বাসঘাতকতা করবো না। এই দাবি আজ হোক, কাল হোক আদায় হবে ইনশাল্লাহ। মঙ্গলবার (১৬ জুন) জাতীয় সংসদের এলডি হলে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় এক প্রশ্নের জবাবে এসব কথা বলেন তিনি। সংবিধান সংশোধনে সরকারি দলের প্রস্তাবিত কমিটিতে বিরোধীদল প্রতিনিধি দেবে না জানিয়ে শফিকুর রহমান বলেন, জনগণের দাবি ছিল সংবিধান সংস্কার। এই জন্যই রেফারেন্ডাম (গণভোট) হয়েছে। আমরা বলেছি, ৭০ শতাংশ (৭২ শতাংশ হবে) মানুষ যেখানে ভোট দিয়েছে, আমরা সংসদের ভেতরে এসে এটা বদলাতে চাই না। আমরা জনগণের পক্ষে, জনগণের রায়ের পক্ষে। অতএব সংশোধন নয়, সংস্কারের জন্য কমিটি করলে আমরা দেখবো বিবেচনা করবো। তিনি বলেন, আমরা পরিষ্কার বলে দিয়েছি, এটা নতুন করে আর বলার কিছু নেই যে, সংবিধান সংশোধনের জন্য কমিটির দরকার নেই। এটা তো একটা রুটিনওয়ার্ক। এটা বিল আকারে আসবে ট্রেজারি বেঞ্চ থেকে, আমরা আলোচনায় অংশ নেবো। পাস হলে পাস হবে, রিজেক্ট হলে রিজেক্ট হবে, এটার জন্য কোনো কমিটি লাগে না। কমিটির প্রয়োজন সংবিধান সংস্কারের জন্য। সংস্কারের জন্য যদি তারা কোনো প্রস্তাব দেন, তখন আমরা বিবেচনা করবো। সংসদে বিরোধীদলের কার্যক্রম তুলে ধরে শফিকুর রহমান বলেন, সংসদে আমরা কিছু নোটিশ দিয়েছি। আমাদের প্রথম নোটিশ ছিল, গণভোট নিয়ে অধিবেশন আহ্বান করার জন্য। সেটা নিয়ে সংসদের ভেতরে আমরা আমাদের যুক্তিপূর্ণ বক্তব্য তুলে ধরেছি। তিনি বলেন, ব্যাংক ইস্যুতে আমরা কথা বলেছি। এটাও জনস্বার্থে বলেছি। আমাদের ভঙ্গুর অর্থনীতির দুই অঙ্গই বিধ্বস্ত। স্টক মার্কেট মাটির সঙ্গে মিশে গেছে। ব্যাংকের যা হাড্ডি ছিল, এটাও এখন গুঁড়া হওয়ার উপক্রম। এ নিয়ে আমরা সংসদের ভেতরে জনগণের পক্ষে কথা বলেছি। প্রবাসীদের সমস্যা নিয়ে নোটিশ দিয়েছি। সেটা নিয়ে সরকার ও বিরোধীদল সবাই খুব গঠনমূলক আলোচনা করেছে। কিন্তু এটা যদি আলোচনায় সীমাবদ্ধ হয়ে যায়, যদি এক্সিকিউশনে না যায়, তাহলে এ দিয়ে প্রবাসীদের কোনো সমস্যার সমাধান হবে না। আমরা সুনির্দিষ্টভাবে সংসদীয় টাস্কফোর্স গঠন করার প্রস্তাব দিয়েছি। এখন পর্যন্ত সরকারের পক্ষ থেকে তার কোনো প্রতিক্রিয়া বা সিদ্ধান্ত আমরা জানতে পারিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৬.০৬.২০২৬ রিহাব)

## সংসদ হুটহাট কথা বলার জায়গা নয়, নিয়ম মানতে হবে : স্পিকার

জাতীয় সংসদের কার্যপ্রণালি বিধি ও নিয়ম অনুসরণ করে বক্তব্য দিতে সংসদ সদস্যদের প্রতি আহ্বান জানিয়েছেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম। তিনি বলেন, সংসদে হুটহাট করে কথা বলার জায়গা নয়। এখানে কথা বলতে হলে নির্দিষ্ট নিয়ম ও সময় মেনে চলতে হবে। মঙ্গলবার (১৬ জুন) ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় ও প্রথম বাজেট অধিবেশনের অষ্টম দিনের শুরুতে পয়েন্ট অব অর্ডার নিয়ে আলোচনাকালে সংসদ সদস্যদের উদ্দেশ্যে এসব কথা বলেন তিনি। রাজশাহী-১ আসনের সংসদ সদস্য মো. মুজিবুর রহমান এবং রংপুর-৬ আসনের সংসদ সদস্য মো. নুরুল আমীন পয়েন্ট অব অর্ডারে দাঁড়িয়ে কথা বলার পর স্পিকার এসব কথা বলেন। স্পিকার বলেন, সংসদ চলে রুলস অব প্রসিডিউর ও সংবিধানের ওপর ভিত্তি করে। এখানে ৩৫০ জন সদস্যই সমান পারদর্শী এবং সবারই বক্তব্য দেওয়ার অধিকার আছে। তবে সমস্যা অন্তহীন হলেও সংসদ চলে নির্দিষ্ট আইন-কানুনের মধ্যে। পয়েন্ট অব অর্ডার তোলার সঠিক সময় সম্পর্কে তিনি বলেন, পয়েন্ট অব অর্ডার রেইজ (উত্থাপন) করার নির্দিষ্ট সময় হলো প্রশ্নকাল শেষ হওয়ার ঠিক পরপরই। বাজেট অধিবেশন চলাকালে সাধারণত পয়েন্ট অব অর্ডার দেওয়া হয় না। কারণ এটি একটি গুরুত্বপূর্ণ অধিবেশন এবং এখানে দীর্ঘ সময় বক্তব্য রাখতে হয়। যখন ইচ্ছা দাঁড়িয়ে বক্তব্য দিয়ে দেওয়া সংসদে চলে না। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৬.০৬.২০২৬ রুবাইয়া)

## কামরাঙ্গীরচরে প্রতিপক্ষের ছুরিকাঘাতে যুবক খুন, গ্রেফতার ২

রাজধানীর কামরাঙ্গীরচরে মোহাম্মদ হোসেন (২৭) হত্যা মামলায় দুই যুবককে গ্রেফতার করেছে পুলিশ। গ্রেফতাররা হলেন- মো. পরান (২০) ও মো. ইমরান (২০)। এ সময় তাদের কাছ থেকে হত্যাকাণ্ডে ব্যবহৃত একটি রক্তমাখা চাকু উদ্ধার করা হয়। মঙ্গলবার (১৬ জুন) ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য জানান। কামরাঙ্গীরচর থানার বরাত দিয়ে নিয়াজ মেহেদী বলেন, সোমবার (১৫ জুন) রাতে কামরাঙ্গীরচর থানার পূর্ব ইসলাম নগর কেন্দ্রীয় ঈদগাহ মাঠ সংলগ্ন এলাকায় পূর্ব শত্রুতার জের ধরে প্রতিপক্ষের ছুরিকাঘাতে মোহাম্মদ হোসেন নামে এক ব্যক্তি গুরুতর আহত হন। তাকে চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসকগণ পরীক্ষা-নিরীক্ষা শেষে তাকে মৃত ঘোষণা করেন।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৬.০৬.২০২৬ রুবাইয়া)

## আমদানি নীতি আদেশ পরিমার্জনে মন্ত্রিসভা কমিটি গঠন

আমদানি নীতি আদেশ, ২০২৬-২৯'-এর খসড়া পরিমার্জনের জন্য চার সদস্যের একটি মন্ত্রিসভা কমিটি গঠন করেছে সরকার। এ কমিটি গঠন করে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। চার সদস্যের এ কমিটির আহ্বায়ক বাণিজ্যমন্ত্রী খন্দকার আবদুল মুক্তাদির। কমিটিতে সদস্য হিসেবে রয়েছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী আবদুল আউয়াল মিন্টু; প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক চৌধুরী এবং কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী মোহাম্মদ আমিন উর রশীদ। কমিটির প্রধান দায়িত্ব হবে 'আমদানি নীতি আদেশ, ২০২৬-২০২৯'-এর খসড়া পর্যালোচনা ও পরিমার্জন করা। প্রজ্ঞাপনে আরও বলা হয়েছে, প্রয়োজন হলে কমিটি অতিরিক্ত সদস্য অন্তর্ভুক্ত (কো-অপ্ট) করতে পারবে। কমিটির সভা প্রয়োজন অনুযায়ী অনুষ্ঠিত হবে। এছাড়া কমিটিকে সাচিবিক সহায়তা দেবে বাণিজ্য মন্ত্রণালয়।(জাগো নিউজ ওয়েব পেজ: ১৬.০৬.২০২৬ রুবাইয়া)

## শাহজালাল বিমানবন্দরের গ্রাউন্ড হ্যান্ডলিংয়ে আগ্রহী সুইজারল্যান্ড

ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের গ্রাউন্ড হ্যান্ডলিংয়ে আগ্রহ প্রকাশ করেছে সুইস কোম্পানি সুইচপোর্ট। মঙ্গলবার (১৬ জুন) বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী আফরোজা খানমের সঙ্গে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে সাক্ষাতের সময় বাংলাদেশে সুইজারল্যান্ডের রাষ্ট্রদূত রেতো রেংগলি এ আগ্রহের কথা জানান। এসময় প্রতিমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাতও উপস্থিত ছিলেন। সাক্ষাতে বাংলাদেশ ও সুইজারল্যান্ডের বিদ্যমান দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও সুদৃঢ়, গতিশীল ও বহুমাত্রিকভাবে সম্প্রসারণের ওপর গুরুত্বারোপ করা হয়। সুইজারল্যান্ড বিমানখাতে বাংলাদেশের সঙ্গে যৌথভাবে কাজ করার আগ্রহ প্রকাশ করে। মন্ত্রী ও প্রতিমন্ত্রী তাদের পক্ষ থেকে প্রস্তাব আহ্বান করেন এবং বিবেচনার আশ্বাস দেন।(জাগো নিউজ ওয়েব পেজ: ১৬.০৬.২০২৬ রুবাইয়া)

## আজ মৌলভীবাজার সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান আজ বুধবার (১৭ জুন) মৌলভীবাজার সফরে যাচ্ছেন। তিনি সেখানে শ্রীমঙ্গল ও সদর উপজেলায় ফ্যামিলি কার্ড বিতরণ অনুষ্ঠানে অংশ নেবেন। এছাড়া একটি রাজনৈতিক সভায় তার যোগ দেওয়ার কথা রয়েছে। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি-১ জাহিদুল ইসলাম রনির পাঠানো সফরসূচি অনুযায়ী, সকাল ৯টা ৩০ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে সিলেট ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরের উদ্দেশে যাত্রা করবেন প্রধানমন্ত্রী। তিনি সকাল সোয়া ১০টায় সিলেট ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছে মৌলভীবাজারের শ্রীমঙ্গল উপজেলার পথে রওয়ানা হবেন। দুপুর ১টায় শ্রীমঙ্গলের ভিক্টোরিয়া উচ্চবিদ্যালয় মাঠে উপস্থিত হয়ে তিনি ফ্যামিলি কার্ড বিতরণ অনুষ্ঠানে যোগ দেবেন। প্রধানমন্ত্রী পরে দুপুর আড়াইটায় সদর উপজেলার মৌলভীবাজার সরকারি উচ্চবিদ্যালয় মাঠে আয়োজিত ফ্যামিলি কার্ড বিতরণ অনুষ্ঠানে অংশ নেবেন। বিকেল ৪টা ৪৫ মিনিটে দুসাই রিসোর্টে আয়োজিত একটি রাজনৈতিক সভায় তার যোগ দেওয়ার কথা রয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ : ১৭.০৬.২০২৬ নারগীস)

# রেডিও টুডে

## প্রতিশোধের মানসিকতা থেকে বেরিয়ে আসার আহ্বান তারেক রহমানের

প্রতিশোধের মানসিকতা থেকে বেরিয়ে এসে সমাজ ও দেশের জন্য ইতিবাচকভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, ব্যক্তিগত ক্ষতি বা অন্যায়ের প্রতিশোধ নিলেই তা ফিরে পাওয়া যায় না; বরং ভবিষ্যৎ নির্মাণে মনোযোগ দেওয়াই বেশি গুরুত্বপূর্ণ। মঙ্গলবার বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে বিএনপি বিটে কর্মরত সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ কথা বলেন। তারেক রহমান বলেন, "আমরা আমাদের নিজেদের চিন্তা কিছুটা পরিবর্তন করার চেষ্টা করি। হ্যাঁ, আমার সাথে অন্যায় হয়েছে। কিন্তু আপনি এখন প্রতিশোধ নিলেই কি আপনার সেই ক্ষতি ফেরত পাবেন বা সবকিছু আগের মতো হয়ে যাবে? হবে না। তাহলে আমরা সেই প্রতিশোধের মানসিকতা থেকে বেরিয়ে এসে ভাবি যে, আমরা দেশের জন্য, সমাজের জন্য বা মানুষের জন্য কী করতে পারি।" তিনি আরও বলেন, সফলতা বা ব্যর্থতা পরের বিষয় হলেও ইতিবাচক মানসিকতা নিয়ে এগিয়ে যাওয়াই গুরুত্বপূর্ণ। সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়ের প্রসঙ্গে তিনি বলেন, সংবাদপত্র জগতের জন্য আজকের দিনটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। একসময় দেশের সংবাদপত্র ও মতপ্রকাশের ক্ষেত্র সংকুচিত করা হয়েছিল বলে তিনি মন্তব্য করেন। তারেক রহমান বলেন, "একসময় বাংলাদেশের সকল সংবাদপত্র বন্ধ করে দেওয়া হয়েছিল। আর আজ আমরা এতসংখ্যক সাংবাদিকের সঙ্গে কথা বলছি। এটি প্রমাণ করে সংবাদপত্রের কণ্ঠ রোধ করার চেষ্টা স্থায়ী হয়নি।" তিনি বহুদলীয় গণতন্ত্রের ইতিহাস তুলে ধরে বলেন, অতীতে সংবাদপত্রের সংখ্যা সীমিত করা এবং রাজনৈতিক দলগুলোকে নিষ্ক্রিয় করার চেষ্টা হয়েছিল। পরবর্তী সময়ে বহুদলীয় গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা হয় বলে তিনি উল্লেখ করেন। ফ্যাসিবাদী শাসনের প্রসঙ্গ টেনে তিনি বলেন, অতীতে আইন-শৃঙ্খলা বাহিনী রাজনৈতিক নেতা-কর্মীদের দমন-পীড়ন করেছে এবং অনেক ক্ষেত্রে সাংবাদিকদের সহযোগিতায় নেতা-কর্মীরা রক্ষা পেয়েছেন। এজন্য তিনি সাংবাদিকদের প্রতি কৃতজ্ঞতা জানান। সাংবাদিকদের উদ্দেশ্যে তিনি বলেন, দেশের তরুণ প্রজন্মের মধ্যে মাদকাসক্তি একটি বড়ো সমস্যা হয়ে দাঁড়িয়েছে। সীমিত সম্পদ ও সক্ষমতার মধ্যে শুধুমাত্র গ্রেফতার বা চিকিৎসার মাধ্যমে এ সমস্যার সমাধান সম্ভব নয়। তাই বিষয়টি আরও বিস্তৃতভাবে ভাবার আহ্বান জানান তিনি। (রেডিও টুডে ওয়েব পেজ:১৬.০৬.২০২৬ আসাদ)

## কৃষিতে ভর্তুকি কমিয়ে গবেষণা ও আধুনিকায়নে বিনিয়োগ বাড়ানোর পরামর্শ বিশ্বব্যাংকের

বাংলাদেশে কৃষি খাতে সরকারি ব্যয়ের ধরনে পরিবর্তন এনে গবেষণা, কৃষি পরামর্শ সেবা, সেচ, বাজার সংযোগ ও জলবায়ু সহনশীলতায় বেশি বিনিয়োগের পরামর্শ দিয়েছে বিশ্বব্যাংক। সংস্থাটি বলছে, কৃষিতে আরও কার্যকর ও লক্ষ্যভিত্তিক সরকারি ব্যয় উৎপাদনশীলতা বাড়াতে, নতুন কর্মসংস্থান সৃষ্টি করতে এবং জলবায়ু ঝুঁকি মোকাবিলায় সহায়ক হবে। সোমবার প্রকাশিত বিশ্বব্যাংকের এক প্রতিবেদনে বলা হয়েছে, বাংলাদেশ মোট সরকারি ব্যয়ের প্রায় ১০ শতাংশ কৃষি খাতে বরাদ্দ দেয়, যা খাতটির প্রতি সরকারের উচ্চ অগ্রাধিকারকে নির্দেশ করে। তবে সাম্প্রতিক বছরগুলোতে কৃষি প্রবৃদ্ধির গতি কমেছে, উৎপাদনশীলতা বৃদ্ধির হার শ্লথ হয়েছে এবং উচ্চমূল্যের কৃষিপণ্যে বৈচিত্র্য আনার ক্ষেত্রেও অগ্রগতি প্রত্যাশিত নয়। 'রিপারপোজিং অ্যাগ্রিকালচারাল পাবলিক স্পেন্ডিং ফর কোয়ালিটি গ্রোথ অ্যান্ড জবস ইন বাংলাদেশ'জ অ্যাগ্রিফুড সিস্টেম' শীর্ষক প্রতিবেদনে বলা হয়েছে, বর্তমানে কৃষি খাতের সরকারি ব্যয়ের বড়ো অংশ ভর্তুকি ও ধানকেন্দ্রিক সহায়তায় ব্যয় হয়। অন্যদিকে কৃষকের আয় ও উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য গুরুত্বপূর্ণ গবেষণা, সম্প্রসারণ সেবা, সেচ ব্যবস্থা, বাজারে প্রবেশাধিকার এবং জলবায়ু সহনশীলতা উন্নয়নে তুলনামূলক কম অর্থ বরাদ্দ দেওয়া হয়। প্রতিবেদন অনুযায়ী, কৃষি মন্ত্রণালয়ের বাজেটের প্রায় ৮০ শতাংশই সার ভর্তুকিতে ব্যয় হয়। এ ভর্তুকি কৃষি উৎপাদন ও মূল্য স্থিতি বজায় রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। তবে ভর্তুকি ক্রয়কৃত সারের পরিমাণের সঙ্গে যুক্ত থাকায় বেশি জমির মালিকেরা এর বড়ো সুবিধাভোগী। দেশের শীর্ষ ২০ শতাংশ ভূমির মালিক মোট সার ভর্তুকির প্রায় অর্ধেক সুবিধা পান, যেখানে নিচের ৪০ শতাংশ কৃষক পান মাত্র ১৫ শতাংশ। বিশ্বব্যাংকের মতে, দেশে সারের ব্যবহারেও ভারসাম্যহীনতা রয়েছে। মাত্র ৫ শতাংশ কৃষক সুপারিশকৃত মাত্রায় সুষম পুষ্টি উপাদান ব্যবহার করেন। এ অবস্থার উন্নতি করা গেলে ফসলের উৎপাদন উল্লেখযোগ্যভাবে বাড়তে পারে। বিশ্বব্যাংকের বাংলাদেশ ও ভুটানবিষয়ক বিভাগীয় পরিচালক জিন পেসমি বলেন, কৃষি বাংলাদেশের উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য হ্রাসের কেন্দ্রবিন্দু। তবে জলবায়ু ঝুঁকি, খাদ্যাভ্যাসের পরিবর্তন, সীমিত আর্থিক সক্ষমতা এবং মধ্যপ্রাচ্যের সংঘাতের কারণে সার সরবরাহ ও দামে অস্থিরতা বিদ্যমান নীতিমালা ও ব্যয় কাঠামোর দুর্বলতাগুলো সামনে নিয়ে এসেছে। তিনি বলেন, সহায়তা ব্যবস্থার আধুনিকায়ন এবং ধীরে ধীরে উচ্চ ফলদায়ী বিনিয়োগের দিকে ব্যয় পুনর্বিন্যাসের মাধ্যমে বাংলাদেশ আরও উৎপাদনশীল ও সহনশীল কৃষি-খাদ্য ব্যবস্থা গড়ে তুলতে পারে, যা অধিকসংখ্যক এবং ভালো মজুরির কর্মসংস্থান সৃষ্টি করবে। (রেডিও টুডে ওয়েব পেজ: ১৬.০৬.২০২৬ এলিনা)

## বিবাহ নিবন্ধনে ডিজিটাল জন্মসনদ বাধ্যতামূলক করা হবে : মন্ত্রী

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী আবু জাফর মোহাম্মদ জাহিদ হোসেন জানিয়েছেন, বাল্যবিবাহ প্রতিরোধে বিয়ের নিবন্ধনের ক্ষেত্রে ম্যানুয়াল বা কাগজের জন্মসনদের পরিবর্তে অনলাইন বা ডিজিটাল জন্ম নিবন্ধন রেকর্ড ব্যবহার বাধ্যতামূলক করতে সরকার 'বাল্যবিবাহ নিরোধ আইন, ২০১৭' সংশোধনের উদ্যোগ নিয়েছে। জাতীয় সংসদে আজ কুমিল্লা-৪ আসনের এনসিপি দলীয় সদস্য আবুল হাসনাতের এক প্রশ্নের লিখিত জবাবে এ তথ্য জানান। তিনি উল্লেখ করেন, ইউনিসেফ এবং ইউএনএফপিএ-এর কারিগরি সহায়তায় বর্তমানে এই নতুন আইনের খসড়া তৈরির কাজ চলছে। মন্ত্রী জানান, প্রস্তাবিত এই সংশোধনীর মাধ্যমে বিদ্যমান আইনের 'বিশেষ পরিস্থিতির' সুযোগ নিয়ে বাল্যবিবাহ দেওয়ার আইনি ফাঁকফোকরগুলো বন্ধ করা হবে। এই সংশোধনীর মূল বৈশিষ্ট্য হবে, বিবাহ নিবন্ধনের জন্য সনাতন পদ্ধতির কাগজের সনদের বদলে বাধ্যতামূলকভাবে অনলাইন বা ডিজিটাল জন্ম নিবন্ধন রেকর্ড ব্যবহার করা। মূলত জালিয়াতির মাধ্যমে জন্মসনদ তৈরি করে অপ্রাপ্তবয়স্ক বর-কনের আসল বয়স লুকানোর প্রবণতা বন্ধ করতেই সরকার এই পদক্ষেপ নিয়েছে। মন্ত্রী আরও বলেন, ধর্মীয় রীতিনীতি মেনে আনুষ্ঠানিক নিবন্ধন ছাড়াই অনেক বিবাহ সম্পন্ন হওয়ায় মাঠ পর্যায়ে এর সঠিক নজরদারি ও আইন প্রয়োগ করা কঠিন হয়ে পড়ে। তাই বাল্যবিবাহ পুরোপুরি নির্মূল করতে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, স্থানীয় প্রশাসন, সংসদ সদস্য এবং স্থানীয় সরকারের প্রতিনিধিদের সমন্বিত প্রচেষ্টা প্রয়োজন।(রেডিও টুডে ওয়েব পেজ: ১৬.০৬.২০২৬ এলিনা)

## সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্তদের ২১৩ কোটি টাকা দিয়েছে সরকার

গত তিন বছরের বেশি সময়ে দেশে সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্তদের পরিবারকে মোট ২১৩ কোটি ৫৬ লাখ টাকা আর্থিক সহায়তা দিয়েছে সরকার। সোমবার (১৫ জুন) জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসনের সরকারি দলের সদস্য নিপুন রায় চৌধুরীর এক প্রশ্নের জবাবে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী রবিউল আলম এ তথ্য জানান। তিনি বলেন, ২০২৩ সাল থেকে শুরু করে চলতি বছরের মে মাস পর্যন্ত সময়ে, সড়ক দুর্ঘটনার শিকার মোট ৫ হাজার ৮৪ জন ব্যক্তি ও নিহতদের পরিবারকে এই অনুদান দেওয়া হয়েছে। সংসদে দেওয়া মন্ত্রীর তথ্য অনুযায়ী, সরকারি এই আর্থিক সহায়তার আওতায় সবচেয়ে বেশি উপকৃত হয়েছে সড়ক দুর্ঘটনায় প্রাণ হারানো মানুষের পরিবারগুলো। মোট ৩ হাজার ৮৮১ জন নিহত ব্যক্তির পরিবারকে এই অনুদান দেওয়া হয়েছে। এছাড়া, সড়ক দুর্ঘটনায় আহত ৮২৯ জন এবং গুরুতর আহত আরও ৩৭৪ জন ব্যক্তি সরকারের এই কল্যাণ তহবিল থেকে আর্থিক সুবিধা পেয়েছেন।

(রেডিও টুডে ওয়েব পেজ: ১৬.০৬.২০২৬ এলিনা)

## পাকিস্তান ও বাংলাদেশ সীমান্ত নিয়ে দিল্লির নতুন তৎপরতা

ভারতের পাকিস্তান ও বাংলাদেশ সীমান্ত সংলগ্ন জেলা, প্রধান মহানগরী এবং শিল্পাঞ্চলগুলোর জনসংখ্যাগত দ্রুত পরিবর্তন খতিয়ে দেখতে বিচারপতি প্রকাশ প্রভাকর নাওলেকরের নেতৃত্বে একটি উচ্চ-পর্যায়ের বিশেষ কমিটি গঠন করেছে দেশটির কেন্দ্রীয় সরকার। এই উচ্চ-ক্ষমতাসম্পন্ন প্যানেল মূলত বিভিন্ন অঞ্চলের অভিবাসন প্রক্রিয়া, জাতীয় নিরাপত্তা সংশ্লিষ্ট প্রভাব এবং জনসংখ্যার সামগ্রিক প্রবণতা গভীরভাবে মূল্যায়ন করবে। আগামী এক বছরের মধ্যে এই সংক্রামিত অনুসন্ধান প্রতিবেদনটি ভারতের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। মঙ্গলবার (১৬ জুন) ভারতের গণমাধ্যম ইন্ডিয়া টুডের এক প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে। দেশটির সরকারি সূত্র জানিয়েছে যে, ভারতের স্বরাষ্ট্র মন্ত্রণালয় গত ২৬ মে ২০৬ সালে এই বিশেষ উচ্চ-স্তরের কমিটি গঠন করে। এই উদ্যোগটি গত ২০২৫ সালের ১৫ আগস্ট দিল্লির লাল কেল্লায় দেওয়া প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির একটি ভাষণের সূত্র ধরে নেওয়া হয়েছে, যেখানে তিনি ভারতের নির্দিষ্ট কিছু অঞ্চলে 'অস্বাভাবিক জনসংখ্যাগত পরিবর্তন' নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছিলেন। ভারত সরকার এই বিষয়টিকে কেবল সাধারণ জনসংখ্যা বৃদ্ধি হিসেবে না দেখে, এর সাথে দেশের অভ্যন্তরীণ নিরাপত্তা, সামাজিক ভারসাম্য রক্ষা এবং প্রশাসনিক ভবিষ্যৎ পরিকল্পনার যোগসূত্র রয়েছে বলে মনে করছে। ভারতের কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ সম্প্রতি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের শীর্ষ কর্মকর্তাদের সাথে এই কমিটির কাজের অগ্রগতি এবং এর কার্যকারিতা সচল রাখার প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা নিয়ে একটি উচ্চ-পর্যায়ের পর্যালোচনা বৈঠক করেছেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয় নিশ্চিত করেছে যে, এই প্যানেল ইতোমধ্যে তাদের প্রথম উদ্বোধনী বৈঠক সম্পন্ন করেছে এবং কাজের একটি বিস্তারিত কর্মপরিকল্পনা চূড়ান্ত করেছে। আগামী মাসগুলোতে কমিটির সদস্যরা ভারতের বিভিন্ন সংবেদনশীল অঞ্চলগুলোতে সরাসরি মাঠপর্যায়ে পরিদর্শনে যাবেন। সাধারণত জন্ম-মৃত্যুর হার, কর্মসংস্থান, স্বাভাবিক স্থানান্তর ও অর্থনৈতিক কর্মকাণ্ডের কারণে কোনো অঞ্চলের জনসংখ্যার কাঠামোতে স্বাভাবিক পরিবর্তন আসে। তবে ভারত সরকারের মূল নজর মূলত অবৈধ অনুপ্রবেশ, অনিয়ন্ত্রিত বহিরাগতদের আগমন বা অন্য কোনো অস্বাভাবিক উপাদানের কারণে সৃষ্ট জনসংখ্যার ভারসাম্যহীনতার ওপর, যাকে তারা 'অস্বাভাবিক জনসংখ্যাগত পরিবর্তন' হিসেবে অভিহিত করছে। কর্মকর্তাদের মতে, এই ধরনের পরিবর্তন সামাজিক ও সাংস্কৃতিক কাঠামো নষ্ট করার পাশাপাশি সরকারি সম্পদের সঠিক বণ্টন, আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং স্থানীয় শাসনব্যবস্থার ওপর মারাত্মক নেতিবাচক প্রভাব ফেলতে পারে। এই বিশেষ কমিটির প্রধান মনোযোগের কেন্দ্রবিন্দুতে থাকবে বাংলাদেশ ও পাকিস্তান সীমান্ত লাগোয়া ভারতের বিভিন্ন গুরুত্বপূর্ণ জেলাগুলো। বিগত বছরগুলোতে আসাম, পশ্চিমবঙ্গ এবং উত্তর-পূর্ব ভারতের বেশ কিছু রাজ্যে অবৈধ অনুপ্রবেশ এবং জনসংখ্যা কাঠামোর পরিবর্তন নিয়ে ভারতের নিরাপত্তা সংস্থা ও রাজনৈতিক দলগুলো থেকে সময়ে সময়ে নানা উদ্বেগ প্রকাশ করা হয়েছে। এই পরিস্থিতি মূল্যায়নে কমিটির সদস্যরা মাঠপর্যায়ে ভ্রমণের সময় স্থানীয় প্রশাসন, নিরাপত্তা বাহিনী, নির্বাচিত জনপ্রতিনিধি এবং সুশীল সমাজের প্রতিনিধিদের সাথে সরাসরি মতবিনিময় করবেন। এ ছাড়া তারা পরিস্থিতি পর্যালোচনায় ভারতের জাতীয় আদম শুমারি তথ্য, ভোটার তালিকা, অভিবাসন রেকর্ড এবং অন্যান্য সরকারি তথ্যভাণ্ডার বিশ্লেষণ করবেন। সীমান্তবর্তী অঞ্চলের পাশাপাশি এই কমিটির তদন্তের পরিধি ভারতের বড়ো বড়ো মহানগর এবং প্রধান শিল্পাঞ্চলগুলোর উপরও বিস্তৃত করা হয়েছে। ভারতের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, রাজধানী দিল্লি, মুম্বাই, বেঙ্গালুরু, হায়দরাবাদ, নয়ডা, গুরুগ্রাম, আহমেদাবাদ এবং পুনের মতো বড়ো শহরগুলো প্রতি বছর দেশ-বিদেশ থেকে বিপুলসংখ্যক অভিবাসীদের আকর্ষণ করে। কমিটি এই সমস্ত নগর কেন্দ্রগুলোতে আইনি ও বেআইনি উভয় ধরনের অভিবাসনের ধরনগুলো বিশদভাবে খতিয়ে দেখবে, কারণ অনিয়ন্ত্রিত জনবিস্ফোরণ স্থানীয় কর্মসংস্থান, আইন-শৃঙ্খলা পরিস্থিতি, জনসেবা এবং নাগরিক অবকাঠামোর ওপর অতিরিক্ত চাপ সৃষ্টি করছে।(রেডিও টুডে ওয়েব পেজ: ১৬.০৬.২০২৬ এলিনা)

## রাশিয়ায় ৫ বাংলাদেশি নিখোঁজ, ছড়িয়ে পড়েছে মৃত্যুর খবর

উন্নত জীবনের আশায় রাশিয়ায় গিয়ে নিখোঁজ রয়েছেন জামালপুরের মাদারগঞ্জ ও টাঙ্গাইলের গোপালপুর উপজেলার পাঁচ যুবক। সম্প্রতি সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়া অডিও রেকর্ডকে কেন্দ্র করে রুশ-ইউক্রেন যুদ্ধক্ষেত্রে ড্রোন হামলায় তাদের মৃত্যুর খবর ছড়িয়ে পড়েছে। তবে নির্ভরযোগ্য কোনো সূত্রে এই মৃত্যুর খবর এখনও নিশ্চিত হওয়া যায়নি। স্বজনদের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন থাকায় পরিবারগুলোতে চলছে চরম উৎকণ্ঠা ও আহাজারি। এদিকে, রাশিয়া-ইউক্রেন যুদ্ধে এখন পর্যন্ত কত বাংলাদেশি মারা গেছে, তার প্রকৃত সংখ্যা জানা যায়নি। তবে গত মার্চ মাসে ফর্টিফাই রাইটস ও ট্রুথ হাউন্ডস নামে দুটি আন্তর্জাতিক মানবাধিকার সংগঠন জানায়, এ পর্যন্ত ১০৪ বাংলাদেশি রাশিয়া-ইউক্রেন যুদ্ধে জড়িয়েছে। আর এই যুদ্ধে গত ফেব্রুয়ারি পর্যন্ত প্রাণ হারিয়েছে ৩৪ বাংলাদেশি। সংশ্লিষ্টদের ধারণা, প্রকৃত সংখ্যা আরও বেশি। এদিকে বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত খবর অনুযায়ী, রাশিয়ার হয়ে যুদ্ধে গিয়ে এ পর্যন্ত ৩৭ জন বাংলাদেশি প্রাণ হারিয়েছেন। সর্বশেষ জামালপুরের মাদারগঞ্জ ও টাঙ্গাইলের গোপালপুর উপজেলার পাঁচজন নিহতের তথ্য যুক্ত করলে এই সংখ্যা দাঁড়ায় ৪২-এ। (রেডিও টুডে ওয়েব পেজ: ১৬.০৬.২০২৬ এলিনা)

## একনেকে চীনা অর্থনৈতিক অঞ্চল প্রকল্প অনুমোদন

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় বহুল আলোচিত চীনা অর্থনৈতিক অঞ্চল প্রকল্পের অনুমোদন দেওয়া হয়েছে। মঙ্গলবার (১৬ জুন) সকালে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর কার্যালয়ের জনপ্রশাসন সভাকক্ষে এই সভা হয়। একনেক সভায় মোট

৫টি প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। সবশেষ গত ৯ জুন একনেক সভা অনুষ্ঠিত হয়। ওই সভায় দেশের অবকাঠামো, স্বাস্থ্য, প্রযুক্তি ও জ্বালানি খাতের উন্নয়নের লক্ষ্যে নতুন ও সংশোধিত মিলিয়ে মোট ১২টি প্রকল্প অনুমোদনের জন্য তোলা হয়েছিল। সেখান থেকে ১০টি প্রকল্পের অনুমোদন দেওয়া হয়।
(রেডিও টুডে ওয়েব পেজ: ১৬.০৬.২০২৬ এলিনা)

## অর্থনীতিবিদ বারকাতের জামিন, কারামুক্তিতে বাধা নেই

জুলাই আন্দোলনে রাজধানীর নীলক্ষেতে ব্যবসায়ী আব্দুল ওয়াদুদ হত্যা মামলায় অর্থনীতিবিদ অধ্যাপক আবুল বারকাতের জামিন দিয়েছেন ঢাকার একটি আদালত। মঙ্গলবার (১৬ জুন) ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মোহাম্মদ মোস্তাফিজুর রহমানের আদালত তার এ জামিন মঞ্জুর করেন। রাষ্ট্রপক্ষের আইনজীবী প্রসিকিউটর মুহাম্মদ শামছুদ্দোহা সুমন এতথ্য নিশ্চিত করেন। গত রোববার এ মামলায় আবুল বারকাতকে গ্রেফতার দেখানো হয়। তার আইনজীবী জামিন চেয়ে আবেদন করলে সোমবার শুনানি দিন ধার্য করেন আদালত। সেদিন জামিন আবেদন করলে মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কামাল উদ্দীনের আদালত তার জামিন নামঞ্জুর করেন। এরপর আজ মঙ্গলবার দুপুরে আবার জামিন চেয়ে আবেদন করেন আইনজীবীরা। পরে আদালত ৫ হাজার টাকা মুচলেকায় পুলিশ রিপোর্ট পর্যন্ত জামিন আবেদন মঞ্জুর করেন। (রেডিও টুডে ওয়েব পেজ: ১৬.০৬.২০২৬ এলিনা)

## কারিকুলামসহ শিক্ষার ৪ স্তম্ভে আমূল পরিবর্তনের ঘোষণা

প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ শিক্ষা ব্যবস্থার টেকসই উন্নয়নের জন্য চারটি মূল স্তম্ভ এবং একটি নতুন উপাদানের কথা উল্লেখ করেছেন। তিনি বলেন, কারিকুলামের আধুনিকায়ন, শিক্ষকদের মানোন্নয়ন, জলবায়ু সহনশীল অবকাঠামো, স্ট্রিমসমূহের এলাইমেন্ট (সমন্বয়), প্রযুক্তির সংযোজনের (এআই ও ফিউচার জবস) ওপর গুরুত্বারোপ করেন। আজ ঢাকায় র্যাডিসন ব্লু হোটেলে 'ক্যামব্রিজ ইন্টারন্যাশনাল এডুকেশন' আয়োজিত ক্যামব্রিজ প্রেস অ্যান্ড অ্যাসেসমেন্ট বাংলাদেশ লিমিটেড, লঞ্চ ইভেন্ট ২০২৬ অনুষ্ঠানে এসব কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, দায়িত্ব গ্রহণের মাত্র চার মাসের মধ্যেই দেশের শিক্ষা ব্যবস্থার জন্য একটি সুস্পষ্ট ও দীর্ঘমেয়াদি ভিশন নির্ধারণ করেছে বর্তমান সরকার। এই ভিশনের কেন্দ্রবিন্দুতে রয়েছে বিশ্বমানের নাগরিক তৈরি, দক্ষ মানবসম্পদ গড়ে তোলা এবং শিক্ষাকে কর্মমুখী ও প্রযুক্তিনির্ভর করে তোলা। প্রতিমন্ত্রী আরও বলেন, বর্তমানে দেশে ২৭টিরও বেশি শিক্ষা ধারা বিদ্যমান। এসব ধারার শিক্ষার্থীদের জন্য একটি অভিন্ন ন্যূনতম মানদণ্ড নিশ্চিত করতে হবে, যাতে মাদ্রাসা, বাংলা মাধ্যম, ইংরেজি মাধ্যম কিংবা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা মৌলিক জ্ঞান ও দক্ষতায় সমমানের সুযোগ পায়। শিক্ষকদের গুরুত্ব তুলে ধরে ববি হাজ্জাজ বলেন, চাকা ছাড়া যেমন গাড়ি চলতে পারে না, তেমনি শিক্ষক ছাড়াও কোনো শিক্ষাব্যবস্থা চলতে পারে না। তিনি জানান, দেশের বিপুলসংখ্যক শিক্ষকের জন্য বিশ্বমানের প্রশিক্ষণ নিশ্চিতে ক্যামব্রিজের শিক্ষক প্রশিক্ষণ কর্মসূচি ও অন্যান্য আন্তর্জাতিক অভিজ্ঞতা কাজে লাগানোর বিষয়ে আলোচনা চলছে। এ সময় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ব্রিটিশ হাইকমিশন, ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।
(রেডিও টুডে ওয়েব পেজ: ১৬.০৬.২০২৬ এলিনা)

## একনেকে সাত হাজার কোটি টাকার ৫ প্রকল্প অনুমোদন

দেশের বন্যা নিয়ন্ত্রণ, নদীভাঙন রোধ এবং কারিগরি শিক্ষার প্রসারে বড়ো বরাদ্দের অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। মঙ্গলবার (১৬ জুন) সকালে সচিবালয়ের মন্ত্রিপরিষদ কক্ষে অনুষ্ঠিত সভায় মোট সাত হাজার তিন কোটি ৩৬ লাখ টাকা ব্যয় সম্বলিত পাঁচটি উন্নয়ন প্রকল্প অনুমোদন করা হয়। প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপার্সন তারেক রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় অনুমোদিত বরাদ্দের মধ্যে তিনটি সম্পূর্ণ নতুন এবং দুটি সংশোধিত প্রকল্প রয়েছে। এর মধ্যে সরকারের নিজস্ব তহবিল থেকে চার হাজার ৫৩৬ কোটি ১০ লাখ টাকা এবং প্রকল্প ঋণ হিসেবে বৈদেশিক উৎস থেকে দুই হাজার ৪৬৭ কোটি ২৬ লাখ টাকার জোগান দেওয়া হবে। সভায় অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর, পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান, শিল্প, বস্ত্র ও পাট এবং বাণিজ্য মন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির, সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রী শেখ রবিউল আলম, স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ, শিক্ষা ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন, পানিসম্পদ মন্ত্রী মো. শহীদউদ্দীন চৌধুরী এ্যানি এবং পরিকল্পনা প্রতিমন্ত্রী মো. জোনায়েদ আব্দুর রহিম সাকিসহ সরকারের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। অনুমোদিত প্রকল্পগুলোর মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীনে একটি বিশেষ অবকাঠামো উন্নয়ন প্রকল্প রয়েছে, যার নাম 'সাপোর্টিং ইনফ্রাস্ট্রাকচার প্রজেক্ট ফর চাইনিজ ইকোনমিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল জোন'। এছাড়া পানিসম্পদ মন্ত্রণালয়ের অধীনে তিনটি বড়ো প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। এগুলো হলো- ফেনী জেলাধীন মুহুরী-কহুয়া বন্যা নিয়ন্ত্রণ, নিষ্কাশন ও সেচ প্রকল্পের পুনর্বাসন (প্রথম পর্যায়) প্রকল্প, করতোয়া নদী সিস্টেম উন্নয়ন প্রকল্প এবং পদ্মা নদীর ভাঙন হতে কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলাধীন তালবাড়িয়া এবং কুমারখালী উপজেলাধীন শিলাইদহ ইউনিয়নের কোমরকান্দি এলাকা রক্ষা (প্রথম সংশোধিত) প্রকল্প। পাশাপাশি দেশে কারিগরি শিক্ষার প্রসারে শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে '১০০টি উপজেলায় একটি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন (তৃতীয় সংশোধিত)' প্রকল্পটিও আজকের সভায় চূড়ান্ত অনুমোদন পায়। এই পাঁচটি প্রধান প্রকল্পের

পাশাপাশি সভায় পরিকল্পনামন্ত্রীর মাধ্যমে এর আগে অনুমোদিত ৫০ কোটি টাকার কম ব্যয় সম্বলিত আরও চারটি প্রকল্প সম্পর্কে একনেক কমিটিকে আনুষ্ঠানিকভাবে অবহিত করা হয়েছে। এই প্রকল্পগুলোর মধ্যে রয়েছে- বাংলাদেশ বিমান বাহিনী ঘাঁটি কক্সবাজারে বিমানসেনা ব্যারাক কমপ্লেক্স নির্মাণ প্রকল্প, নৌবাহিনী স্কুল অ্যান্ড কলেজ সাভার স্থাপন প্রকল্প, বাংলাদেশ বিমান বাহিনী স্টেশন শমসেরনগর বিদ্যমান বিএএফ শাহীন কলেজের শিক্ষার মান উন্নয়ন ও শিক্ষাদান সক্ষমতা বৃদ্ধির জন্য ভৌত অবকাঠামো নির্মাণ প্রকল্প এবং প্যাগোডাভিত্তিক প্রাক-প্রাথমিক ও ত্রিপিটক শিক্ষা কার্যক্রম চতুর্থ পর্যায় প্রকল্প।(রেডিও টুডে ওয়েব পেজ: ১৬.০৬.২০২৬ এলিনা)

## সীমান্তে 'পুশ-ইন' চেষ্টা ব্যর্থ, চুয়াডাঙ্গায় সাত স্তরের নজরদারি

দেশের তিন জেলা- জয়পুরহাট, চুয়াডাঙ্গা ও চাঁপাইনবাবগঞ্জ সীমান্তে অবৈধভাবে বাংলাদেশে 'পুশ-ইন' আলাদা তিনটি চেষ্টা ব্যর্থ করে দিয়েছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। স্থানীয় গ্রামবাসীদের সহায়তায় বিজিবির কঠোর প্রতিরোধের মুখে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ 'পুশ-ইনের' শিকার ব্যক্তিদের ফিরিয়ে নিতে বাধ্য হয়। চুয়াডাঙ্গা সীমান্তে বিএসএফের এমন অপতৎপরতা রুখতে এবং সীমান্ত সুরক্ষায় সাত স্তরের বিশেষ নজরদারি চালু করা হয়েছে। জয়পুরহাটে বৃদ্ধকে 'পুশ-ইনের' চেষ্টা জয়পুরহাটের পাঁচবিবি উপজেলার ধরঞ্জি ইউনিয়নের হাটখোলা সীমান্তে সোমবার এক ভারতীয় বৃদ্ধকে বাংলাদেশে 'পুশ-ইনের' চেষ্টা করে বিএসএফ। তবে বিজিবি সদস্যরা স্থানীয়দের সহায়তায় তাৎক্ষণিক প্রতিরোধ গড়ে তোলায় সেই চেষ্টা ব্যর্থ হয়। বিজিবি ও স্থানীয় সূত্রে জানা গেছে, সোমবার সকাল ৮টার দিকে হাটখোলা সীমান্তের ২৭৯ নম্বর প্রধান পিলারের ২০ ও ২১ নম্বর উপপিলার এলাকা দিয়ে ওই বৃদ্ধকে ঠেলে দেওয়ার চেষ্টা করে বিএসএফ। বিজিবির বাধায় বিএসএফ ওই বৃদ্ধকে সীমান্তের শূন্যরেখায় বসিয়ে রাখে। এ নিয়ে দিনভর সীমান্ত এলাকায় উত্তেজনাকর পরিস্থিতি বিরাজ করে। অবশেষে রাত ৯টার দিকে ভারতের মথরাপুর ক্যাম্পের বিএসএফ সদস্যরা ওই বৃদ্ধকে নিজেদের অভ্যন্তরে ফিরিয়ে নিয়ে যায়। বর্তমানে পরিস্থিতি স্বাভাবিক থাকলেও ওই এলাকায় বিজিবি ও স্থানীয়দের সতর্ক অবস্থান বাড়ানো হয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৬.০৬.২০২৬ আসাদ)

## তারেক রহমান বাংলাদেশের জন্য 'আশার আলো' : সাইমন ড্যানজাক

বাংলাদেশের রাজনৈতিক ভবিষ্যৎ নিয়ে আশাবাদ প্রকাশ করেছেন সাবেক ব্রিটিশ এমপি ও রাজনৈতিক বিশ্লেষক সাইমন ড্যানজাক। বলেছেন, বর্তমান প্রধানমন্ত্রী তারেক রহমান বাংলদেশের জন্য আশার আলো। সম্প্রতি এক গণমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে তিনি বাংলাদেশের বর্তমান রাজনৈতিক পরিস্থিতি এবং যুক্তরাজ্য-বাংলাদেশ সম্পর্ক নিয়ে নিজের মতামত তুলে ধরেন। সাক্ষাৎকারে তিনি বলেন, গত ১৫ বছরে বাংলাদেশের মানুষ নানা ধরনের রাজনৈতিক ও সামাজিক চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছে। তার মতে, তারেক রহমান দেশের নেতৃত্বে থাকলে ইতিবাচক পরিবর্তন আসতে পারে এবং দেশের উন্নয়নে ভূমিকা রাখতে পারবেন। যুক্তরাজ্যের বর্তমান প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার-এর সরকারেরও সমালোচনা করেন সাইমন ড্যানজাক। তিনি দাবি করেন, সাবেক ব্রিটিশ মন্ত্রী টিউলিপ সিদ্দিক যুক্তরাজ্য সরকারের সঙ্গে যুক্ত থাকায় বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে যুক্তরাজ্যের সম্পর্ক ঘনিষ্ঠ ছিল এবং সুবিধা পেয়েছে। ড্যানজাক আরও বলেন, যুক্তরাজ্যের বর্তমান সরকারের ওপর রাজনৈতিক চাপ রয়েছে এবং দেশটির নেতৃত্বে পরিবর্তন আসতে পারে। একইসঙ্গে তিনি মন্তব্য করেন যে, নেতৃত্বে পবিবর্তন এলে দুই দেশের রাজনৈতিক পরিস্থিতিতে পরিবর্তনের ফলে ভবিষ্যতে বাংলাদেশ ও যুক্তরাজ্যের মধ্যে নতুনভাবে সহযোগিতা ও সুসম্পর্ক গড়ে ওঠার সুযোগ সৃষ্টি হতে পারে। তিনি আশা প্রকাশ করে বলেন, আগামী দিনে দুই দেশের মধ্যে কূটনৈতিক ও রাজনৈতিক সম্পর্ক আরও জোরদার হবে এবং পারস্পরিক সহযোগিতার নতুন ক্ষেত্র তৈরি হবে। তবে সাক্ষাৎকারে দেওয়া এসব মন্তব্য সাইমন ড্যানজাকের ব্যক্তিগত রাজনৈতিক মূল্যায়ন ও মতামত।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৬.০৬.২০২৬ আসাদ)

# BBC

## 'IRAN WANTS TO GET IT DONE', TRUMP TELLS REPORTERS AT G7 SUMMIT

US President Donald Trump has been speaking with UAE President Sheikh Mohammed bin Zayed at the G7 Summit in France. Asked what he expects from the second stage of negotiations, Trump says he thinks "it's going to happen fairly on time". "Iran wants to get it done, they have to get back to business," he tells reporters. Asked why there's been no release of the text so far, he replies saying he wants "to get a formal setting first". Elaborating, he continues: "Iran will never have a nuclear weapon, that's what it says... That's about 99.9 percent of what I wanted." He says the Strait of Hormuz is going to be opened "toll free", including beyond the 60-day time period.
(BBC News Web Page: 16/06/26, FARUK)

## SEVEN VESSELS HAVE TRANSITED OUT OF STRAIT OF HORMUZ SINCE DEAL ANNOUNCED

Vessel traffic leaving the Gulf and passing through the Strait of Hormuz remains low since the announcement of a deal to end the conflict on Sunday, ship-tracking data on Marine Traffic shows. BBC Verify has identified only seven vessels, three tankers and four cargo ships, transiting the waterway and exiting into the Gulf of Oman over that period. According to maritime intelligence firm Windward, one liquefied petroleum gas tanker transited without broadcasting its location, the other six ships exited with their trackers active. LNG tanker Disha was reportedly the first transit to the start with its location transponders on. The ship has now sailed into the Arabian sea and is currently heading to Dahej port in India's Gujarat state, according to the Indian authorities. (BBC News Web Page: 16/06/26, FARUK)

**IRAN DEAL PRESENTS POLITICAL NIGHTMARE FOR NETANYAHU**

The US ceasefire agreement with Iran has presented Israel's prime minister with a political nightmare, smashing the three cornerstones of Benjamin Netanyahu's political career, and leaving him trapped in a new security dilemma. The options facing Netanyahu now are not good. They were summarized by the opposition leader, Yair Lapid, in the Knesset on Monday as "either a direct and destructive confrontation with our greatest ally, or a submissive surrender of Israeli interests". The expletive-laden assessment by US President Donald Trump that Netanyahu showed no judgement when ordering a strike on Beirut on Sunday has been seized upon by his political rivals and media commentators, already focused on the election that must be held before the end of October.

(BBC News Web Page: 16/06/26, FARUK)

**EIGHT DEAD AFTER US AIR FORCE B-52 BOMBER CRASHES IN CALIFORNIA**

Eight people, including two Boeing employees, have been killed after a US Air Force B-52 bomber crashed immediately after take-off from Edwards Air Force Base in southern California. The incident occurred at 11:20 local time on Monday while the aircraft had been on a routine test mission. The crash sent a huge plume of black smoke into the air that could be seen for miles. "Today, Edwards Air Force Base experienced a terrible tragedy, and we lost eight great Americans," Col James Hayes said, describing them as a "mixed crew of military, government civilians and government contractors". The base earlier said that initial indications were that the crash "was not survivable".

(BBC News Web Page: 16/06/26, FARUK)

**INDIA TEMPORARILY BANS TELEGRAM OVER EXAM PAPER LEAK CONCERNS**

India has temporarily blocked the Telegram app over concerns it may be used for cheating, days before a crucial medical entrance exam is set to be reheld. Millions of students will retake the National Eligiblity cum Entrance Test - Undergraduate (NEET-UG) on 21 June after the exam held in May was cancelled over allegations of a paper leak. But internet users and rights activists have criticized the ban, calling it a "band-aid solution" to tackle a much larger problem of exam fraud. The platform was still available to users in India hours after the government's announcement, and it is not clear yet how the curb will be enforced.

(BBC News Web Page: 16/06/26, FARUK)

**DR CONGO MEDICS MARK RARE EBOLA RECOVERY WITH SONG AND DANCE**

Survivors who have so far recovered from the rare Bundibugyo species of Ebola are bringing hope to health-care workers and other response teams scrambling to bring the outbreak under control. The WHO says they have still not caught up. The BBC was at one of the worst affected provinces of Ituri in north-east DR Congo and filed this report from Mongbwalu. (BBC News Web Page: 16/06/26, FARUK)

**TRUMP MAY RELEASE US-IRAN DEAL BEFORE FRIDAY: VANCE**

Donald Trump may decide to release a preliminary deal to end the war with Iran before Friday, US Vice-President JD Vance says, after the US president said the agreement had already been signed. Vance has described the memorandum of understanding (MOU) between the US and Iran as "about a Page and a half" and a "very general" document. Senior US officials have also begun giving some details about the deal, briefing that the Strait of Hormuz would re-open on Friday - the same day the deal is formally inked in Geneva. Iran's Foreign Minister Seyed Abbas Araghchi confirmed a new round of negotiations on reaching a final peace deal with the US would begin in Switzerland the same day. It comes as Trump attends the G7 summit in France, which will on Tuesday host a special session about Iran attended by the leaders of Egypt, Qatar and the United Arab Emirates. (BBC News Web Page: 16/06/26, FARUK)

**:: THE END ::**